BANGLADESH JOURNAL OF POLITICAL ECONOMY

VOLUME 23 NUMBERS I & 2
2006

মোঃ মোয়াজ্জেম হোসেন খান
দারিদ্র হ্রাস কৌশল পত্র – বাংলাদেশের দারিদ্র্যদূরীকরণের আরও একটি ব্যর্থ প্রয়াস

Md Abdul Wadud
In Search of a Self-Reliant Poverty Reduction Policy for Bangladesh

A.N.K.Noman
Implementation of Poverty Reduction Strategies (PRS) in Bangladesh: Some Comments

Md. Farid Uddin Khan
Economic Growth and Income Inequality in Bangladesh

মোঃ মোয়াজ্জেম হোসেন খান
ট্রানজিট ও অর্থনৈতিক উন্নয়ন ঃ প্রেক্ষিত দক্ষিণ এশিয়া

Tarequl Hasan, M. Chowdhury
Nitai C. Nag
Floating Exchange Rates in the Developing World: The Bangladesh Context

Abul Kalam Azad
Export of Port Services and Private Port in Chittagong

Ataul Karim Chowdhury
Globalization of Maritime Commerce: The Rise of Hub & Mega Ports The Importance of Chittagong

মু. সিকান্দার খান
হালদার মৎস্যক্ষেত্র ঃ বিপর্যয়েরমধ্যে একটি বৈশ্বিক উত্তরাধিকার

মুহাম্মদ আনোয়ার-ল ইসলাম
সমুদ্র সম্পদে চট্টগ্রামঃ অর্থনৈতিক ব্যবহারে সমস্যা ওসম্ভাবনা

Mohammed A. Rab
Institutional Framework for Halda Fisheries: Drawing Lessons from CBFM Experiences

মনছুর এম. ওয়াই চৌধুরী
মাছের প্রাকৃতিক প্রজনন ঃ "হালদা" সমস্যা ও পরিত্রাণ

Zahirul Alam
Local Resources of Chittagong Hill Tracts Present Status and Prospects

Mohammad Altaf-Ul-Alam
Government Expenditure Composition-Impacts on Growth of the Economy

মামুন আবদুল্লাহ
বাংলাদেশের শিপ ব্রেকিং: সম্ভবনা আছে, নেই সম্প্রসারণের সদিচ্ছা

A S M Anwarul Huq
Shamsul Alam
Integration of Potato Markets in Bangladesh : A Cointegration Analysis

Dhiman K. Chowdhury
Competition and its Diverse Meanings: A Search for a Synthesis

বাংলাদেশ অর্থনীতি সমিতি
Bangladesh Economic Association

Bangladesh Journal of Political Economy

VOLUME 23, NUMBERS 1 & 2, 2006

Qazi Kholiquzzaman Ahmad
Editor

Bangladesh Economic Association
4/C, Eskaton Garden Road, Dhaka-1000
Phone : 9345996, Fax : 880-2-9345996
E-mail : becoa@bdlink.com

বাংলাদেশ জার্নাল অফ পলিটিক্যাল ইকনমি

ত্রয়বিংশ খণ্ড, সংখ্যা ১ ও ২, ২০০৬

সম্পাদক

ড. কাজী খলীকুজ্জমান আহমদ

সম্পাদনা উপদেষ্টা কমিটি

প্রফেসর অর্মত্য সেন
প্রফেসর নুরুল ইসলাম
প্রফেসর মুশাররফ হোসেন
প্রফেসর রেহমান সোবহান
প্রফেসর মুজাফফর আহমেদ
প্রফেসর মুহাম্মদ ইউনূস
ড. স্বদেশ রঞ্জন বোস
প্রফেসর ওয়াহিদউদ্দিন মাহমুদ
প্রফেসর হাফিজ জি এ সিদ্দিক

সম্পাদনা পরিষদ

ড. কাজী খলীকুজ্জমান আহমদ	কার্যকরী সম্পাদক
প্রফেসর এম.এ. সাত্তার মন্ডল	সদস্য, সম্পাদনা পরিষদ
প্রফেসর সৈয়দ আব্‌দুল হাই	সদস্য, সম্পাদনা পরিষদ
প্রফেসর আবুল বারকাত	সদস্য, সম্পাদনা পরিষদ
প্রফেসর আশরাফ উদ্দিন চৌধুরী	সদস্য, সম্পাদনা পরিষদ
প্রফেসর আইয়ুবুর রহমান ভূঁঞা	সদস্য, সম্পাদনা পরিষদ
ড. তৌফিক আহমদ চৌধূরী	সদস্য, সম্পাদনা পরিষদ

বাংলাদেশ অর্থনীতি সমিতি

৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
টেলিফোন ঃ ৯৩৪৫৯৯৬, ফ্যাক্স : ৮৮০-২-৯৩৪৫৯৯৬
ই-মেইল : becoa@bdlink.com

Bangladesh Journal of Political Economy

VOLUME 23, NUMBERS 1 & 2, 2006

Editor
Dr. Qazi Kholiquzzaman Ahmad

Editorial Advisory Board
Professor Amartya Sen
Professor Nurul Islam
Professor Mosharaff Hossain
Professor Rehman Sobhan
Professor Muzaffer Ahmad
Professor Muhammad Yunus
Dr. S. R. Bose
Professor Wahiduddin Mahmud
Professor Hafiz G A Sadique

Editorial Board

Dr. Qazi Kholiquzzaman Ahmad	Editor
Professor M. A. Sattar Mandal	Member
Professor Sayed Abdul Hye	Member
Professor Abul Barkat	Member
Professor Ashraf Uddin Chowdhury	Member
Professor Ayubur Rahman Bhuiyan	Member
Dr. Toufic Ahmad Choudhury	Member

Bangladesh Economic Association

- Bangladesh Journal of Political Economy is published by the Bangladesh Economic Association.
- No responsibility for the views expressed by the authors of articles published in the Bangladesh Journal of Political Economy is assumed by the Editors or the Publisher.
- Bangladesh Economic Association gratefully acknowledges the financial assistance provided by the Goverment of the People's Republic of Bangladesh towards publication of this volume.
- The price of this volume is Tk. 200, US $ 15 (foreign). Subscription may be sent to the Bangladesh Journal of Political Economy, c/o, Bangladesh Economic Association, 4/C, Eskaton Garden Road, Dhaka-1000. Telephone: 9345996. E-mail : becoa@bdlink.com Members and students certified by their concerned respective institutions (college, university departments) may obtain the Journal at 50% discount.

Cover design by:
Syed Asrarul Haque (Shopen)

Printed by:
Agami Printing & Publishing Co.
25/3 Green Road, Dhanmondi
Dhaka-1205, Phone: 8612819

BEA Executive Committee 2004-2006

President
Qazi Kholiquzzaman Ahmad

Vice- Presidents
M.A. Sattar Bhuyan
M. A. Sattar Mandal
Sayed Abdul Hye
Md. Zahirul Islam Sikder
Jyoti Prakash Dutta

General Secretary
Abul Barkat

Treasurer
Jamaluddin Ahmed

Joint Secretary
Md. Mostafizur Rahman Sarder

Assistant Secretary
Md. Sadiqur Rahman Bhuiyan
A. Z. M. Saleh
Md. Main Uddin

Members
A.K.M. Shameem
Ashraf Uddin Chowdhury
Toufic Ahmad Choudhury
Kaniz Nazma Siddique
Shamima Akhtar
Masih Malik Chowdhury
Badrul Munir
M. Moazzem Hossain Khan
Md. Nurul Haque
Narayan Chandra Nath
Shafiqur Rahaman Khan
Mahtab Ali Rashidi

Preface

This volume (volume 23) includes papers presented at the regional conferences held in Chittagong and Rajshahi in April and July 2006 respectively. The usual review and modification processes were followed for the articles included in this volume. In addition, four articles submitted for publication in the journal have also been accepted by the Editorial Board after review and modifications made as required. The articles cover different aspects of the conference themes and other issues and together should make the volume very interesting.

Let me sincerely thank the authors, the reviewers and the members of the Editorial Board. Their efforts and cooperation are deeply appreciated.

(Qazi Kholiquzzaman Ahmad)
President, Bangladesh Economic Association
Editor, Bangladesh Journal of Political Economy

বাংলাদেশ অর্থনীতি সমিতির ষান্মাসিক জার্নাল Bangladesh Journal of Political Economy *প্রকাশনার নীতিমালা*

১। অর্থনীতির বিভিন্ন শাখায় তাত্ত্বিক এবং প্রায়োগিক বিষয়ে প্রবন্ধ প্রণয়ন করার জন্য প্রবন্ধকারদেরকে অনুরোধ জানানো হবে। ইংরেজী এবং বাংলা উভয় ভাষায় রচিত প্রবন্ধ জার্নালের জন্য গ্রহণ করা হবে।

২। Initial screening নির্বাহী সম্পাদকের এখতিয়ারভুক্ত থাকবে, তবে প্রয়োজনবোধে সম্পাদনা পরিষদের অন্য সদস্যদের সহায়তা তিনি নেবেন। নির্ধারিত format মোতাবেক সংশোধনের জন্য এই পর্যায়ে প্রাথমিক ভাবে short-listed প্রবন্ধসমূহ প্রবন্ধকারের কাছে প্রেরণ করা হবে।

৩। অভ্যন্তরীণ reviewer সাধারণতঃ সম্পাদনা পরিষদের সদস্যদের মধ্য থেকেই মনোনীত হবেন। বহিঃস্থ reviewer সম্পাদনা পরিষদের সিদ্ধান্তক্রমে প্রবন্ধের বিষয়ের ভিত্তিতে সম্পাদনা পরিষদের বাইরে থেকে মনোনীত হবেন, তবে তিনি দেশের অভ্যন্তরে বা বিদেশে অবস্থান করতে পারেন। সম্পাদনা উপদেষ্টা কমিটির সকল সদস্য reviewer হতে পারবেন। তৃতীয় reviewer প্রয়োজন হলে সম্পাদনা পরিষদের বাইরে থেকে মনোনীত করা হবে।

৪। ক) সমিতির দ্বিবার্ষিক কনফারেন্সে উপস্থাপিত প্রবন্ধগুলো referral প্রক্রিয়ার মাধ্যমে জার্নালের জন্য বিবেচিত হবে।

খ) বিভিন্ন সময়ে সমিতি কর্তৃক আয়োজিত সেমিনারে পঠিত আমন্ত্রিত প্রবন্ধসমূহ জার্নালের সম্পাদনা পরিষদের অনুমোদনক্রমে জার্নালে প্রকাশ করা যেতে পারে।

৫। অর্থনীতি সমিতির সদস্য এবং সদস্য-বহির্ভূত যে কোন আগ্রহী প্রার্থী জার্নালের গ্রাহক হতে পারবেন। তবে সদস্যদের ক্ষেত্রে গ্রাহক ফি (subscription fee) পঞ্চাশ শতাংশ রেয়াত দেয়া হবে।

৬। জার্নালের footnoting এবং writing style এতদ্‌সঙ্গে সংযোজিত হলো (জার্নালের শেষাংশ)।

৭। দেশের অভ্যন্তরে অবস্থানকারী উপদেষ্টা কমিটির সদস্যদেরকে বছরে দু'বার সম্পাদনা পরিষদের সভায় আমন্ত্রণ জানানো হবে।

৮। ক) তিনটি কোটেশন সংগ্রহ করে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তক্রমে মুদ্রক প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

খ) প্রথম proof প্রেস দেখবে, পরবর্তীতে floppy তে প্রবন্ধকার ফাইনাল proof দেখে দেবেন।

Bangladesh Journal of Political Economy
VOLUME 23, NUMBERS 1 & 2, 2006

Contents

1. দারিদ্র্য হ্রাস কৌশল পত্র – বাংলাদেশের দারিদ্র্য দূরীকরণের আরও একটি ব্যর্থ প্রয়াস — 1
মোঃ মোয়াজ্জেম হোসেন খান

2. In Search of a Self-Reliant Poverty Reduction Policy for Bangladesh — 31
Md Abdul Wadud

3. Implementation of Poverty Reduction Strategies (PRS) in Bangladesh: Some Comments — 41
A.N.K.Noman

4. Economic Growth and Income Inequality in Bangladesh — 51
Md. Farid Uddin Khan

5. ট্রানজিট ও অর্থনৈতিক উন্নয়ন ঃ প্রেক্ষিত দক্ষিণ এশিয়া — 65
মোঃ মোয়াজ্জেম হোসেন খান

6. Floating Exchange Rates in the Developing World: The Bangladesh Context — 77
Tarequl Hasan, M. Chowdhury
Nitai C. Nag

7. Export of Port Services and Private Port in Chittagong — 95
Abul Kalam Azad

8. Globalization of Maritime Commerce: The Rise of Hub & Mega Ports and The Importance of Chittagong — 105
Ataul Karim Chowdhury

9. হালদার মৎস্যক্ষেত্র ঃ বিপর্যয়ের মুখে একটি বৈশ্বিক উত্তরাধিকার — 113
মু. সিকান্দার খান

10. সমুদ্র সম্পদে চট্টগ্রামঃ অর্থনৈতিক ব্যবহারে সমস্যা ও সম্ভাবনা 125
মুহাম্মদ আনোয়ারুল ইসলাম

11. Institutional Framework for Halda Fisheries: Drawing Lessons from CBFM Experiences 133
Mohammed A. Rab

12. মাছের প্রাকৃতিক প্রজনন ঃ "হালদা" সমস্যা ও পরিত্রাণ 149
মনছুর এম. ওয়াই চৌধুরী

13. Local Resources of Chittagong Hill Tracts Present Status and Prospects 153
Zahirul Alam

14. Government Expenditure Composition-Impacts on Growth of the Economy 165
Mohammad Altaf-Ul-Alam

15. বাংলাদেশের শিপ ব্রেকিং: সম্ভাবনা আছে, নেই সম্প্রসারণের সদিচ্ছা 179
মামুন আবদুললাহ

16. Integration of Potato Markets in Bangladesh : A Cointegration Analysis 185
A S M Anwarul Huq
Shamsul Alam

17. Competition and its Diverse Meanings: A Search for a Synthesis 197
Dhiman K. Chowdhury

দারিদ্র্য হ্রাস কৌশল পত্র – বাংলাদেশের দারিদ্র্য দূরীকরণের আরও একটি ব্যর্থ প্রয়াস

মোঃ মোয়াজ্জেম হোসেন খান*

সারসংক্ষেপ

আলোচ্য প্রবন্ধে বিশ্ব ব্যাংক ও বাংলাদেশ সরকারের দারিদ্র্য হ্রাস কৌশল পত্র (Poverty Reduction Strategy Paper বা পিআরএসপি) ও আমাদের দেশের দারিদ্র্য বিমোচনে এর সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়েছে। আর তা করতে গিয়ে প্রবন্ধের প্রথমাংশে দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের ধারণা এবং বাংলাদেশের বিদ্যমান দারিদ্র্য পরিস্থিতির একটি বিশে-ষণ উপস্থাপন করা হয়েছে। প্রবন্ধের পরবর্তী অংশে দারিদ্র্য নির্মূলে পরিকল্পিত অর্থনীতির গুর"ত্ব এবং এক্ষেত্রে দারিদ্র্য হ্রাস কৌশল পত্র যে পরিকল্পিত অর্থনীতির বিকল্প হতে পারে না সে বিষয়ে আলোকপাত করা হয়েছে। আর অবশেষে দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের অসারতা ও করণীয় সম্পর্কে লেখকের বক্তব্য উপস্থাপনের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে।

ভূমিকা

বিগত শতাব্দীর সত্তর ও আশির দশকে সমাজতান্ত্রিক দেশসমূহের সংকট এবং সোভিয়েত ইউনিয়নসহ পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক দেশগুলোর ভাঙ্গনকে (যার জন্যে সাম্রাজ্যবাদী দেশগুলোর ষড়যন্ত্র ও বৈরীতাই মূলতঃ দায়ী) পুঁজি করে সাম্রাজ্যবাদী দেশসমূহ এবং তাদের নিয়ন্ত্রিত বিশ্ব ব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের মত সাম্রাজ্যবাদী সংস্থাগুলো আবারও নব্য-উদারবাদী অর্থনীতির মোড়কে যুগ যুগ আগের বস্তা পঁচা মুক্ত বাজার অর্থনীতির মৌলবাদী দর্শন নিয়ে সরব হয়ে ওঠে। তাদের এ দর্শন তারা গিল্‌তে বাধ্য করে সাম্রাজ্যবাদের তাবেদার সরকারগুলোকে। পূর্ব ইউরোপের দেশগুলোকেও তারা ঋণের টোপ দিয়ে এ দর্শন গিলাতে সমর্থ হয়, যদিও এক্ষেত্রে একমাত্র ব্যতীক্রমী দেশ ছিল বেলারুশ প্রজাতন্ত্র। ওদিকে চীন ও ভিয়েতনামও এ দর্শনকে পুরোপুরি গ্রহণ করে নি। মালয়েশিয়াও বিশ্ব ব্যাংকের পরামর্শকে বৃদ্ধাঙ্গুলী প্রদর্শন করেছে। আর সম্ভবতঃ সেকারনেই ১৯৯৭ এর পূর্ব এশীয় সংকট থেকে চীন, ভিয়েতনাম ও মালয়েশিয়া নিজেদেরকে মুক্ত রাখতে সক্ষম হয়েছিল। অন্যদিকে পূর্ব ইউরোপে বেলারুশও অনেকটা সংকটমুক্ত রাখতে পেড়েছে নিজেকে। ভারত অনেক দেরীতে অর্থ্যাৎ নব্বই এর দশকের শুরুতে উদারবাদী দর্শন গ্রহণ করলেও বিশ্ব ব্যাংকের পরামর্শ মানে নি। যেকারণে অব্যাহতভাবে এগিয়েছে, উন্নতি করেছে। স্বল্পোন্নত অন্যান্য দেশসমূহকে বিশ্ব ব্যাংক ঋণের শর্ত হিসেবে এ দর্শনকে (নব্য-উদারবাদী) গিল্‌তে দস্তুরমত বাধ্য করেছে। ফল যা হবার তা-

* অধ্যাপক অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

ই হয়েছে। সাম্রাজ্যবাদী দেশসমূহের প্রাক্তণ উপনিবেশ এ সকল স্বল্পোন্নত দেশ বর্তমানে তাদের নব্য উপনিবেশে পরিণত হয়েছে। নব্য-উদারবাদী এ দর্শন সবচেয়ে বেশী ব্যর্থতার পরিচয় দিয়েছে সম্ভবতঃ লেটিন আমেরিকার দেশগুলোতে। যে কারণে সেখানে নিয়মতান্ত্রিক নির্বাচনের মাধ্যমে বামপন্থীরা (সমাজতন্ত্রীরা) একের পর এক দেশে ক্ষমতাসীন হচ্ছে। ইতোমধ্যেই ভেনিজুয়েলা, ব্রাজিল, উরুগুয়ে, বলিভিয়া, চিলি ও আর্জেন্টিনায় তাঁরা ক্ষমতায় এসেছে। ১৯৭৫ এর ১৫-ই আগষ্ট বাংলাদেশের রাষ্ট্রপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যা করে সাম্রাজ্যবাদীরা আমাদের দেশেও তাদের নব্য-উদারবাদী দর্শন বাস্তবায়নে হাত দেয়। বিরাষ্ট্রীয়করণ, মৌলিক চাহিদা পূরণ, কাঠামোগত সংস্কার, দারিদ্র্য দূরীকরণ এবং সবশেষে দারিদ্র্য হ্রাস কৌশল পত্র ইত্যাদি নানান অভিধায় ও নামে তারা তাদের এ দর্শন বাস্তবায়ন করে যাচ্ছে। সাম্রাজ্যবাদী সংস্থা বিশ্ব ব্যাংকের সকল শর্ত ও পরামর্শ প্রতিপালন করতে গিয়ে বর্তমান জোট সরকার ইতোমধ্যেই আমাদের দেশকে এক ব্যর্থ রাষ্ট্রে পরিণত করে ফেলেছে। রাজনীতি, অর্থনীতি ও সমাজ আজ সম্পূর্ণরূপে দুর্বৃত্তায়ীত। গরীব মানুষের আয় বাড়ে নি অথচ ব্যয় বেড়েছে কয়েক গুণ। এমতাবস্থায়, দারিদ্র্য দূরীকরণ স্বপ্নই থেকে গেছে। বেড়েছে ধন বৈষম্য। এমনতো হবার কথা ছিল না। আমাদের স্বাধীনতার লক্ষ্য ছিল দারিদ্র্যমুক্ত এবং সমতাধর্মী এক সমাজ প্রতিষ্ঠা করা। কেন এমন হল? কেনই বা আমরা পারলাম না? আলোচ্য প্রবন্ধে আমরা উপরোক্ত প্রশ্নসমূহের উত্তর খোঁজার চেষ্টা করেছি।

লক্ষ্য ও উদ্দেশ্য

আলোচ্য প্রবন্ধের প্রধান লক্ষ্য হচ্ছে উন্নয়নশীল বিশ্বের দেশসমূহে বিশেষ করে বাংলাদেশে সাম্রাজ্যবাদের মুখপাত্র বিশ্ব ব্যাংক নিয়ন্ত্রিত দারিদ্র্য হ্রাসের নামে প্রবর্তিত দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের মুখোশ উন্মোচন করা। আর এ লক্ষ্যকে সম্মুখে রেখে আমরা নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ নির্ধারণ করেছি ঃ

১। বাংলাদেশের দারিদ্র্য সমস্যা ও তার নিরসনে দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের অসারতা প্রমাণ করা;
২। পরিকল্পিত অর্থনীতির বিকল্প হিসেবে দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের অকার্যকারিতা সম্পর্কে আমাদের যুক্তি তুলে ধরা ;
৩। সবশেষে আমাদের দেশের দারিদ্র্য নির্মূলে কি করা উচিত সেসম্পর্কে প্রয়োজনীয় সুপারিশমালা উপস্থাপন করা।

পদ্ধতি ও তথ্য

আলোচ্য প্রবন্ধে ব্যবহৃত তথ্যসমূহ মূলতঃ প্রকাশিত উৎস থেকে নেয়া হয়েছে যার মধ্যে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা গ্রন্থের বিভিন্ন সংখ্যা উল্লেখযোগ্য। তা'ছাড়া বিশ্ব ব্যাংক ও বাংলাদেশ সরকারের দারিদ্র্য হ্রাস কৌশল পত্র গ্রন্থ এবং বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকীসহ বিভিন্ন সাময়িকী ও দৈনিকে প্রকাশিত এ সম্পর্কিত নিবন্ধ ও প্রবন্ধেরও সহায়তা গ্রহণ করা হয়েছে।

দারিদ্র্য হ্রাস কৌশল পত্র ও বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতি

সাম্রাজ্যবাদী সংস্থা বিশ্ব ব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিল বিশ্বের স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশগুলোকে এবার সাহায্য প্রাপ্তির প্রধান শর্ত হিসেবে দারিদ্র্য হ্রাস কৌশল পত্র প্রণয়ন করতে বলেছে (১২, পৃঃ

১১১; ১৫, ০৫ ঃ ০৩ ঃ ০৬)। তবে গোড়ার দিকে তারা কাজটি শুরু করে চরম দরিদ্র ও ঋণগ্রস্থ দেশগুলোকে দিয়ে। বিগত শতাব্দীর শেষ দিকে বিশেষ করে নব্বইয়ের দশকে তারা এ দেশগুলোর সম্মুখে ঋণ মওকুফের মূলো ঝুলিয়ে দেয়। কিন্তু এমনি এমনি তারা ঋণ মওকুফ করতে রাজি হয় নি। এর সাথে তথাকথিত দারিদ্র্য হ্রাস কৌশলপত্র তৈরীর শর্ত জুরে দেয়। প্রথম দিকে তারা আমাদের দেশকে ঋণ মওকুফের সুবিধা দিতে রাজি হয় নি। কারণ তাদের মতে, বাংলাদেশ চরম ঋণগ্রস্ত দেশ নয়। বাংলাদেশও এ ব্যাপারে তেমন কোন উদ্যোগ গ্রহণ করে নি। ১৯৯৯ সালে এসে দেখা গেল যে, স্বল্পোন্নত ও উন্নয়নশীল নির্বিশেষে সকল দেশের ক্ষেত্রেই সাহায্য বা ঋণ প্রাপ্তির শর্ত হিসেবে দারিদ্র্য হ্রাস কৌশল পত্র প্রণয়ন বাধ্যতামূলক করা হয়। ওদিকে ২০০০ সালের ডিসেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদ এর ৫৫-তম অধিবেশনে বিশ্বের স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশগুলোর জন্যে সহাস্রাব্দ উন্নয়ন লক্ষ্য বা মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল স্থির করে যার মূল কথা হচ্ছে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও দারিদ্র্য বিমোচন। ২০১৫ সালের মধ্যে বিশ্বে দারিদ্র্যের হার অর্ধেকে নামিয়ে আনার কথা উল্লেখ করা হয়েছে এ সংক্রান্ত জাতিসংঘের ঘোষণায়। এ রকম এক পেক্ষাপটে বাংলাদেশ ২০০০ সালের ডিসেম্বরেই অন্তর্বর্তীকালীন দারিদ্র্য হ্রাস কৌশল পত্র প্রণয়নে উদ্যোগী হয়। ২০০২ সালের এপ্রিল নাগাদ খসড়া দারিদ্র্য হ্রাস কৌশল পত্র রচনা এবং ঐ বছরের ডিসেম্বরে তা চূড়ান্ত করা হয়। আর ২০০৩ সালের জুলাই থেকে এর আওতায় একটি তিন বছর মেয়াদী দারিদ্র্য হ্রাস কর্মসূচী বাস্তবায়ন শুরু করে। একই সময়ে পূর্ণাঙ্গ দারিদ্র্য হ্রাস কৌশল পত্র প্রণয়নের কাজ চলতে থাকে এবং ২০০৪ সালের ডিসেম্বরে তা শেষ হয়। ২০০৫ সালের অক্টোবর নাগাদ পূর্ণাঙ্গ দারিদ্র্য হ্রাস কৌশল পত্র চূড়ান্ত করা হয় এবং ২০০৬ সালের জানুয়ারীতে বিশ্ব ব্যাংক তা অনুমোদন করে। পূর্ণাঙ্গ এ কর্মসূচীর নাম দেয়া হয়েছে Unlocking the Potential: National Strategy for Accelerated Poverty Reduction, অর্থ্যাৎ সম্ভাবনার দ্বার উন্মোচন ঃ দারিদ্র্য হ্রাসের গতি সঞ্চারি জাতীয় কৌশল।

জাতিসংঘ ঘোষিত সহাস্রাব্দের লক্ষ্যসমূহের আলোকে বাংলাদেশের দারিদ্র্য হ্রাস কৌশল পত্রে আগামী ২০১৫ সালের মধ্যে অর্জনের জন্যে নিম্নে উল্লিখিত লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে ঃ

১। *ক্ষুধা, দীর্ঘস্থায়ী খাদ্য নিরাপত্তাহীনতা ও চরম দারিদ্র্যের মূলোৎপাটন করে দেশকে দারিদ্র্যমুক্ত করা ;*
২। *দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী মানুষের অনুপাত অর্ধেকে (৫০%) নামিয়ে আনা ;*
৩। *সকল বালক-বালিকার জন্যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন করা ;*
৪। *প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় লিঙ্গ বৈষম্য দূর করা ;*
৫। *শিশু ও পাঁচ বছরের নীচের বাঁচ্চাদের মৃত্যু হার ৬৫% হ্রাস করা এবং শিশু মৃত্যুর ক্ষেত্রে লিঙ্গ বৈষম্য দূর করা ;*
৬। *অপুষ্টিতে আক্রান্ড় শিশুদের অনুপাত অর্ধেকে (৫০%) নামিয়ে আনা এবং এক্ষেত্রে বিদ্যমান লিঙ্গ বৈষম্য দূর করা ;*
৭। *মাতৃ মৃত্যুর হার ৭৫% হ্রাস করা ;*
৮। *পুনর"ৎপাদনজনিত স্বাস্থ্য সেবা সবার জন্য প্রাপ্তিযোগ্য করা ;*
৯। *দরিদ্র এবং সুবিধাবঞ্চিতদের বিশেষ করে নারী ও শিশুদের বির"দ্ধে সহিংসতা পুরোপুরি বন্ধ করতে না পারলেও উলে-খযোগ্যভাবে হ্রাস করা ;*
১০। *সুসমন্বিত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা ও পরিবেশগত ভারসাম্য নিশ্চিত করা এবং জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় এগুলোকে অন্ড়র্ভুক্ত করা।*

উপরোক্ত লক্ষ্যসমূহ বাস্তবায়নের জন্যে যেসকল লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় তা সারণী-১ এর মাধ্যমে উপস্থাপন করা হলো। সারণীর তথ্য থেকে দেখা যাচ্ছে যে, আয় দারিদ্র্য ১৯৯০ এর ৫৯% (৫০%) এবং ভিত্তি বছর ২০০২ এর ৫০% (৪০%) থেকে হ্রাস পেয়ে ২০১৫ সালে ২৫% (২০%) এ গিয়ে দাঁড়াবে। আর ১৯৯০ – ২০০২ এবং ২০০২ – ২০১৫ সময়কালে বার্ষিক আয় দারিদ্র্য হ্রাসের হার হচ্ছে যথাক্রমে – ১.৫(–১.৯%) ও –৩.৩% (–৩.৩%)। অন্যদিকে চরম দারিদ্র্যের হার ১৯৯০ ও ২০০০ এর যথাক্রমে ২৮% ও ১৯% থেকে হ্রাস পেয়ে ৯.৫% এ গিয়ে ঠেকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়েছে, অর্থাৎ বার্ষিক – ৩.৩% হারে চরম দারিদ্র্য হ্রাস পাবে বলে ধরা হয়েছে। বয়স্ক সাক্ষরতার হার ২০০২ এর ৪৯.৬% থেকে বার্ষিক ৬.৩% হারে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে গিয়ে ৯০% এ ঠেকবে। প্রাথমিক শিক্ষায় নিবন্ধীকরণের হার ২০১৫ সালে ১০০% হবে বলে লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে তা ২০০২ এর ৫২.৮% থেকে বার্ষিক ৬.১% হারে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে গিয়ে ৯৫% এ দাঁড়াবে। শিশু মৃত্যুর হার ১৯৯০ এর প্রতি হাজারে ৯৪ এর স্থলে ২০১৫ সালে মাত্র ১৮ এ গিয়ে ঠেকবে। আর পাঁচ বছরের নিচের শিশুদের ক্ষেত্রে অনুরূপ অংকগুলো হবে যথাক্রমে ১০৮ ও ২৫। অপরদিকে মাতৃ মৃত্যুর হার ১৯৯০ এর প্রতি লাখে ৫৫৪ থেকে বার্ষিক – ৫.৮% হারে হ্রাস পেয়ে ২০১৫ সালে মাত্র ৯৮ জনে গিয়ে ঠেকবে। গড় আয়ু বৃদ্ধি পেয়ে ১৯৯০ এর ৫৬ বছর থেকে ২০১৫ সালে ৭৩ বছর হবে বলে ধরা হয়েছে। সবশেষে কম ওজনের শিশুর হার ১৯৯০ এর ৬৭% থেকে কমে ২০১৫ সালে ২৬% হবে বলে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

সারণী ১ : বাংলাদেশ সরকারের দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের প্রধান লক্ষ্যসমূহ অর্জনের জন্যে প্রস্তাবিত লক্ষ্যমাত্রাসমূহ, ১৯৯০ – ২০১৫ সময়ে

সূচকসমূহ	১৯৯০	২০০২ ভিত্তি বছর	১৯৯০–২০০২ সময়ে বার্ষিক	২০১৫	২০০২–২০১৫ সময়ে বার্ষিক অগ্রগতি, %
১	২	৩	৪	৫	৬
১। আয় দারিদ্র্য (%)	৫৯ (৫০)	৫০* (৪০)	-১.৫ (-১.৯)	২৫ (২০)	- ৩.৩ ৩.৩)
২। চরম দারিদ্র্য (%)	২৮	১৯*	- ৩.২	৯.৫	- ৩.৩
৩। বয়স্ক সাক্ষরতা (%)	৩৫	৪৯.৬	৩.৫	৯০	৬.৩
৪। প্রাথমিক পর্যায়ে নিবন্ধীকরণ (%)	৫৬	৮৬.৭	৪.৬	১০০	১.২
৫। মাধ্যমিক পর্যায়ে নিবন্ধীকরণ (%)	২৮	৫২.৮	৭.৪	৯৫	৬.১
৬। শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে)	৯৪	৫৩	- ৩.৬	১৮	- ৫.১
৭। পাঁচ বছরের নীচে মৃত্যু হার (প্রতি হাজারে)	১০৮	৭৬	- ২.৫	২৫	- ৫.২
৮। মাতৃ মৃত্যু হার (প্রতি লাখে)	৫৫৪	৩৯০	- ২.৫	৯৮	- ৫.৮
৯। গড় আয়ু (বছর)	৫৬	৬৪.৯	১.৩	৭৩	১.০
১০। জনসংখ্যা প্রবৃদ্ধি (%)	২.১	১.৪	-	১.৩	-
১১। কম ওজনের শিশুর হার (%)	৬৭	৫১*	- ২.৪	২৬	- ৩.৩

* ২০০০ সালের তথ্য। বন্ধনীর মধ্যের তথ্য বিকল্প হিসেবের তথ্য।

উৎসঃ ৭, পৃঃ ১৯০ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

বর্তমান সরকারের দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের উপরোক্ত লক্ষ্যসমূহ ও লক্ষ্যমাত্রাগুলোর উপরে কোন রকম মন্তব্য করার পূর্বে আমরা নিম্নে বাংলাদেশের বিদ্যমান দারিদ্র্য পরিস্থিতির একটি বস্তুনিষ্ঠ বিশ্লেষণ উপস্থাপন করবো ।

দারিদ্র্যের সংজ্ঞা নিয়ে অর্থনীতিবিদদের মধ্যে যথেষ্ট পার্থক্য রয়েছে (৬) । পুঁজিবাদের সমর্থক অর্থনীতিবিদরা দারিদ্র্য পরিমাপের জন্যে কতগুলো স্থুল সূচক ব্যবহার করে থাকেন, যেমন– মাথাপিছু আয়, মাথাপিছু ক্যালরী গ্রহণ, সাক্ষরতার হার, প্রাথমিক স্বাস্থ্য সেবার প্রাপ্তি ইত্যাদি । আসলে এটা হচ্ছে দারিদ্র্যকে আড়াল করারই একটা অপচেষ্টা । কারণ দেশের সব আয়কে মানুষের সংখ্যা দিয়ে ভাগ করে যে আয় পাওয়া যায় তাতে সর্বহারা, ভূমিহীন ও কর্মবঞ্চিত মানুষের কিছু যায় আসে না । আবার নির্দিষ্ট পরিমাণ ক্যালরীর নীচে গ্রহণ করলেই দারিদ্র্য বা চরম দরিদ্র্য বলা হচ্ছে । প্রশ্ন হচ্ছে সেটা কত নীচে হবে? শূন্য পর্যন্ত হবে নাকি ১ এ এসে শেষ হবে । অন্যান্য সূচকের ক্ষেত্রেও এ রকম প্রশ্ন করা যায় । অপরদিকে সমাজতন্ত্রের সমর্থক অর্থনীতিবিদরা মনে করেন যে, মানুষের মৌলিক অধিকার হচ্ছে মোট ছয়টি ঃ খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থান । আর সেজন্যেই সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলো সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে মানুষের এ মৌলিক অধিকারগুলো স্বল্পতম সময়ের মধ্যে বাস্তবায়ন করে থাকে । জাতিসংঘ ১৯৮৫ সাল পর্যন্ত তিনটি জিনিসকে (খাদ্য, বস্ত্র, বাসস্থান) মানুষের মৌলিক চাহিদা বা অধিকার হিসেবে স্বীকৃতি দিলেও ঐ বছর এর সাথে আরও দু'টি অধিকারের (শিক্ষা ও স্বাস্থ্য) স্বীকৃতি দেয় । আসলে কিন্তু দেয় নি । কারণ সমাজতান্ত্রিক দেশগুলোর চাপে স্বীকৃতি দিতে বাধ্য হলেও পুঁজিবাদী ধারায় এগুলোর বাস্তবায়ন কখনই সম্ভব নয় । আর অন্যটি যা বাকীগুলোর বাস্তবায়নে নিয়মকী ভূমিকা রাখে, অর্থাৎ কর্মসংস্থান এর নিশ্চয়তা দেয়া পুঁজিবাদী ব্যবস্থায় কখনই সম্ভব নয় তা সে মার্কিন যুক্ত রাষ্ট্রই (প্রায় ৬% মানুষ বেকার) হোক, ফ্রান্সই (প্রায় ২০% মানুষ কর্মহীন, অভিবাসীদের মধ্যে প্রায় ৫০%) হোক, বা জাপানই (প্রায় ৭% মানুষ কর্মহীন) হোক । আজ পর্যন্ত পৃথিবীতে কোনও পুঁজিবাদী দেশ নিজেকে বেকারত্বমুক্ত দেশ হিসেবে ঘোষণা দিতে পারেনি এবং ভবিষ্যতেও পারবে না । অতএব, আমরা বলতে পারি যে, বেকারত্ব যেখানে থাকবে দারিদ্র্যও সেখানে অবশ্যাম্ভাবীভাবে থাকবে । সুতরাং আমাদের মতে, দারিদ্র্য হচ্ছে এমন এক অবস্থা যেখানে মানুষ তার ছয়টি মৌলিক অধিকার বা চাহিদা ঃ খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থান থেকে বঞ্চিত থাকে ।

আমাদের দেশেও দারিদ্র্য পরিমাপের ক্ষেত্রে উপরে বর্ণিত স্থুল পদ্ধতিগুলোই ব্যবহার করা হয়ে থাকে । বর্তমানে বাংলাদেশে আয় দারিদ্র্য (income poverty) ও মানব দারিদ্র্য (human poverty) এ দু'ভাবে দারিদ্র্যকে পরিমাপ করা হয়ে থাকে । আয় পদ্ধতিতে মাথাপিছু আয় ও ব্যয় এবং জমির মালিকানার মত বিষয়গুলোকে বিবেচনা করা হয় এবং মানব দারিদ্র্যের ক্ষেত্রে শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টির মত বিষয়গুলোকে প্রধান্য দেয়া হয় । উভয় পদ্ধতিই জরিপের উপর নির্ভরশীল । আর সেকারণে প্রাপ্ত ফলাফলের গ্রহণযোগ্যতা অনেকটাই সীমিত বা প্রশ্নবিদ্ধ হতে বাধ্য । বাংলাদেশে সর্ব প্রথম খানা ব্যয় জরিপ করা হয় ১৯৭৩ – ৭৪ সালে (১) । এরই ধারাবাহিকতায় পরবর্তীতে আরও কয়েকটি জরিপ পরিচালিত হয় । সর্বশেষ খানা আয়-ব্যয় জরিপ চালানো হয় ২০০০ সালে । উল্লেখ্য যে, ২০০০ সালের পূর্বে খানা জরিপে শুধু ব্যয় সংক্রান্ত উপাত্ত সংগ্রহ করা হত । ১৯৯১ – ৯২ পর্যন্ত পরিচালিত খানা ব্যয় জরিপে দেশের দারিদ্র্য পরিমাপের জন্য খাদ্য শক্তি গ্রহণ (food energy intake বা FEI) এবং প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ (direct calorie intake বা DCI) পদ্ধতি অনুসরণ করা হতো । দারিদ্র্য পরিমাপে জনপ্রতি প্রতিদিন ২১২২ কিলো ক্যালরীর নীচে খাদ্য গ্রহণকে অনপেক্ষ দারিদ্র্যসীমা

(absolute poverty line) এবং ১৮০৫ কিলো ক্যালরীর নীচে খাদ্য গ্রহণকে চরম দারিদ্র্যসীমা (hard-core poverty line) হিসেবে গণ্য করা হয়। ১৯৯৫ – ৯৬ সালে পরিচালিত খানা জরিপে প্রথমবারের মত মৌলিক চাহিদা ব্যয় (cost of basic needs বা CBN) পদ্ধতি ব্যবহৃত হয়। এ পদ্ধতিতে দারিদ্র্যসীমা পরিমাপে খাদ্য-বহির্ভূত (non-food) ভোগ্য পণ্যও অন্তর্ভূক্ত করা হয়। ২০০০ সালের জরিপে একই পদ্ধতি অনুসরণ করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সাধারণতঃ প্রতি চার বছর পর পর খানা জরিপ চালিয়ে দারিদ্র্য পরিস্থিতি নির্ণয় করে থাকে। তবে ১৯৯৪ সাল থেকে বাৎসরিক ভিত্তিতে দারিদ্র্যাবস্থা পরিবীক্ষণের জন্যে দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ (poverty monitoring survey বা PMS) চালু করা হয়। ২০০৪ সালের মার্চে সর্বশেষ দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ চালানো হয়। এ জরিপে খাদ্য শক্তি গ্রহণ এবং প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ এ দু'টি পদ্ধতিই ব্যবহার করা হয়। এতে শহর ও পল্লী অঞ্চলের জন্য পৃথক দারিদ্র্যসীমা নির্ধারণ করা হয় ঃ খাদ্য ও খাদ্য বহির্ভূত ভোগ্য পণ্যের চাহিদার ভিত্তিতে শহর অঞ্চলের জন্য জনপ্রতি মাসিক মোট ব্যয় ৯০৫.৯০ টাকা এবং পল্লী অঞ্চলের জন্য জনপ্রতি মাসিক মোট ব্যয় ৫৯৪.৬০ টাকা ধরে দারিদ্র্যসীমা নির্ধারণ করা হয়েছে। নিম্নে আমরা এ জরিপের আলোকে প্রাপ্ত বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির সর্বশেষ চিত্র উপস্থাপন করবো।

সারণী ২ : খাদ্য শক্তি গ্রহণ এবং প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ পদ্ধতিতে বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির তুলনামূলক চিত্র, ১৯৯৯ – ২০০৪ সময়ে

অঞ্চল	পদ্ধতি			
	খাদ্যশক্তি গ্রহণ, মাথা গণনার হার (%)		প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ, মাথা গণনা হার (%)	
	১৯৯৯	২০০৪	১৯৯৯	২০০৪
১	২	৩	৪	৫
১। পল্লী	৪৪.৯	৪৩.৩	৪৫.৬	৪০.১
২। শহর	৪৩.৩	৩৭.৯	৪৯.৯	৪৩.৬
৩। জাতীয়	৪৪.৭	৪২.১	৪৬.২	৪০.৯

উৎসঃ ১, ২ ও ৩, পৃঃ ১৬৫, ১৫৬ ও ১৪০ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

সারণী – ২ এ উপস্থাপিত তথ্য থেকে দেখা যাচ্ছে যে, ১৯৯৯ থেকে ২০০৪ এ পাঁচ বছরের ব্যবধানে খাদ্য শক্তি গ্রহণ ও প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ উভয় পদ্ধতিতেই বাংলাদেশের দারিদ্র্য কিছুটা হ্রাস পেয়েছে। তবে প্রথম পদ্ধতি (২.৬%) অপেক্ষা দ্বিতীয় পদ্ধতিতে (৫.৩%) একটু বেশী কমেছে বলে প্রতীয়মান হচ্ছে। অঞ্চল ভেদেও দেখা যাচ্ছে প্রবণতা একই, অর্থাৎ শক্তি গ্রহণ পদ্ধতিতে পল্লী অঞ্চলে এ সময়ে দারিদ্র্য কমেছে যেখানে ১.৬%, সেখানে প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ পদ্ধতিতে হ্রাস পেয়েছে ৫.৫%। আর শহর অঞ্চলের ক্ষেত্রে অনুরূপ অংকগুলো হচ্ছে যথাক্রমে ৫.৪% ও ৬.৩%। লক্ষ্যনীয় যে, উভয় পদ্ধতিতেই উক্ত সময়ে পল্লী অঞ্চলের তুলনায় শহরাঞ্চলে দারিদ্র্য হ্রাসের হার একটু বেশী। সার্বিকভাবে বলা যায় যে, গড়ে বার্ষিক কম-বেশী ১% হারে দারিদ্র্য কমেছে। তবে আপেক্ষিক অংকে সামান্য হ্রাস পেলেও প্রকৃতপক্ষে মোট দরিদ্র মানুষের সংখ্যা এ সময়ে বৃদ্ধি পেয়েছে। আমাদের হিসেবে খাদ্য শক্তি গ্রহণ পদ্ধতিতে এ সময়ে দরিদ্রদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে ৩.০৭ মিঃ (২০০৪ ঃ (১৪০০.৪২১) = ৫৮.৯৪ – ১৯৯৯ ঃ (১২৫০.৪৪৭) = ৫৫.৮৭); আর ক্যালরী গ্রহণ পদ্ধতিতে প্রায় অপরিবর্তীত

থেকেছে ঃ –০.৪৯ মিঃ (২০০৪ ঃ (১৪০০.৪০৯) = ৫৭.২৬ – ১৯৯৯ ঃ (১২৫০.৪৬২) = ৫৭.৭৫)। এ তো গেল প্রথম দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী দরিদ্রদের চিত্র। দ্বিতীয় দারিদ্র্য সীমার নীচে বসবাসকারী দরিদ্রদের সংখ্যাও এখনও উল্লেখ করার মতই। ২০০৪ সালে ২৫.১৮ মিঃ (১৮.৭%) মানুষ চরম দারিদ্র্যের শিকার ছিল (সারণী – ৩)।

সারণী ৩ : প্রত্যক্ষ ক্যালরী গ্রহণ পদ্ধতিতে বাংলাদেশের চরম দারিদ্র্য পরিস্থিতির চিত্র, ১৯৯৯-২০০৪ সময়ে %

ক্যালরীর পরিমাণ, কিলো ক্যালরী	অঞ্চল	বছর	
		১৯৯৯	২০০৪
১	২	৩	৪
১৮০৫	১। পল্লী	২৪.৫	১৮.২
	২। শহর	২৭.৩	২০.৮
	৩। জাতীয়	২৪.৯	১৮.৭

উৎসঃ ১, ২ ও ৩, পৃঃ ১৬৫, ১৫৬ ও ১৪০ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

সারণী ৪ : বাংলাদেশে দারিদ্র্যের গভীরতা ও দরিদ্র জনগোষ্ঠির মধ্যে বিদ্যমান বৈষম্যের চিত্র, ১৯৯৯ – ২০০৪ সময়ে

অঞ্চল	বছর			
	১৯৯৯	২০০৪	১৯৯৯	২০০৪
	দারিদ্র্য ব্যবধান	বর্গকৃত দারিদ্র্য ব্যবধান	দারিদ্র্য ব্যবধান	বর্গকৃত দারিদ্র্য ব্যবধান
১	২	৩	৪	৫
১। পল্লী১১.১	৪.০	১০.৯	৩.৮	
২। শহর১১.২	৪.২	১১.১	৪.৫	
৩। জাতীয়	১১.১	৪.১	১০.৯	৩.৯

উৎসঃ ১, ২ ও ৩ পৃঃ ১৬৫, ১৫৬ ও ১৪০ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

এক্ষেত্রে আবার বৈষম্য পরিলক্ষিত হচ্ছে, অর্থাৎ ঐ বছর শহর এলাকায় যেখানে ২০.৮% মানুষ চরম দারিদ্র্যের মধ্যে বসবাস করতো, সেখানে পল্লী এলাকায় একটু কম ১৮.২% মানুষ অনুরূপ অবস্থার শিকার ছিল। মজার ব্যাপার হচ্ছে এই যে, পল্লী, শহর ও জাতীয় তিন ক্ষেত্রেই ১৯৯৯ এর তুলনায় ২০০৪ সালে প্রায় ছয় শতাংশ হারে চরম দারিদ্র্য হ্রাস পেয়েছে ঃ যথাক্রমে ৬.২%, ৬.৫% ও ৬.৩% হারে, অর্থাৎ বার্ষিক এক শতাংশের মত চরম দারিদ্র্য কমেছে বলে প্রতিয়মান হচ্ছে। অপরদিকে সারণী – ৪ এ উপস্থাপিত তথ্য থেকে আমরা দেখতে পাচ্ছি যে, দারিদ্র্যের গভীরতা ও দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বিদ্যমান বৈষম্য খুব সামন্যই হ্রাস পেয়েছে। দারিদ্র্য ব্যবধান মূলতঃ দারিদ্র্যরেখা থেকে দরিদ্র জনগোষ্ঠীর গড় দূরত্ব ও দারিদ্র্যের গভীরতা পরিমাপ করে। আর বর্গকৃত দারিদ্র্য ব্যবধান সাধারণত ঃ দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বিদ্যমান বৈষম্য প্রকাশ করে। ১৯৯৯ সালে জাতীয় পর্যায়ে দারিদ্র্য ব্যবধান যেখানে ছিল ১১.১, সেখানে ২০০৪ সালে তা গিয়ে দাঁড়ায় ১০.৯ এ। শহর ও পল্লী অঞ্চলের ক্ষেত্রে

অনুরূপ অংকগুলো ছিল যথাক্রমে ১১.২ ও ১১.১; ৪.২ ও ৪.৫ এবং ১১.১ ও ১০.৯; ৪.০ ও ৩.৮। লক্ষ্যনীয় যে, একমাত্র শহরাঞ্চলের ক্ষেত্রে দারিদ্র্য বৈষম্য বরং কিছুটা বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির বিশ্লেষণে আর একটি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমরা মনে করি। আর তা হচ্ছে এই যে, বিশেষ দু'একটি এলাকায় এর কেন্দ্রীভূত হওয়া (সারণী – ৫)। সারণী – ৫ এর তথ্য বলছে যে, দারিদ্র্যর দিক থেকে রাজশাহী বিভাগ প্রথম স্থানে আছে। এখানে ২০০৪ সালে ৬১.৬% মানুষ দারিদ্র্যের শিকার ছিল। দারিদ্র্য ব্যবধান ও বর্গকৃত দারিদ্র্য ব্যবধানও এখানে সবচেয়ে

সারণী ৫ : বিভাগ ভিত্তিক বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির চিত্র, ২০০৪ সালে

বিভাগ	মাথা গণনার হার (%)	দারিদ্র্য ব্যবধান	বর্গকৃত দারিদ্র্য ব্যবধান
১	২	৩	৪
১। বরিশাল	৩৯.৩	১১.১	৪.৩
২। চট্টগ্রাম	৬৩.৩	০৮.১	২.৭
৩। ঢাকা	৩৩.০	০৭.৭	২.৬
৪। খুলনা	৪৬.৪	১১.৫	৪.১
৫। রাজশাহী	৬১.৬	১৮.১	৬.৯
৬। সিলেট	২৮.৪	০৮.০	২.৯
জাতীয়	৪২.১	১০.৯	৩.৯

উৎসঃ ১ ও ৩, পৃঃ ১৬৬ ও ১৪১ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

বেশী, যথাক্রমে ১৮.১ ও ৬.৯। দারিদ্র্যের দিক থেকে দ্বিতীয় স্থানে আছে খুলনা বিভাগ যার ক্ষেত্রে অনুরূপ অংকগুলো হচ্ছে যথাক্রমে ৪৬.৪%, ১১.৫ ও ৪.১। লক্ষ্যণীয় যে, এ দু'টি বিভাগের ক্ষেত্রেই সংশ্লিষ্ট সূচকগুলো জাতীয় অনুরূপ সূচকসমূহের বেশ উপরে অবস্থান করছে। আর বাকী চারটি বিভাগের ক্ষেত্রেই তা জাতীয় সূচকসমূহের নীচে অথবা কাছাকাছি অবস্থান করছে। আমাদের দেশের দারিদ্র্য পরিস্থিতির অনুধাবনে আর একটি জিনিষ অত্যন্ত সহায়ক বলে আমরা মনে করি। আর তা হচ্ছে

সারণী ৬ : ভূমির মালিকানার ভিত্তিতে বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির চিত্র, ২০০৪ সালে %

ভূমির মালিকানা, একরে	পল্লী	শহর	জাতীয়
১	২	৩	৪
১। ভূমিহীন	৫৭.৮০	৪৫.৫৩	৫১.৯৪
২। ছোট =১.৯৯	৪৫.৯৪	৩৮.৮৮	৪৪.৬২
৩। মাঝারী ২.০ – ৪.৯৯	২৮.৩৬	২১.৫৩	২৭.৩৫
৪। বড় ৫.০ +	২২.১১	০৯.০১	২০.০১
মোট	৪৩.৩	৩৭.৯	৪২.১

উৎসঃ ১ ও ৩, পৃঃ ১৬৬ ও ১৪১ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

এই যে, এখানে দারিদ্র্য প্রবণতা ও মালিকানাধীন ভূমির পরিমাণের মধ্যে অত্যন্ত ঋণাত্মক সম্পর্ক বিদ্যমান (সারণী – ৬)। সারণী – ৬ এর তথ্যে দেখা যাচ্ছে যে, বাংলাদেশে জাতীয় পর্যায়ে ভূমিহীনদের মধ্যে দারিদ্র্য প্রবণতা সবচেয়ে বেশী – ৫১.৯৪%। মালিকানাধীন ভূমির পরিমাণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট গ্রুপে দারিদ্র্যও হ্রাস পাচ্ছে। ছোট ভূমি মালিকদের মধ্যে, অর্থাৎ যাদের ভূমির পরিমাণ ১.৯৯ একর বা তার কম তাদের মধ্যে ৪৪.৬২% মানুষ দরিদ্র। আর ২ একর থেকে ৪.৯৯ একর পর্যন্ত ভূমি মালিকদের, অর্থাৎ মাঝারী মালিকদের ক্ষেত্রে অনুরূপ অংকটি হচ্ছে মাত্র ২৭.৩৫% এবং বড় মালিকদের, অর্থাৎ ৫ একর ও তার বেশী ভূমি মালিকদের মধ্যে মাত্র ২০.০১% মানুষ দরিদ্র। এ ক্ষেত্রে আবার পল্লী ও শহর এলাকার মধ্যে বৈষম্য বিদ্যমান। শহরের তুলনায় গ্রামে দারিদ্র্যের প্রবণতা অনেক বেশী।

মানব দারিদ্র্য পরিমাপের একটি পদ্ধতি হচ্ছে সাক্ষরতার হার। এক্ষেত্রেও বাংলাদেশের অবস্থা অত্যন্ত শোচনীয় (সারণী – ৭)। সারণী – ৭ এ উপস্থাপিত তথ্য বলছে যে, বাংলাদেশের অর্ধেকেরও বেশী মানুষ এখনও অক্ষরজ্ঞানহীন। বয়সভিত্তিক কাঠামো অনুযায়ী এক্ষেত্রে কিছুটা বৈষম্য বিদ্যমান। যেমন, ২০০১ সালে পাঁচ বছর ও তদূর্ধ্বের বয়সীদের মধ্যে যেখানে সাক্ষরতার হার ৪২.৫% ছিল, সেখানে সাত বছর ও তদূর্ধ্বের এবং পনের বছর ও তদূর্ধ্বের বয়সীদের ক্ষেত্রে অনুরূপ অংকগুলো ছিল যথাক্রমে

সারণী ৭ : বাংলাদেশে সাক্ষরতার চিত্র, ২০০১ – ২০০৪ সময়ে %

লিঙ্গ	সাক্ষরতা, ৫ বছর ও তদূর্ধ্ব		সাক্ষরতা, ৭ বছর ও তদূর্ধ্ব		সাক্ষরতা, ১৫ বছর ও তদূর্ধ্ব	
	আদমশুমারী	দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ	আদমশুমারী	দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ	আদমশুমারী	দারিদ্র্য পরিবীক্ষণ জরিপ
	২০০১	২০০৪	২০০১	২০০৪	২০০১	২০০৪
১	২	৩	৪	৫	৬	৭
১। মহিলা	৩৮.৩	৪০.৪	৪০.৮	৪২.৯	৪০.৮	৪৩.৩
২। পুরুষ	৪৬.৪	৪৮.৪	৪৯.৬	৫১.১	৫৩.৯	৫৫.০
৩। উভয়	৪২.৫	৪৪.৪	৪৫.৩	৪৭.০	৪৭.৫	৪৯.২

উৎসঃ ২, পৃঃ ১৬৮ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

৪৫.৩% ও ৪৭.৫%। তিন বছরের ব্যবধানে, অর্থাৎ ২০০৪ সাল নাগাদ সর্বক্ষেত্রে সাক্ষরতার হার বৃদ্ধি পেয়েছে মাত্র দু'শতাংশের মত। তার মানে বার্ষিক এক শতাংশেরও কম হারে সাক্ষরতা বাড়ছে। বয়সভিত্তিক ২০০৪ সালে সাক্ষরতার ক্ষেত্রে অনুরূপ অংকগুলো ছিল যথাক্রমে ৪৪.৪%, ৪৭.০% ও ৪৯.২%। সারণী – ৭ এর তথ্য থেকে আর একটি বিষয় পরিষ্কার যে, সাক্ষরতার ক্ষেত্রে আমাদের দেশে এখনও লিঙ্গ বৈষম্য বিদ্যমান। যেমন, ২০০১ সালে বয়সভিত্তিক মহিলাদের ক্ষেত্রে সাক্ষরতার হারগুলো ছির যথাক্রমে ৩৮.৩%, ৪০.৮% ও ৪০.৮%; আর পুরুষদের ক্ষেত্রে অনুরূপ অংকগুলো ছিল যথাক্রমে ৪৬.৪%, ৪৯.৬% ও ৫৩.৯%। এখানে পরিষ্কার দেখা যাচ্ছে যে, পুরুষরা সাক্ষরতার দিক দিয়ে মহিলাদের তুলনায় অনেকখানি এগিয়ে আছে এবং বয়স কাঠামোভিত্তিক এ ব্যবধান ক্রমান্বয় বৃদ্ধি পেয়েছে ঃ ২০০১ সালে পাঁচ ও তদূর্ধ্বের বয়সী পুরুষ ও মহিলাদের মধ্যে সাক্ষরতার হার যেখানে ছিল ৪৬.৪% ও ৩৮.৩%, সেখানে সাত বছর ও তদূর্ধ্বের এবং পনের বছর ও তদূর্ধ্বের বয়সী পুরুষ ও

মহিলাদের ক্ষেত্রে অনুরূপ অংকগুলো ছিল যথাক্রমে ৪৯.৬% ও ৪০.৮% এবং ৫৩.৯% ও ৪০.৮% । তার মানে দাঁড়াচ্ছে এই যে, প্রথম বয়স কাঠামোতে মহিলারা পুরুষদের চেয়ে ৮.১%, দ্বিতীয় বয়স কাঠামোতে ৮.৮% এবং তৃতীয় বয়স কাঠামোতে ১৩.১% পিছিয়ে আছে সাক্ষরতার দিক দিয়ে । মজার ব্যাপার হচ্ছে এই যে, প্রথম বয়স কাঠামোর তুলনায় দ্বিতীয় বয়স কাঠামোতে দুই শতাংশের মত মহিলা সাক্ষরতা বৃদ্ধির পর স্থির হয়ে গেছে, অর্থাৎ তৃতীয় বয়স কাঠামোতেও একই ছিল সাক্ষরতার হার । অপরদিকে পুরুষদের ক্ষেত্রে বয়স কাঠামোভিত্তিক সাক্ষরতার হার অব্যাহতভাবে বৃদ্ধি পেয়েছে । আবার তিন বছরের ব্যবধানে, অর্থাৎ ২০০৪ সালে এসেও প্রায় একই প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে এ ক্ষেত্রে । মহিলা সাক্ষরতার ক্ষেত্রে ২০০১ সালের তুলনায় ২০০৪ সালে প্রথম বয়স কাঠামোর চেয়ে দ্বিতীয় বয়স কাঠামোতে দুই শতাংশের মত সাক্ষরতা বৃদ্ধি পরিলক্ষিত হলেও তৃতীয় বয়স কাঠামোতে এসে প্রায় অপরিবর্তিই থেকে গেছে । আর পুরুষ সাক্ষরতার ক্ষেত্রে তা অব্যাহতভাবে বৃদ্ধি পেয়েছে উক্ত সময়ে । সুতরাং দেখা যাচ্ছে যে, বাংলাদেশের অধিকাংশ মানুষ এখনও শিক্ষা বঞ্চিত এবং এক্ষেত্রে মহিলারা সবচেয়ে বেশী বঞ্চনার শিকার ।

মানব দারিদ্র্য পরিমাপের আর একটি সূচক হচ্ছে চিকিৎসা সুবিধা বা স্বাস্থ্য সেবা । সারণী – ৮ এর তথ্য থেকে দেখা যাচ্ছে যে, বাংলাদেশে ১৯৯৯ – ২০০৪ সময়ে স্বাস্থ্য সেবার সার্বিক উন্নতি হয়েছে । যেমন, ১৯৯৯ সালে আমাদের দেশের মোট জনসংখ্যার ১৮.৪% অসুস্থ ছিল যা হ্রাস পেয়ে ২০০৪ সালে ১৫.৮% এ গিয়ে ঠেকে । দরিদ্র ও অদরিদ্র জনগোষ্ঠির ক্ষেত্রে ঐ অংকগুলো ছিল যথাক্রমে ১৭.৪% ও ১৫.৩% এবং ১৯.৩% ও ১৬.১% । তার মানে দরিদ্র–অদরিদ্র নির্বিশেষে বার্ষিক এক শতাংশের অনেক কম হারে অসুস্থ মানুষের সংখ্যা হ্রাস পেয়েছে । তবে এ ক্ষেত্রেও পল্লী ও শহারাঞ্চলের মধ্যে যথেষ্ট পার্থক্য বা বৈষম্য লক্ষ্যণীয় । শহরাঞ্চলে রোগীর অনুপাত পল্লী এলাকার তুলনায় কিছুটা কম হলেও ১৯৯৯ – ২০০৪ সময়ে তেমন কোনও পরিবর্তন হয় নি । আর পল্লী এলাকায় অসুস্থ মানুষের অনুপাতটা যেমন শহরাঞ্চলের চেয়ে কিছুটা বেশী, তেমনি উক্ত সময়ে তা হ্রাসের হারটাও কিছুটা বেশী । মজার ব্যাপার হচ্ছে এই যে, দরিদ্রদের চেয়ে অদরিদ্রদের মধ্যে অসুস্থ মানুষের অনুপাত বেশী এবং সর্বক্ষেত্রেই এটা সত্য । অথচ কে না জানে যে, আমাদের দেশের প্রায় দুই থেকে তিন কোটি মানুষ শুধু অন্ধত্ব ও যক্ষার শিকার যাদের শতকরা আশি ভাগেরও বেশী হচ্ছে দরিদ্ররা । আর্সেনিক ও অপুষ্টিজনিত অন্যান্য অসুস্থতার কথা না-ই বা বললাম । অতএব, যেমনটা ইতোমধ্যেই উপরে উল্লেখ করেছি যে, বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সমীক্ষা গ্রন্থের এ তথ্য নিয়ে সন্দেহ করার যথেষ্ট কারণ রয়েছে ।

সারণী ৮ : বাংলাদেশের স্বাস্থ্য পরিস্থিতির সার্বিক চিত্র, ১৯৯৯ – ২০০৪ সময়ে

অঞ্চল	অসুস্থ জনসংখ্যার অংশ, %					
	১৯৯৯			২০০৪		
	দরিদ্র	অদরিদ্র	মোট	দরিদ্র	অদরিদ্র	মোট
১	২	৩	৪	৫	৬ ৭	
১ । পল্লী	১৮.৭	২০.৩	১৯.৬	১৫.৪	১৭.১	১৬.৪
২ । শহর	১৫.০	১৭.৬	১৬.৪	১৪.৭	১২.৯	১৩.৬
৩ । জাতীয়	১৭.৪	১৯.৩	১৮.৪	১৫.৩	১৬.১	১৫.৮

উৎসঃ ২, পৃঃ ১৬৯ এর ভিত্তিতে প্রস্তুতকৃত ।

যাহোক বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির উপরোক্ত বিশ্লেষণের আলোকে এখন আমরা সরকারের দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের আকাংখাসমূহ নিয়ে আলোচনা করবো এবং বাস্তবতার সাথে একটু মিলিয়ে দেখার চেষ্টা করবো ।

দারিদ্র্য হ্রাস কৌশল পত্রটির মৌলিক দুর্বলতা হলো এই যে, এটি বাংলাদেশের দারিদ্র্যের কাঠামো ও ব্যবস্থাগত কারণের দিকে আদৌ নজর দেয় নি । এতে দারিদ্র্যের শিকড় সন্ধানের কোন চেষ্টাই করা হয় নি । এতে দারিদ্র্য নিরসনের কৌশল হিসেবে প্রধানতঃ অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির উপর গুরুত্ব আরোপ করা হয়েছে । আর এ কাজটি সম্পাদনের ভার দেয়া হয়েছে বেসরকারী খাতের উপর । সরকার শুধু সহায়কের ভূমিকা পালন করবে । বস্তুতপক্ষে এ ধরনের বস্তাপচাঁ পুঁজিবাদী তত্ত্ব কথা আমরা বিগত শতাব্দীর সেই ষাটের দশক থেকেই শুনে আসছি । তখনও বলা হতো যে, প্রবৃদ্ধি হলেই তা চুয়িয়ে পড়বে গোটা দেশে এবং তাতেই উন্নতি হবে এবং দারিদ্র্য দূর হবে । কিন্তু বিগত সাড়ে তিন দশকের অভিজ্ঞতা বলছে যে, প্রবৃদ্ধির মাত্রা উঁচু হলেই তা দারিদ্র্য দূরীকরনে কোন ভূমিকা রাখে না, যদি না তার সঙ্গে যুক্ত হয় নতুন সৃষ্ট সম্পদের ন্যায্য বন্টনের বিষয়টি । বাজার অর্থনীতি কখনই তা নিশ্চিত করতে পারে না । এখানেই আসে রাষ্ট্রের গণমুখী নীতি নির্ধারণ ও তার সুষ্ঠু বাস্তবায়নের কথা । কিন্তু কেবল বাংলাদেশ কেন কোন নয়া উদারবাদী রাষ্ট্রই এই ন্যায্য বন্টনের বিষয়টি নিশ্চিত করতে পারবে না । কারণ ব্যবস্থাটি নিজেই সে পথে একটি বড় বাধা হিসেবে দাঁড়িয়ে আছে । মুখে মুখে সরকার ও দাতাগোষ্ঠী যতই দারিদ্র্য অভিমুখী প্রবৃদ্ধির কথা বলুক না কেন, আসলে তা ধাপ্পাবাজি ছাড়া আর কিছুই না । তথাকথিত দারিদ্র্য অভিমুখী প্রবৃদ্ধির উদ্দেশ্য দারিদ্র্য দূর করা নয়, তাকে খানিকটা হ্রাস করা এবং মোটামুটি সহনীয় পর্যায়ে নামিয়ে আনা । সর্বোপরি, তথাকথিত এই দারিদ্র্য অভিমুখী প্রবৃদ্ধির মতাদর্শিক ধারনায় সমতার কোনও ঠাঁই নেই । এর মূল উদ্দেশ্য হচ্ছে দরিদ্রদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্যে প্রদত্ত উচ্ছিষ্টের পরিমাণ খানিকটা বাড়িয়ে দেয়া ।

দারিদ্র্য হ্রাস কৌশল পত্রে কর্মসংস্থান সৃষ্টির উপায় হিসেবে ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বিকাশের উপর গুরুত্ব দেয়া হয়েছে । আমরা বিশ্বাস করি যে, ঐ একই ব্যবস্থাগত প্রতিবন্ধকতার কারণে এরও বাস্তবায়ন সম্ভব নয় । অন্যদিকে অভিজ্ঞতায় দেখা যাচ্ছে যে, তথাকথিত বিশ্বায়ন প্রক্রিয়ায় প্রত্যাশিত কর্মসংস্থান বৃদ্ধির বদলে বরং নতুন নতুন বেকারত্বের সৃষ্টি হচ্ছে । বিগত শতাব্দীর নব্বইয়ের দশকের শুরুতে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিলের পরামর্শে ঢালাও এবং একতরফাভাবে আমদানী উদারীকরণের ফলে আমাদের ক্ষুদ্র ও মাঝারী শিল্প বড় ধরনের বিপর্যয়ের সম্মুখীন হয় । সেই প্রক্রিয়া অদ্যাবধি চলছে । ফলশ্রুতিতে লাখ লাখ শিল্প কারখানা বন্ধ হয়ে গেছে । ২০০৩ সালে উপরোক্ত পরামর্শদাতাদের অর্থে মাইডাস পরিচালিত জাতীয় পর্যায়ের এক জরিপ প্রতিবেদনে দেখা গেছে যে, শুধুমাত্র জরিপ পূর্ববর্তী পাঁচ বছরে বাংলাদেশে সাড়ে পাঁচ লাখেরও বেশী ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে এবং এর ফলে প্রায় সাড়ে বাইশ লাখ মানুষ কর্মচ্যুত হয়েছে (১৫, ০৫. ০৩. ০৬) । আমদানী উদারীকরনের অভিঘাতেই মূলতঃ এসব শিল্প প্রতিষ্ঠান টিকে থাকতে পারে নি । এ ছাড়া ঢালাও বেসরকারীকরণ নীতি বাস্তবায়নের ফলে দেশী শিল্পখাত প্রায় ধ্বংসের মুখে পড়েছে । এর ফলে বহু দেশীয় শিল্প কারখানা বন্ধ হয়ে গেছে এবং বেকার হয়ে পড়েছে লক্ষ লক্ষ শ্রমিক-কর্মচারী । অথচ দাতাগোষ্ঠীর কাছ থেকে সাহায্য পাওয়ার শর্ত পূরণ করতে গিয়ে সরকার অব্যাহতভাবে আমদানী উদারীকরণ ও বেসরকারীকরণ প্রক্রিয়া অত্যন্ত জোরেশোরেই চালিয়ে যাচ্ছে । বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তরের সাম্প্রতিককালের তথ্যে দেখানো হয়েছে যে, দেশে বেকারের সংখ্যা তিন কোটির

মত। বলতেই হবে এটা অত্যন্ত রক্ষণশীল পরিসংখ্যান। প্রকৃত বেকারের সংখ্যা অবশ্যই অনেক অনেক বেশী। আমাদের মতে অর্ধবেকার ও কার্যত বেকারসহ বাংলাদেশের বেকারের সংখ্যা সাত কোটি ছাড়িয়ে গেছে বহু আগেই। সবচেয়ে আশংকার কথা হলো এ সংখ্যা দিনে দিনে বাড়ছেই। এ বিপর্যয় থেকে উদ্ধার করার জন্যে ক্ষুদ্র ও মাঝারী শিল্পকে যে প্রটেকশন দেয়া প্রয়োজন তা-ও নয়া উদারবাদী রাষ্ট্রের পক্ষে দেয়া সম্ভব নয়। কারণ তথাকথিত বিশ্বায়নের মোড়ল দেশসমূহ ও তাদের বশংবদ বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল ও বিশ্ব বানিজ্য সংস্থা তা করতে দেবে না কিছুতেই। তদুপরি দারিদ্র্য নিরসনে শুধু কর্মসংস্থান সৃষ্টিই যথেষ্ট নয়, তার স্থায়িত্বশীলতাও একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, যা আজকের তীব্র প্রতিযোগিতামূলক বাজার অর্থনীতিতে নিশ্চিত করা একেবারেই অসম্ভব। তা'ছাড়া অর্থবহ কর্মসংস্থানের ক্ষেত্রে শ্রমিকের মজুরী এবং সুযোগ-সুবিধা বৃদ্ধির বিষয়টিও বিবেচনায় নেয়া আবশ্যক। বিশেষ করে কৃষি শ্রমিকের মজুরীর বিষয়টি বিশেষ নীতি-প্রণয়ন ও বিবেচনার দাবী রাখে। তা না হলে কার্যকরভাবে আমাদের দেশের দারিদ্র্য বিমোচন কখনই সম্ভব হবে না। বাংলাদেশের কর ব্যবস্থার আমূল সংস্কার প্রয়োজন এবং একে দরিদ্র-অভিমুখী করা দরকার। কর ব্যবস্থা অবশ্যই যেন দারিদ্র্য ও বৈষম্য হ্রাসে সহায়ক ভূমিকা রাখে সেদিকে লক্ষ্য রাখতে হবে। আর সেজন্যে সাধারণ মানুষের ঘাড়ে অপ্রত্যক্ষ বা পরোক্ষ করের বোঝা না চাপিয়ে সমাজের বিত্তবানদের উপর আরও বেশী প্রত্যক্ষ কর আরোপ করতে হবে। তা না হলে দারিদ্র্য নিরসনে যে পদক্ষেপই নেয়া হোক না কেন তা কোন কার্যকর প্রভাব রাখবে না। কারণ কর ব্যবস্থায় এ ধরনের পরিবর্তন আনা না হলে দরিদ্র জনগোষ্ঠির আয় আরও সংকুচিত হয়ে পড়বে এবং তাদের ক্রয় ক্ষমতা আরও হ্রাস পাবে। ফলে দরিদ্ররা কখনই দারিদ্র্যের দুষ্টচক্র থেকে বেরিয়ে আসতে পারবে না। অত্যন্ত পরিতাপের বিষয় যে, সরকারের দারিদ্র্য হ্রাস কৌশল পত্র অত্যন্ত চাতুরতার সাথে এ গুরুত্বপূর্ণ বিষয়গুলোকে কার্যত পাশ কাটিয়ে গেছে।

আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে এর প্রণয়ন পদ্ধতি। আসলে বাংলাদেশের তথাকথিত দারিদ্র্য হ্রাস কৌশল পত্র হচ্ছে সাম্রাজ্যবাদী দাতাগোষ্ঠির চাপিয়ে দেয়া এবং তাদের নির্দেশিত ও তাদের স্বার্থে প্রণিত একটি কৌশল পত্র। আমাদের দেশের দারিদ্র্য হ্রাসের ব্যাপারটি হচ্ছে এর মুখোশ মাত্র। এটা রচিত হয়েছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল কর্তৃক সরবরাহকৃত সোর্সবুকের আলোকে, যাতে সুনির্দিষ্টভাবে বলে দেয়া হয়েছে দারিদ্র্য হ্রাস কৌশল পত্র রচনার প্রক্রিয়াটি কেমন হবে এবং কী কী উপাদান এতে থাকবে। এতে আরও নির্দেশ দেয়া হয়েছে যে, কৌশল পত্রটি তৈরী করতে হবে বিশ্ব ব্যাংকের কম্প্রিহেনসিভ ডেভেলপমেন্ট ফ্রেমওয়ার্কের ভিত্তিতে। মজার ব্যাপার হচ্ছে এই যে, এসব নির্দেশনা ও রূপরেখায় অন্যান্য অনেক কিছুর সঙ্গে উল্লেখ করা হয়েছে যে, এর প্রণয়ন প্রক্রিয়াটিকে হতে হবে কান্ট্রিড্রিভেন বা দেশজাত। কিন্তু আমাদের প্রশ ঃ একই সময়ে একটি প্রক্রিয়া কিভাবে ডোনার-ড্রিভেন বা দাতাজাত ও কান্ট্রিড্রিভেন বা দেশজাত হতে পারে? আসলে কান্ট্রিড্রিভেন বা দেশজাত ব্যাপারটিও একটি মুখোশ। বলা হয়েছে তা নাকি সম্ভব হয়েছে প্রক্রিয়াটিকে অংশগ্রহণমূলক করার মাধ্যমে। কিন্তু পূর্বাহ্নেই যেখানে রূপরেখা ঠিক হয়ে ছিল, উপাদানও নির্ধারিত হয়ে গিয়েছিল, সেখানে অংশ গ্রহণের কোনও সুযোগ আর থাকলো কি বাংলাদেশের জন্যে? আসলে তথাকথিত দারিদ্র্য হ্রাস কৌশল পত্র প্রণয়নকারী এমন একটি দেশও নেই, যেখানে এ অংশ গ্রহণের ব্যাপারটি প্রশ্নবিদ্ধ হয় নি। সংশ্লিষ্ট দেশসমূহের নাগরিক সমাজ কৌশল পত্রের প্রণয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণের মাত্রা ও গুণাগুণ নিয়ে অসন্তোষ ও নেতিবাচক প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। আমাদের দেশেও আমাদের জানামতে কিছু ভাড়াটিয়া দালাল ও আমলা ছাড়া কৌশল পত্র রচনার সাথে সাধারণ মানুষ দূরের কথা শিক্ষিত সমাজেরও কোন

সম্পৃক্ততা ছিল না। তারপরও প্রশ্ন উঠে ঃ সবার অংশগ্রহণ বা সম্পৃক্ততা থাকলেই বা কী হতো? সাম্রাজ্যবাদী উপরোক্ত দাতা সংস্থা দু'টোর দেয়া নীল নকশার বাইরে যাওয়ার কি কোন সুযোগ ছিল? নিশ্চয়ই না। কারণ সেরকম কিছু ঘটলে বিশ্ব ব্যাংকের নির্বাহী বোর্ডের অনুমোদনের জন্যেই তা পাঠানো হতো না, নাকোচ হয়ে যেত ঢাকার অফিস থেকেই। অতএব, দেখা যাচ্ছে যে, বাংলাদেশের তথাকথিত দারিদ্র্য হ্রাস কৌশল পত্রের প্রকৃত মালিক হচ্ছে বিশ্বব্যাংক ও আন্তর্জাতিক মুদ্রা তহবিল। আর বাংলাদেশ সরকার হচ্ছে এর বাস্তবায়নকারী সংস্থা মাত্র।

দারিদ্র্য হ্রাস কৌশল পত্রে নির্ধারিত লক্ষ্য ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্যে মূলতঃ বেসরকারী খাত ও বেসরকারী উন্নয়ন সংস্থাসমূহের ভূমিকার উপর অতি মাত্রায় গুরুত্ব আরোপ করা হয়েছে। আমাদের জানামতে বেসরকারী খাত ও বেসরকারী উন্নয়ন সংস্থা আজ পর্যন্ত পৃথিবীতে কোন দেশকে দারিদ্র্যমুক্ত করতে পারে নি এবং পারবেও না। ১৯৭৫ এর আগষ্ট (বঙ্গ বন্ধুকে সপরিবারে হত্যা করা হয় ১৫-ই আগষ্ট ১৯৭৫ সালে) পরবর্তী সময় থেকে আজ পর্যন্ত বেসরকারী খাতের ভূমিকা সন্দেহাতীতভাবে আমাদেরকে হতাশ করেছে। এ দেশে বেসরকারী খাত বিকশিত হয়েছে মূলতঃ রাষ্ট্রীয় খাতকে পুঁজি করে। পঁচাত্তর পরবর্তী সামরিক ও বেসামরিক সরকারগুলো বেসরকারী খাতের বিকাশের নামে রাষ্ট্রীয় খাতের ব্যাংকের টাকা অবাধে লুণ্ঠন করতে সহায়তা করেছে, ব্যক্তিগত খাতকে কর মওকুফ সুবিধা দিয়েছে এবং প্রতিটি বাজেটে তাদের জন্যে নগদ সহায়তার (রপ্তানীতে উৎসাহ প্রদানের নামে) নামে বিপুল অংকের টাকা বরাদ্দ রেখেছে। এ ছাড়াও তারা শুল্ক মওকুফ সুবিধা ভোগ করেছে। এই যে হাজার হাজার কোটি টাকার আর্থিক সুবিধা বেসরকারী খাত রাষ্ট্র তথা সরকারের কাছ থেকে নিয়েছে বা নিচ্ছে এগুলো কিন্তু সব জনগণের টাকা। বিনিময়ে তারা জনগণকে কি দিয়েছে? দিয়েছে প্রায় পঞ্চাশ হাজার কোটি টাকার খেলাপী ঋণ, যার মধ্যে কুড়ি হাজার কোটি টাকা সম্ভবতঃ ইতোমধ্যেই মওকুফ করে দেয়া হয়েছে নানা অজুহাতে। দিয়েছে শোষণ, বঞ্চনা ও দারিদ্র্য। ধ্বংস করেছে বস্ত্র শিল্পকে। ধ্বংস করেছে দরিদ্রদের পরিবহণ রেল ও নৌ পরিবহণ ব্যবস্থাকে। বলতে গেলে এ তালিকা অনেক দীর্ঘ হবে। আলোচ্য প্রবন্ধের কলেবর বৃদ্ধির ভয়ে এ সম্পর্কে আর কথা বাড়াবো না। অন্যদিকে বেসরকারী উন্নয়ন সংস্থা বা এনজিও পদ্ধতি প্রথম উদ্ভাবিত হয়েছিল সমাজতন্ত্রকে ঠেকানোর জন্যে বিগত শতাব্দীর পঞ্চাশের দশকে। তৃতীয় বিশ্বের দরিদ্র জনগণ যাতে পুঁজিবাদী রাষ্ট্র ও সমাজ ব্যবস্থার চাপে বিদ্রোহী হয়ে না ওঠে এবং সামাজতন্ত্রের দিকে আকৃষ্ট না হয়, সেজন্যে এই ব্যবস্থার দ্বারা দরিদ্র দেশগুলোর তৃণমূল পর্যায় পর্যন্ত এনজিওগুলোর ওপর নির্ভরশীল কিছু আর্থিক স্বাচ্ছন্দ্য, শিক্ষা ও চিকিৎসার ব্যবস্থা করা হয়। নারী ও বেকার যুবকদের বামপন্থী কৃষক-শ্রমিক আন্দোলন থেকে সরিয়ে রাখাই ছিল এর মূল লক্ষ্য। এদের কলকাঠি নাড়ত কিন্তু সাম্রাজ্যবাদী পুঁজিবাদী দেশগুলো এবং তাদের বশংবদ বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল, এশিয় উন্নয়ন ব্যাংক ও মধ্য প্রাচ্যের সুলতান-বাদশা নামধারী চরম রক্ষণশীল শাসক-গোষ্ঠী। ঠান্ডা যুদ্ধ পরবর্তী সময়ে সাম্রাজ্যবাদীদের ভাষায় তৃতীয় বিশ্বের রাষ্ট্রসমূহ তথাকথিত "সমাজতান্ত্রিক হুমকি" থেকে মুক্ত হওয়ায় তাদের দ্বারা নিয়ন্ত্রিত এনজিওগুলোর প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায় – তৃতীয় বিশ্বের দেশগুলোতে গণতান্ত্রিক ব্যবস্থাকে নিয়ন্ত্রণে রাখার জন্যে তার পাশাপাশি এমন একটি শক্তিশালী অর্থনৈতিক অবস্থান গ্রহণ করা, যাতে প্রয়োজন পড়লে রাজনৈতিক সরকারগুলোকে তারা ইচ্ছামতো চালনা করতে পারে এবং কথা না শুনলে ক্ষমতা থেকে উচ্ছেদ করতে পারে। আমাদের দেশে বর্তমানে কোন কোন এনজিও বিশালত্বে এবং প্রভাব-প্রতিপত্তিতে এমন "বিকল্প" সরকার হয়ে দাঁড়িয়েছে যে, অনেকে ইতোমধ্যেই আশংকা প্রকাশ করেছেন, সাধারণ নির্বাচনের সময় তারা বশীভূত ভোটারদের দ্বারা যেকোন দলকে ক্ষমতায় রাখা বা অপসারনের শক্তি

অর্জনের পর্যায়ে গিয়ে পৌছাতে যাচ্ছে। এ ক্ষেত্রে বাংলাদেশে জঙ্গীবাদের উত্থান ও রাজনৈতিক স্থিতিশীলতা বিনষ্টের কাজে একশ্রেণীর ইসলামী ব্যাংক ও এনজিওর ভূমিকা স্মর্তব্য (১৬, ২৯ ঃ ০৩ ঃ ০৬)।

এনজিওগুলো সম্পর্কে আর একটি কথা না বললেই নয়। আর তা হচ্ছে তাদের ক্ষুদ্র ঋণ বা মাইক্রো ক্রেডিট কার্যক্রম। এর মূল উদ্দেশ্য যতটা না দারিদ্র্য দূর করা তার চেয়ে বেশী হচ্ছে কায়েমী স্বার্থ গ্রুপ বা ভেষ্টেড ইন্টারেষ্ট গ্রুপ সৃষ্টি করা। আর তাই তো আমরা প্রতিনিয়ত খবরের কাগজে ও টিভিতে দেখতে পাই তাদের ঘন ঘন বিদেশ সফরের খবর। কি জন্যে তারা বিদেশ সফর করেন? সম্ভবতঃ ক্ষুদ্র ঋণের সাফল্য বিশ্বব্যাপী ছড়িয়ে দেয়ার জন্যে এবং সাম্রাজ্যবাদের ধারক-বাহক গোষ্ঠীর প্রতিনিধিদের সাথে সাক্ষাত করার জন্যে। একদিকে আমরা লক্ষ্য করছি যে, সার্ভিস চার্জের নামে ক্ষুদ্র ঋণের জন্য তারা বিপুল অংকের সুদ আদায় করছে ঋণ গ্রহীতাদের কাছ থেকে; আর অন্যদিকে দেখছি বিশাল বিশাল ভবন নির্মান করে ভাড়া দিচ্ছে এবং বহুমুখী সব বানিজ্যিক কর্মকান্ডে জড়িত হয়ে পড়ছে ক্রমান্বয়ে। এখানেই তাদের উদ্দেশ্য নিয়ে আমাদের আশংকা। ইদানিং তৃতীয় শক্তির আবির্ভাব নিয়ে যখন কথা হচ্ছে, তখন সাম্রাজ্যবাদীদের শেখানো তথাকথিত সুশাসন ও উন্নয়নের রোড ম্যাপের (পুঁজিবাদী) জিকির তুলে পাঁচ তারকা হোটেলের শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে সমবেত হয়ে তারাই যে সেই তৃতীয় শক্তি সেকথাও তারা ঘোষণা দিয়ে দিয়েছে। অবশ্য দেশব্যাপী তাদের উদ্দেশ্য নিয়ে সমালোচনার ঝড় ওঠায় আপাততঃ তারা কৌশলে কিছুটা পরিবর্তন আনলেও লক্ষ্য অর্জনে তারা অটল বলেই মনে হচ্ছে। কারণ এ ক্ষেত্রে তারা সামরিক ও বেসামরিক আমলা চক্রের সমর্থন পাচ্ছে। এনজিওগুলোর এসব কর্মকান্ড থেকে প্রমানিত হচ্ছে যে, দরিদ্রদের দারিদ্র্য বিমোচন তাদের লক্ষ্য নয়, তাদের লক্ষ্য হচ্ছে নিজেদের দারিদ্র্য বিমোচন এবং সাম্রাজ্যবাদের তাবেদার হিসেবে তৃতীয় বিশ্বের দেশসমূহের দারিদ্র্য কিছু সময়ের জন্যে প্রশমিত করে সমাজতন্ত্রের অগ্রযাত্রা ব্যাহত করা। প্রশ্ন হচ্ছে কতদিন পারবে তারা একাজ করতে? শেষ বিচারে সফল হবে কি? আমরা বিশ্বাস করি হবে না। ল্যাটীন আমেরিকার ঘটনাবলী ও পার্শ্ববর্তী দেশ নেপালের ঘটনাবলী তার প্রকৃষ্ট প্রমাণ।

দারিদ্র্য হ্রাস কৌশল পত্রে অবকাঠামোর কথা বলতে গিয়ে রেল ও নৌ যোগাযোগের ব্যাপারে প্রায় নিরবতা পালন করেছেন এর রচয়িতারা। অথচ কে না জানে যে, স্থল পরিবহণের ও যোগাযোগের সবচেয়ে সস্তা, দ্রুত ও নির্ভরযোগ্য মাধ্যম হচ্ছে রেল পথ এবং নৌ পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থা হচ্ছে সকল প্রকার পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার মধ্যে সবচেয়ে সস্তা। প্রকৃতি আমাদেরকে উদার হস্তে নৌ ও সামুদ্রিক পরিবহণ ও যোগাযোগের সুবিধা দান করেছিল ঃ বাংলাদেশের গোটা দক্ষিণ সীমান্ত সাগরের দিকে উন্মুক্ত এবং আভ্যন্তরীণভাবে গোটা বাংলাদেশ চারটি শক্তিশালী নদী প্রণালী দ্বারা আবৃত (গঙ্গা-পদ্মা, ব্রক্ষ্মপুত্র-যমুনা, মেঘনা ও কর্ণফুলী)। দুঃখের বিষয় যে, স্বাধীনতার পয়ত্রিশ বছরেও আমরা প্রকৃতি প্রদত্ত এ সকল সুযোগ-সুবিধার কানাকড়িও কাজে লাগাতে পারি নি। কৌশল পত্রে প্রায় তিন লক্ষ কিঃ মিঃ রাস্তা বানানোর ব্যাপারে প্রসংশাসূচক অনেক কথা বলা হয়েছে ; অথচ রেলের ব্যাপারে প্রায় নিরবতা অবলম্বন করা হয়েছে। তিন লক্ষ কিঃ মিঃ রাস্তার নীচে যে লক্ষ লক্ষ হেক্টর মূল্যবান কৃষিজমি নষ্ট হয়েছে সেব্যাপারে কোনও হিসেব নিকেশ করা হয় নি কৌশল পত্রে। অন্যদিকে রেলের মাধ্যমে রাজধানী ঢাকাকে যদি চৌষট্টিটি জেলা শহরের সাথে সংযুক্ত করা যেত এবং বড় বড় বিশেষ করে রাজধানী ও বিভাগীয় শহরগুলোকে কেন্দ্র করে কমিউটার ট্রেন সার্ভিস গড়ে তোলা যেত তা'হলে কি পরিমাণ উপকার হতো তারও কোনও হিসেব করেন নি কৌশল পত্র প্রণেতারা। অথচ আমরা সবাই

জানি উপরোক্ত দু'টো পরিবহণ ও যোগাযোগ মাধ্যমই দরিদ্র-বান্ধব এবং উন্নয়ন বান্ধবও বটে। দেশের অভ্যন্তরে অর্থনৈতিক সচলতা বা ইকোনমিক মোবিলিটি বৃদ্ধিতে এগুলো হচ্ছে অদ্বিতীয় (১৩)।

দারিদ্র্য হ্রাস কৌশল পত্রে সুশাসনের কথা বলা হয়েছে ; অথচ বর্তমান জোট সরকারের দুঃশাসন নিয়ে কোন কথাই বলা হয় নি। বিএনপি-জামাত জোট সরকারের বিগত সাড়ে চার বছরের তথাকথিত কুশাসন ও অপশাসনে দেশ আজ ধ্বংসের দ্বারপ্রান্তে এসে পৌছেছে। দেশের প্রত্যেকটি খাত আজ সংকট ও নৈরাজ্যজনক পরিস্থিতির শিকার। তবে জোট সরকার সবচেয়ে বেশী ক্ষতি করেছে জনপ্রশাসন ও বিচার ব্যবস্থার। ২০০১ এর নির্বাচনী প্রতিশ্রুতি মোতাবেক উপজেলা নির্বাচন না করে; বরং অনির্বাচিত ও অপ্রয়োজনীয় গ্রাম সরকার ব্যবস্থার প্রবর্তন করে। আর গ্রাম সরকারগুলো সম্পূর্ণরূপে সরকার দলীয় ক্যাডারদের দিয়ে গঠন করা হয়েছে। এর ফলে নির্বাচিত প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদগুলোর কর্মকান্ড অনেকটাই ঝিমিয়ে পড়েছে। কারণ প্রায়শই কর্তৃত্ব নিয়ে গ্রাম সরকারগুলো ইউনিয়ন পরিষদের সাথে দ্বন্দ্ব ও সংঘর্ষে জড়িয়ে পড়ছে। ব্যাহত হচ্ছে পল্লী এলাকার উন্নয়ন কর্মকান্ড। গত বছরই গ্রাম সরকার আইনকে অবৈধ এবং সংবিধান পরিপন্থী হিসেবে ঘোষণা করেছে হাইকোর্ট। অবশ্য সরকার এ রায়কে সুপ্রিম কোর্টে নিয়ে ঝুলিয়ে রেখেছে অদ্যাবধি। ক্ষমতায় এসেই জোট সরকার আর একটি তোঘলোকী কাজ করে। আর তা হচ্ছে এই যে, সরকার দলীয় সাংসদ, মন্ত্রী ও বশংবদদের নির্বাহী নির্দেশে স্থানীয় মন্ত্রীর দায়িত্ব দেয়া হয়। এর ফলে স্থানীয় প্রশাসন বলতে আর কিছুই অবশিষ্ট থাকে নি। সবকিছুই নিষ্ক্রীয় হয়ে পড়লো। সরকারী দলের ক্যাডাররা সবাই নিজেদেরকে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ভাবতে শুরু করলো। আমলারা হয়ে পড়লো একেবারেই নিরুপায়। এ সকল নতুন দায়িত্বপ্রাপ্ত সরকারী মন্ত্রীদের হুকুম তালিম করাই হয়ে পড়লো তাদের একমাত্র কাজ। এরই অবধারিত ফল স্বরূপ বিগত সাড়ে চার বছর ধরে গোটা বাংলাদেশে চলছে দখল, জবরদখল, হামলা, মামলা, খুন, ধর্ষণ, রাহাজানি, চাঁদাবাজি, টেন্ডারবাজি ও দুর্নীতির মচ্ছব। সাংসদ আনোয়ার হোসেন মঞ্জুর ২০০৩ সালের এক মামলার রায়ে ইদানিং হাইকোর্ট উপরোক্ত নির্বাহী আদেশকেও অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করেছে। অন্যদিকে নির্বাচনী প্রতিশ্রুতি মোতাবেক দুর্নীতি দূর করার জন্যে চার বছরের মাথায় জোট সরকার বুড়ো, অক্ষম এবং সম্পূর্ণ দলীয় লোকদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট দুর্নীতি দমন কমিশন গঠন করেছে। এক বছরের বেশী সময় অতিবাহিত হয়েছে; অথচ এ দুর্নীতি দমন কমিশন আদৌ কোন কাজ করে নি। এটা গোটা জাতির সাথে এক ধরনের তামাশা ছাড়া আর কিছুই না। আসলে যে সরকার দুর্নীতিতে আকণ্ঠ নিমজ্জিত, সে সরকার কখনই দুর্নীতির বিচার চাইতে পারে না। আর সেকারণেই সম্ভবতঃ দুর্নীতি দমনের নামে এরকম একটি বাহাস করেছে সরকার। সুশাসনের সবচেয়ে গুরুত্বপূর্ণ শর্ত হচ্ছে স্বাধীন বিচার ব্যবস্থা ও স্বাধীন সংবাদ মাধ্যমের উপস্থিতি। বর্তমান বিএনপি-জামাতের জোট সরকার ২০০১ সালের নির্বাচনের সময়ে বিচার বিভাগ ও সংবাদ মাধ্যমের স্বাধীনতা দেবে বলে এ দেশের জনগণকে প্রতিশ্রুতি দিয়েছিল। অথচ মেয়াদের শেষ প্রান্তে এসে আমরা দেখতে পাচ্ছি যে, বিচার বিভাগ তো স্বাধীন হয়ই নি ; বরং একে অত্যন্ত নগ্নভাবে দলীয়করণ করা হয়েছে এবং সরকার নিজেই আদলত অবমাননার দায়ে অভিযুক্ত হয়েছে। স্বাধীন সংবাদ মাধ্যমকে বলা হয়ে থাকে রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। অথচ সাংবাদিক ও সংবাদ মাধ্যমের কর্মীদের নির্যাতনে জোট সরকার শুধু দেশে নয় সারা বিশ্বে রেকর্ড সৃষ্টি করেছে। ১৯৯১ ও ২০০১ এর নির্বাচনী অঙ্গীকার ছিল বিটিভি ও বাংলাদেশ বেতারকে স্বায়ত্বশাসন প্রদানের। তখনও এ অঙ্গীকার বাস্তবায়ন করে নি বিএনপি। আর এবারে তো সে অঙ্গীকারের কথা স্মরণও করছে না। বিটিভি ও বাংলাদেশ বেতারকে এখন বিএনপি ও জামাতের একান্তই দলীয় প্রচার যন্ত্রে রূপান্তরিত করা হয়েছে। মজার ব্যাপার হচ্ছে এই যে, ব্যক্তি খাতের

প্রবক্তারা এবারে ক্ষমতায় এসে ব্যক্তি মালিকানার একমাত্র টিভি চ্যানেল একুশে টিভিকে শুধু বন্ধ করেই খান্ত হয় নি ; এর মালিক, পরিচালক ও কলা-কুশলী ও সাংবাদিকদের চরমভাবে নির্যাতন ও হেনস্তা করেছে। এমন কি এর বিদেশী মালিক আমাদের মহান মুক্তি যুদ্ধে অংশগ্রহণকারী বিখ্যাত বৃটিশ সাংবাদিক সায়মন ড্রিংককে অত্যন্ত নির্মম ও অসম্মানজনকভাবে বাংলাদেশ থেকে তাড়িয়ে দিয়েছে। মামলা করেছে একুশে টিভির বিরুদ্ধে। বর্তমানে এ চ্যানেলটি সকল মামলা থেকে মুক্ত হওয়ার পরও সরকার নানা তালবাহানায় এর সম্প্রচারের লাইসেন্স দিচ্ছে না। অথচ চার বছর পূর্বেও যাদের গরুর গাড়ী ক্রয়ের সামর্থ্য ছিল না ; তারা আজকে একাধিক চ্যানেলের মালিক বনে গেছে জোট সরকারের বদান্যতায়। দলীয় বিবেচনায় নিয়মনীতির তোয়াক্কা না করে ডজন খানেক চ্যানেলের অনুমতি ইতোমধ্যেই দেয়া হয়েছে এবং আরও নাকি অনেক প্রক্রিয়াধীন আছে। বিরোধীদের এবং সৎ ও নিরপেক্ষতার দাবীদারদের এক্ষেত্রে দাবিয়ে রাখা হচ্ছে। দারিদ্র্য দূরীকরণে উপরোক্ত বিষয়গুলোর ভূমিকা অনস্বীকার্য হলেও কৌশল পত্র প্রণেতারা অন্যান্য অনেক কিছুর মত ওগুলোকেও এড়িয়ে গেছেন সুকৌশলে ; দিতে হবে, করতে হবে গোছের কিছু বক্তব্যের মধ্যে দিয়ে। সর্বোপরি যেই দরিদ্র জনগোষ্ঠির জন্যে কৌশল পত্র সেই জনগোষ্ঠী এ সম্পর্কে আদৌ কিছু জানে না। আর তাই তো প্রতিদিনকার সংবাদপত্রে আমরা দেখতে পাই যে, দারিদ্র্য বিমোচনমূলক প্রকল্পসমূহের টাকা আত্মসাত করছে সরকার দলীয় ক্যাডাররা (১৫, ২২ ঃ ০৪ ঃ ০৬, ২৫ ঃ ০৪ ঃ ০৬ ও ২৯ ঃ ০৪ ঃ ০৬)। দেশের সর্বত্র, সর্বক্ষেত্রে চলছে হরিলুট (১৫, ০৮ ঃ ০১ ঃ ০৬, ২০ ঃ ০১ ঃ ০৬ ও ১১ ঃ ০৪ ঃ ০৬)। এমতাবস্থায়, আমরা মনে করি যে, তথাকথিত সহাস্রাব্দের লক্ষ্য ও লক্ষ্যমাত্রার নামে যা নির্ধারণ করা হয়েছে কৌশলপত্রে (সারণী – ১) তা আদৌ বাস্তবায়ন সম্ভব নয়। আর তার মানে দাঁড়াচ্ছে এই যে, আসলে এ কৌশল পত্র দারিদ্র্য নির্মূল বা হ্রাসের জন্যে নয় ; বরং দারিদ্র্য সংরক্ষণের জন্যেই করা হয়েছে। ইংরেজীতে আমরা এভাবে বলতে পারি ঃ It is not a Poverty Reduction Strategy Paper (PRSP); but a Poverty Preservation Strategy Paper (PPSP).

পঞ্চ বার্ষিক পরিকল্পনা বনাম দারিদ্র্য হ্রাস কৌশল পত্র

আধুনিক পঞ্চ বার্ষিক পরিকল্পনার জন্ম হয় বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নে। আসলে রাষ্ট্রীয় পর্যায়ে পরিকল্পনার ধারনাটি সমাজতন্ত্রের সাথে ওৎপ্রোতভাবে জড়িত। পরিকল্পনা ছাড়া সমাজতন্ত্রের কথা চিন্তাই করা যায় না। অবশ্য সোভিয়েতদের পরিকল্পিত উন্নয়ন শুরু করতে একটু দেরী হয়। কারণ ১৯১৭ সালের ৭-ই নভেম্বর (রুশ ক্যালেন্ডার অনুযায়ী ২৫-শে অক্টোবর যেজন্যে একে মহান অক্টোবর বিপ্লব নামেও অভিহিত করা হয়ে থাকে) মহান সমাজতান্ত্রিক বিপ্লবের মাত্র ছয় মাসের মাথায় ১৯১৮ সালের এপ্রিলে বৃটেন, জার্মানী, ফ্রান্স, মার্কিনযুক্তরাষ্ট্র, তুরস্ক ও জাপানসহ এক ডজনের মত শক্তিশালী পুঁজিবাদী তথা সাম্রাজ্যবাদী রাষ্ট্র সোভিয়েত ইউনিয়ন আক্রমণ করে এর তিন চতুর্থাংশ দখল করে নেয়। সদ্যজাত সমাজতান্ত্রিক রাষ্ট্রটিকে তারা গলাটিপে হত্যা করতে চেয়েছিল। কিন্তু তাদের সে আশা পূর্ণ হয় নি। মহামতি লেনিনের নেতৃত্বে মাত্র দেড় বছরের মাথায় ১৯২০ সালের ডিসেম্বর নাগাদ সোভিয়েতরা সাম্রাজ্যবাদীদের হাত থেকে তাদের মাতৃভূমিকে মুক্ত করতে সমর্থ হয়। দেশ শত্রুমুক্ত হওয়ার সাথে সাথেই সোভিয়েতরা গোত্রলরো নামে বিশ্বের ইতিহাসে প্রথম প্রেক্ষিত পরিকল্পনা ঘোষণা করে, যার বাস্তবায়ন শুরু হয় ১৯২১ সাল থেকে। এ পরিকল্পনাটি ছিল দীর্ঘ মেয়াদী, অর্থাৎ দশ থেকে পনের-বিশ বছরের জন্যে। এ পরিকল্পনায় মূলতঃ গোটা সোভিয়েত ইউনিয়নের

বিদ্যুতায়নের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা হয়। আর সেজন্যে লেনিন একে সমস্ত দেশের বিদ্যুতায়নের পরিকল্পনা নামে অভিহিত করেছিলেন। এর পাশাপাশি সোভিয়েতরা পঞ্চ বার্ষিক পরিকল্পনা (মধ্যমেয়াদী) রচনার কাজও এগিয়ে নেয়। কারণ গোত্রলরো পরিকল্পনা আসলে পঞ্চ বার্ষিক পরিকল্পনার মাধ্যমেই বাস্তবায়ন করা হয়। ১৯২৮ সালের শেষদিকে তারা বিশ্বের ইতিহাসে প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনা ঘোষণা করে, যার মেয়াদকাল ছিল ১৯২৮–২৯ থেকে ১৯৩২–৩৩ সাল পর্যন্ত। মাত্র সোয়া চার বছরে তারা এ পরিকল্পনার লক্ষ্যমাত্রা শুধু অর্জনই করে নি ; প্রায় সব ক্ষেত্রেই তাকে অতিক্রম করে যায় বহুগুণে। ফলে পরিকল্পনার মেয়াদের অনেক পূর্বেই তারা দ্বিতীয় পঞ্চ বার্ষক পরিকল্পনা ঘোষণা করে, যার মেয়াদকাল ছিল ১৯৩২-৩৩ থেকে ১৯৩৬-৩৭ সাল পর্যন্ত। এ দু'টি পঞ্চ বার্ষিক পরিকল্পনার অত্যন্ত সফল বাস্তবায়নের মাধ্যমে সোভিয়েত ইউনিয়ন শুধু সমাজতন্ত্রের ভিত্তিই নির্মাণ করে নি, দেশে শিল্প বিপ্লব ঘটিয়ে ফেলেছিল। ১৯৩৭ সাল নাগাদ সোভিয়েত ইউনিয়ন বিশ্বে একটি শক্তিশালী শিল্পায়ীত দেশ হিসেবে আবির্ভূত হয়। পুঁজিবাদী দেশগুলোতে যেখানে শিল্প বিপ্লব ঘটাতে তিনশো থেকে চারশো বছর সময় লেগেছিল (বিশ্বকে লুণ্ঠন করার পরও); সেখানে সোভিয়েত ইউনিয়ন মাত্র দু'দশকে (চরম প্রতিকূলতা সত্ত্বেও) শিল্প বিপ্লব ঘটাতে সক্ষম হয়েছিল। আর পরিকল্পনার হিসেবে দেখলে মাত্র দু'টো পরিকল্পনায়ই, অর্থাৎ মাত্র দশ বছরেই সোভিয়েতরা অমন অসাধ্য সাধন করেছিল। আসলে প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনার মাধ্যমেই (মাত্র ৪.২৫ বছরে) তারা দেশ থেকে দারিদ্র্যকে চিরতরে নির্বাসনে পাঠিয়েছিল এবং মানুষের ছয়টি মৌলিক চাহিদা (খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থান) পূরণে সক্ষম হয়েছিল। শুধু তা-ই নয়, প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনা শেষ হতে না হতেই অর্থনীতিতে শ্রমশক্তির ঘাটতি পরিলক্ষিত হয়েছিল। যেকারণে দ্বিতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনায় তারা শ্রম সাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবনের উপর গুরুত্ব আরোপ করেছিল। গোত্রলরো পরিকল্পনায় সোভিয়েতরা ৩০টি বিদ্যুত কেন্দ্র নির্মাণের পরিকল্পনা করেছিল, যার তিন চুতর্থাংশই নির্ধারিত ছিল প্রত্যন্ত এলাকাগুলোর জন্যে। কিন্তু বাস্তবে ১৯৩৭ সাল নাগাদ তারা ৪২টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করেছিল, যার বেশীরভাগই তখন উৎপাদনে ছিল। আসলে গোত্রলরো এবং প্রথম ও দ্বিতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনাগুলোই সোভিয়েত ইউনিয়নের পরবর্তী উন্নয়নের শক্ত ভিত তৈরী করে দিয়েছিল। এখানে বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন যে, সোভিয়েতরা যখন সংকটবিহীনভাবে এরকম অভূতপূর্ব সাফাল্য অর্জন করেছিল, ঠিক তখন সমস্ত পুঁজিবাদী বিশ্ব মহাসংকটে (১৯২৯-১৯৩২ এর মহামন্দা) হাবুডুবু খাচ্ছিল।

দ্বিতীয় মহাযুদ্ধের (১৯৩৯-১৯৪৫) কারণে সোভিয়েত ইউনিয়ন তার তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনা (১৯৩৭-৩৮-১৯৪১-৪২) বাস্তবায়ন করতে পারে নি। সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলোর প্ররোচনায় হিটলারের জার্মানী সোভিয়েত ইউনিয়নের সাথে সম্পাদিত অনাক্রমন চুক্তি লংঘন করে বিশ্বাসঘাতকের মত ১৯৪১ সালের ২২-শে জুন এক কোটি সৈন্য নিয়ে সোভিয়েত ইউনিয়ন আক্রমণ করে। গোটা সোভিয়েত অর্থনীতি পুনরায় যুদ্ধ কালীন অর্থনীতিতে রূপান্তরিত হয়। ১৯৪৫ সালের ৯-ই মে লাল বাহিনীর হাতে বার্লিনের পতনের মাধ্যমে ইউরোপে দ্বিতীয় মহাযুদ্ধের পরিসমাপ্তি ঘটে। এ সময়ে কোনও পরিকল্পনা করা সম্ভব ছিল না। যুদ্ধে সোভিয়েত ইউনিয়নের অপূরণীয় ক্ষতি হয় ঃ প্রায় পঁচিশ মিলিয়ন সোভিয়েত নাগরিক প্রাণ হারায় এবং দেশটির তিন চতুর্থাংশ বস্তুগত সম্পদ ধ্বংস হয়েছিল, বিরান হয়ে গিয়েছিল কৃষি। যুদ্ধোত্তর সময়ে তারা চতুর্থ পঞ্চ বার্ষিক পরিকল্পনা রচনা করে যার মেয়াদকাল ছিল ১৯৪৫-৪৬ থেকে ১৯৪৯-৫০ সাল পর্যন্ত। এ পরিকল্পনাটি ছিল মূলতঃ পুনর্গঠন ও পুনর্বাসনের পরিকল্পনা (৫, ৬)।

দ্বিতীয় মহাযুদ্ধের মধ্য দিয়ে পূর্ব ইউরোপের পোল্যান্ড, হাঙ্গেরী, রুমানিয়া, বুলগেরিয়া, পূর্ব জার্মানী ও চেকোশ্লোভাকিয়ায় সমাজতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়। ১৯৪৯ সালের ১লা অক্টোবর চীনে সমাজতান্ত্রিক বিপ্লব সম্পন্ন হয় এবং ১৯৫৯ সালের ১লা জানুয়ারী কিউবায় সমাজতান্ত্রিক বিপ্লবের মাধ্যমে ফিডেল ক্যাস্ট্রো ক্ষমতায় আসেন। তবে এগুলোর চেয়েও বড় ঘটনা হলো এই যে, দ্বিতীয় মহাযুদ্ধোত্তর সময়ে অতি দ্রুত সাম্রাজ্যবাদী পুঁজিবাদী রাষ্ট্রগুলোর উপনিবেশগুলোতে দাউ দাউ করে স্বাধীনতার আন্দোলন ছড়িয়ে পড়ে। আর এক্ষেত্রে উপনিবেশগুলোর স্বাধীনতা সংগ্রামীরা স্বাভাবিকভাবেই সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলোর প্রত্যক্ষ ও পরোক্ষ সমর্থন পায়। ফলশ্রুতিতে আমরা দেখতে পাই যে, মাত্র দু'দশকের ব্যবধানে পৃথিবীর মানচিত্রে একশোরও বেশী স্বাধীন রাষ্ট্রের আবির্ভাব ঘটে। সারা পৃথিবীব্যাপী বৃটেন, ফ্রান্স ও পর্তুগালসহ সকল সাম্রাজ্যবাদী শক্তি তাদের উপনিবেশ হারায়। আর এ জন্যে তারা সমাজতন্ত্রের উপর ক্ষিপ্ত হয়। সাম্রাজ্যবাদীদের শোষণের ক্ষেত্র সাংঘাতিকভাবে সংকুচিত হয়ে যাওয়ায় তারা নতুনভাবে চক্রান্ত শুরু করে নব্য স্বাধীনতাপ্রাপ্ত তাদের ভূতপূর্ব উপনিবেশগুলোকে সমাজতন্ত্র থেকে দূরে সরিয়ে রাখার জন্যে। তারা নতুন রাষ্ট্রগুলোকে তাদের প্রয়োজনীয় সকল ধরনের কাঁচামালের উৎস ও তাদের উৎপাদিত পণ্যের বাজার হিসেবে ব্যবহারের পদ্ধতি খুঁজতে শুরু করে। আর এভাবে তারা নব্য সাম্রাজ্যবাদী ভূমিকায় অবতীর্ণ হয়।

অন্যদিকে বিগত শতাব্দীর বিশ ও ত্রিশের দশকের পুঁজিবাদের মহাসংকট এবং যুগযুগের ঐপনিবেশিক শাসন, লুণ্ঠন ও শোষণের ফলে নব্য স্বাধীনতাপ্রাপ্ত রাষ্ট্রগুলো সমাজতান্ত্রিক পরিকল্পিত অর্থনীতিকে আদর্শ হিসেবে গ্রহণ করে। সমাজতান্ত্রিক দেশগুলোর পরিকল্পিত অর্থনৈতিক উন্নয়নের সাফল্যে তারা সাংঘাতিকভাবে অনুপ্রাণিত হয়। প্রকৃতপক্ষে সারা বিশ্বব্যাপী তখন পরিকল্পিত অর্থনীতির ধারণাটি অত্যন্ত জনপ্রিয় হয়ে ওঠে। অধিকাংশ উন্নয়নশীল দেশই পঞ্চ বার্ষিক পরিকল্পনাকে তাদের উন্নয়নের প্রধান দর্শন হিসেবে বেছে নেয়। তবে সাম্রাজ্যবাদী শক্তি তাদের অগ্রযাত্রাকে নানাভাবে বাধা দিতে থাকে এবং অধিকাংশ ক্ষেত্রেই তারা সফলকাম হয়। এ ক্ষেত্রে তারা বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল, কমনওয়েলথসহ তাদের গঠিত বিভিন্ন সংস্থাকে ব্যবহার করে। এমন কি যেসকল দেশ তাদের কথামত চলতে রাজি হয় নি, সেখানে তারা বল প্রয়োগ পর্যন্ত করেছে। ইন্দোনেশিয়ার ড. সুকর্ণোর সরকার, চিলির ড. আলেন্দের সরকার ও বাংলাদেশের বঙ্গবন্ধুর সরকারসহ বহু দেশের সরকারকে তারা বলপ্রয়োগের মাধ্যমে উৎখাত করেছে অত্যন্ত নৃশংসভাবে। অথচ চীন, ভিয়েতনাম, উত্তর কোরিয়া, কিউবা, ভারত ও মালয়েশিয়ার মত দেশগুলো সাম্রাজ্যবাদীদের রুখে দাঁড়াতে পেরেছে বিধায় তারা পঞ্চ বার্ষিক পরিকল্পনার মাধ্যমে অভূতপূর্ব অগ্রগতি সাধনে সক্ষম হয়েছে।

বাংলাদেশও স্বাধীনতা উত্তর সময়ে তার আর্থসামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করার জন্যে পরিকল্পিত উন্নয়নকে প্রধান অর্থনৈতিক দর্শন হিসেবে গ্রহণ করে। ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধের আশা-আকাংখাকে ধারণ করে ১৯৭২ সালেই রচিত হয়েছিল বাংলাদেশের সংবিধান যা ঐ বছরের ৪-ঠা নভেম্বর সংসদে পাশ হয়েছিল। এ সংবিধানে বাংলাদেশের লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল চারটি ঃ বাঙালী জাতীয়তাবাদ, ধর্ম নিরপেক্ষতা, গণতন্ত্র ও সমাজতন্ত্র। আর এ চারটি লক্ষ্যকে বাস্তবে রূপ দেয়ার উদ্দেশ্যেই রচিত হয়েছিল বাংলাদেশের প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনা (১৯৭৩-৭৮) যার প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ ছিল নিম্নরূপ (১০)ঃ

১। *দারিদ্র্য হ্রাস করা ;*

২। *পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ চালিয়ে যাওয়া এবং কৃষি ও শিল্পের উৎপাদন ১৯৬৯-৭০ সালের পর্যায়ে উন্নীত করা ;*

৩। *মোট আভ্যন্তরীণ উৎপাদন ৫.৫% হারে বৃদ্ধি করা, ৪১ লক্ষ লোকের কর্মসংস্থান সৃষ্টি করা এবং ছদ্ম বেকারত্ব হ্রাস করা ;*

৪। *ভোগ্য পণ্যের (খাদ্য, বস্ত্র, ভোজ্য তেল, কেরোশিন ও চিনি) উৎপাদন বৃদ্ধি করা ;*

৫। *মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণ করা ;*

৬। *মাথাপিছু আয় ২.৫% হারে বৃদ্ধি করা (দরিদ্রদের আয় বৃদ্ধি ও ধনীদের আয় স্থির রাখার মাধ্যমে);*

৭। *সমাজতান্ত্রিক রূপান্তরের জন্যে ইতোমধ্যে অর্জিত সাফল্যসমূহকে আরও শক্তিশালী ও মজবুত করা ;*

৮। *স্বয়ম্ভরতা অর্জনের মাধ্যমে বৈদেশিক সাহায্য নির্ভরতা হ্রাস করা (আমদানী বিকল্প শিল্পায়ন ঃ মাধ্যমিক পণ্য, সার, সিমেন্ট, ইস্পাত ইত্যাদি শিল্প গড়ে তোলার মাধ্যমে) ;*

৯। *খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্যে কৃষির প্রযুক্তিগত ও প্রাতিষ্ঠানিক রূপান্তর ঘটানো ;*

১০। *জনসংখ্যা পরিকল্পনা ও নিয়ন্ত্রনের এক উচ্চাকাংখী কর্মসূচীর ভিত্তিমূলক কাজে হাত দেয়া ;*

১১। *উন্নয়ন ব্যয় বৃদ্ধি করা এবং সামাজিক ও মানব সম্পদ উন্নয়নের মত খাতগুলোকে (শিক্ষা, স্বাস্থ্য, গ্রামীণ আবাসন ও পানি সরবরাহ ইত্যাদি) গুরুত্ব দেয়া ;*

১২। *সারা দেশব্যাপী সুষমভাবে আয় ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা সৃষ্টি করা।*

বাংলাদেশের প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনার উপরোক্ত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অত্যন্ত মহৎ ও সুদূরপ্রসারী ছিল এবং ওগুলো বাস্তবায়িত হলে প্রকৃতপক্ষেই আমাদের দেশ একটি স্বয়ম্ভর ও মর্যাদাশীল দেশে পরিণত হতো বলে আমরা বিশ্বাস করি। কিন্তু একাত্তরের পরাজিত শক্তি এবং দেশীয় ও আন্তর্জাতিক প্রতিক্রিয়াশীল অশুভ শক্তির নানামুখী অপতৎপড়তার কারণে এ পরিকল্পনার বাস্তবায়ন প্রক্রিয়া মাঝপথে বাঁধাগ্রস্থ হয়। যেসকল কারণে এ পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জিত হতে পারে নি সেগুলো হচ্ছে নিম্নরূপ ঃ

১। *মহান স্বাধীনতা যুদ্ধের অপুরনীয় ক্ষয়ক্ষতি (৩০ লক্ষ মানুষের আত্মাহুতি, রাস্তাঘাট, সেতু, কালভার্ট, রেল লাইন, নগর, বন্দর ইত্যাদি প্রায় ধ্বংসস্তুপে পরিণত হয় এবং কৃষি, শিল্প ও অবকাঠামোর মত খাতগুলো বিরান হয়ে যায়) ;*

২। *যাওয়ার (পরাজিত হওয়ার) মূহুর্তে পাকিস্তানীদের আখেরী লুণ্ঠন (আমাদের উড়োজাহাজ, সমুদ্রগামী জাহাজ–ট্যাংকার, বোট, গানবোট ইত্যাদি ; বাংলাদেশ ব্যাংকসহ সকল ব্যাংকে রক্ষিত টাকা–পয়সা, সোনা–দানা সবকিছুই তারা নিয়ে যায়) ;*

৩। *স্বাধীনতার শত্রুদের ধ্বংসাত্মক তৎপড়তা (শিল্প কলকারখানায় আগুন দেয়া, নানাভাবে উৎপাদন কর্মকান্ডে বাঁধা দেয়া, চুরি-ডাকাতি ইত্যাদি) ;*

৪। *আন্তর্জাতিকভাবে সাম্রাজ্যবাদী–পুঁজিবাদী দেশসমূহের অসহযোগিতা (শর্তযুক্ত সাহায্যের প্রস্তাব যা বঙ্গবন্ধুর সরকার প্রত্যাখ্যান করেন, ঋণ ও খাদ্য সাহায্য দিতে গড়িমশী করা (১৯৭৪), দেশীয় প্রতিক্রিয়াশীল ও স্বাধীনতা বিরোধী শক্তিগুলোকে মদদ দান ইত্যাদি) ;*

৫। *১৯৭৪ সালের ভয়াবহ বন্যা (বন্যার ফলে কৃষি উৎপাদন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়) ;*

৬। *জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি (১৯৭৩ সালের ইসরাইল–মিশর–সিরিয়ার যুদ্ধের ফলে তেলের মূল্য*

বৃদ্ধি পেতে শুরু করে ঃ ১৯৭৩ সালের ব্যারেল প্রতি এক ডলারের মূল্য বৃদ্ধি পেয়ে ১৯৭৫ সালে পনের ডলার এবং ১৯৭৮ নাগাদ প্রায় কুড়ি ডলারে উঠে যায়) ;

৭। *১৯৭৫ সালের ১৫-ই আগষ্ট বঙ্গ বন্ধুকে সপরিবারে হত্যা (শেখ হাসিনা ও শেখ রেহানা ব্যতীত অন্য সকলকে হত্যা করা হয় ; প্রতিষ্ঠা করা হয় সাম্রাজ্যবাদের পদলেহী ক্রীড়নক সরকার ; অবশ্য প্রকৃত ক্ষমতা সেনাবাহিনীর হাতেই থেকে যায় এবং পরবর্তীতে জেনারেল জিয়ার ক্ষমতা দখলের মাধ্যমে যা চূড়ান্ত পরিণতি লাভ করে) ;*

৮। *লক্ষ্যের পরিবর্তন (সামরিক শাসক জিয়া এক কলমের খোঁচায় সংবিধানের দু'টি গুরুত্বপূর্ণ লক্ষ্য কেটে ধর্মনিরপেক্ষতার বদলে বিসমিল-াহ এর প্রবর্তন করলেন এবং সমাজতন্ত্রের বদলে সামাজিক ন্যায় বিচার প্রতিস্থাপন করলেন)।*

সামরিক একনায়ক জেনারেল জিয়া সবচেয়ে বেশী ক্ষতি করেছেন দেশের পরিকল্পনা ব্যবস্থার। বঙ্গবন্ধুর সরকার স্বাধীনতার পর ১৯৭২ সালে একটি মর্যাদাসম্পন্ন স্বাধীন পরিকল্পনা কমিশন গঠন করেছিলেন এবং সেখানে দেশের শ্রেষ্ঠ বিশেষজ্ঞ অর্থনীতিবিদদের স্থান করে দিয়েছিলেন। প্রফেসর নূরুল ইসলাম (ডেপুটি চেয়ারম্যান), প্রফেসর মুশাররফ হোসেন (সদস্য), প্রফেসর মোজাফফর আহমদ (সদস্য) ও প্রফেসর রেহমান সোবহান (সদস্য) এর মত বিশিষ্ট ব্যক্তিত্বরা বাংলাদেশের প্রথম পরিকল্পনা কমিশনে কাজ করেছেন এবং দেশের প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনা রচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। অথচ সামরিক ও বেসামরিক আমলাদের কুপরামর্শে জেনারেল জিয়া পরিকল্পনা কমিশনের মর্যাদা ক্ষুন্ন করে সেখানে আমলাদের রাজত্ব কায়েম করেন। মন্ত্রণালয়ের পর্যায়ে নামিয়ে আনা হয় পরিকল্পনা কমিশনকে। বিশেষজ্ঞরা বিশেষ করে প্রখ্যাত অর্থনীতিবিদরা বিতারিত হন সেখান থেকে। পরিকল্পনা কমিশন পরিণত হয় একটি অধঃস্তন মামুলি প্রতিষ্ঠানে। ফলশ্রুতিতে বাংলাদেশের পরবর্তী সকল পরিকল্পনাই মূলতঃ আমলাদের স্বার্থে এবং আমলাদের দ্বারা রচিত হয়েছে। অথচ প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনা রচিত হয়েছিল দেশের জন্যে, দেশের জনগণের জন্যে এবং দেশের শ্রেষ্ঠ বিশেষজ্ঞদের দ্বারা। পরবর্তী পরিকল্পনাগুলোর ক্ষেত্রে আমরা অমনটা দেখতে পাই নি। একমাত্র ব্যতিক্রম ছিল পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনা ; যেখানে বিশেষজ্ঞদের কাজে লাগানোর একটা প্রচেষ্টা পরিলক্ষিত হলেও আমলাদের খবরদারীমুক্ত করা যায় নি পরিকল্পনা ব্যবস্থাকে। আসলে পঁচাত্তর পরবর্তী সরকারগুলো বিশেষ করে সামরিক, বিএনপি ও জাতীয় পার্টির সরকারগুলো বিশ্ব ব্যাংক ও আইএমএফের মত সাম্রাজ্যবাদী সংস্থাগুলোর কুপরামর্শে এদেশ থেকে পরিকল্পনার নাম-গন্ধ মুছে ফেলার প্রকল্প হাতে নেয়। আর সেজন্যেই আমরা দখেতে পাই যে, ১৯৯১–৯৬ সময়ে বিএনপি যখন ক্ষমতায় ছিল তখন ১৯৯৫ সালে বাংলাদেশের চতুর্থ পঞ্চ বার্ষিক পরিকল্পনার মেয়াদ শেষ হলেও তৎকালীন সরকার পরবর্তী পরিকল্পনা, অর্থাৎ পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনা রচনা করে নি। ফলে ১৯৯৬–৯৭ সময়টা বাংলাদেশ পরিকল্পনাহীন অবস্থায় চলেছে। ১৯৯৬ এর নির্বাচনে শেখ হাসিনার সরকার ক্ষমতায় এসে ১৯৯৭-২০০২ সময়ের জন্যে পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনা রচনা করে। ২০০২ সালে এ পরিকল্পনার মেয়াদ শেষ হলেও বিএনপি-জামাতী সরকার পরবর্তী, অর্থাৎ ষষ্ঠ পঞ্চ বার্ষিক পরিকল্পনা রচনা করে নি। তারা আবার সাম্রাজ্যবাদীদের নীলনকসা অনুযায়ী ঘূর্ণায়মান (rolling) পরিকল্পনা, অংশীদারিত্বের পরিকল্পনা এবং সবশেষে পিআরএসপি ইত্যাদি বিভিন্ন চটকদারী ও অদ্ভূত সব কর্মসূচী রচনা করে চলেছে। দেশের অর্থনীতিতে বর্তমানে বিদ্যমান চরম নৈরাজ্যজনক অবস্থার জন্যে আমরা মনে করি পরিকল্পনাহীনতাই অনেকাংশে দ্বায়ী। আসলে অর্থনীতির জন্যে গুরুত্বপূর্ণ কোন প্রকল্পের পরিকল্পনা থেকে বাস্তবায়ন পর্যন্ত

কম পক্ষে একটা মধ্য মেয়াদের সময়ের, অর্থাৎ পাঁচ বছরের সময়ের প্রয়োজন হয় (যেমন একটি বিদ্যুৎ কেন্দ্র নির্মান, একটি সেতু নির্মান ইত্যাদি)। আর জাতির সম্মুখে কতগুলো সুনির্দিষ্ট লক্ষ্য ও লক্ষ্যমাত্রা থাকলেই কেবল তা অর্জনের জন্যে প্রচেষ্টা নেয়া সম্ভব হয়। একমাত্র পঞ্চ বর্ষিক পরিকল্পনার মাধ্যমেই তা সম্ভব বলে আমরা মনে করি। সেকারণেই চীন, ভারত ও মালয়েশিয়ার মত দেশগুলো তাদের অর্থনীতিতে পঞ্চ বার্ষিক পরিকল্পনার ধারা বজায় রেখেছে এবং যা কিছু সংস্কার প্রয়োজন তা তারা পঞ্চ বার্ষিক পরিকল্পনার আওতায়ই করেছে। ভারত তো সরাসরি পিআরএসপি করার ধারণা প্রত্যাখ্যান করে দিয়েছে।

বর্তমানে বিএনপি-জামাতী জাতীয়তাবাদী সরকারের প্রধানমন্ত্রী থেকে শুরু করে মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, উপদেষ্টা, নেতা, উপ-নেতা, পাতিনেতা সবারই এক কথা বাংলাদেশ তাদের আমলে উন্নয়নের জোয়ারে ভাসছে। কিন্তু দেশের মানুষ দেখছেন ঃ সর্বত্রই উন্নয়নে ভাটা; সন্ত্রাস, চাঁদাবাজী, টেন্ডারবাজী, ক্রস ফায়ার ও এনকাউন্টারে হত্যা, ক্লীনহার্ট অপারেশনে হত্যা, খুন-খারাবি, রাহাজানি, দখল, জবর-দখল, দুর্নীতি ও দুঃশাসনে দেশ ডুবছে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, বিদ্যুৎ ও জ্বালানীর সমস্যা তো মানুষকে পাগল করে দিয়েছে। এ সবে জর্জড়িত মানুষ এখন বিদ্রোহী হয়ে উঠছে ঃ কানশাট ও শনির আখড়ার ঘটনা এরই সর্বশেষ উদাহরণ। দেশের তথা জনগণের সমস্যা নিয়ে সরকারের কোনও মাথাব্যাথা নেই। সংসদে এগুলো নিয়ে সরকার নিজেও আলোচনা করে না, বিরোধী দলগুলোকেও আলোচনা করতে দেয় না। আর জাতীয়তাবাদী সরকারের অর্থমন্ত্রী তো তথ্য ইঞ্জিনিয়ারিং এ ওস্তাদ। পরিসংখ্যান ব্যুরোকে তিনি তার কাছে নিয়ে নিয়েছেন এবং ইচ্ছে মত তথ্য উৎপাদন ও সরবরাহ করছেন। শেখ হাসিনার আমলের তথ্যকে কমিয়ে দেখাচ্ছেন এবং তাদের (বিএনপি–জামাতী সরকারের) তথ্য বাড়িয়ে দেখাচ্ছেন। দেশের এবং বিদেশের জাতীয়তাবাদী হোক আর বিজাতীয়তাবাদীই হোক কেহই বর্তমান সরকারের তথ্যে বিশ্বাস করছে না। এমন কি বিশ্ব ব্যাংক, এডিবির মত সংস্থার হিসেবের সাথে বর্তমান অর্থমন্ত্রীর প্রবৃদ্ধির হিসেব মিলছে না। এত কিছুর পরেও দেখা যাচ্ছে যে, বর্তমান ও অতীতের বিএনপি সরকারগুলোর প্রবৃদ্ধির চিত্র আওয়ামী লীগ সরকারগুলোর প্রবৃদ্ধির চিত্রের তুলনায় অনেকটাই মলিন। সামরিক ও এরশাদ সরকারের প্রবৃদ্ধির চিত্র আরই খারাপ (সারণী – ৯)। সারণী–৯ এ উপস্থাপিত তথ্য বলছে যে, চরম প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশের প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অর্জিত প্রবৃদ্ধির হার বেশ সন্তোজনক ছিল–৪.০০%। অন্যদিকে পরবর্তি তিনটি পরিকল্পানয়–একটি দু'বছর মেয়াদী ও দু'টি

সারণী ৯ : বাংলাদেশের পঞ্চ বার্ষিক পরিকল্পনাসমূহে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ও অর্জনের চিত্র, ১৯৭৩ – ২০০২ সময়ে

পরিকল্পনাসমূহ	প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা, %	অর্জন, %
১	২	৩
১। প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনা ঃ ১৯৭৩ – ১৯৭৮	৫.৫০	৪.০০
২। দ্বি-বার্ষিক পরিকল্পনা ঃ ১৯৭৮ – ১৯৮০	৫.৬০	৩.৫০
৩। দ্বিতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনা ঃ ১৯৮০ – ১৯৮৫	৫.৪০	৩.৮০
৪। তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনা ঃ ১৯৮৫ – ১৯৯০	৫.৪০	৩.৮০
৫। চতুর্থ পঞ্চ বার্ষিক পরিকল্পনা ঃ ১৯৯০ – ১৯৯৫	৫.০০	৪.১৫
৬। পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনা ঃ ১৯৯৭ – ২০০২	৭.০০	৫.২১

উৎসঃ ১, পৃঃ ২৪৩ এর ভিত্তিতে প্রস্তুতকৃত।

পঞ্চ বার্ষিক পরিকল্পনায় প্রবৃদ্ধি ছিল অত্যন্ত অসন্তোষজনক ঃ ৪.০০% এর নীচে, যথাক্রমে ৩.৫০%, ৩.৮০% ও ৩.৮০% । চতুর্থ পঞ্চ বার্ষিক পরিকল্পনায় এসে প্রবৃদ্ধির হার প্রথম পঞ্চ বার্ষিক পরিকল্পনার পর্যায়ে উন্নীত হলেও সন্তোষজনক বলা যায় না কোনও বিবেচনায় (বিএনপি ক্ষমতায় ছিল তখন) । পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় এসে দেখা যাচ্ছে যে, প্রবৃদ্ধির হার জাতীয়তাবাদী হিসেবেও পূর্ববর্তী সকল রেকর্ড ভঙ্গ করে, অর্থাৎ প্রবৃদ্ধি ৫.২১% এ উন্নীত হয় (আওয়ামী লীগ সরকারের হিসেবে ৬.০% এর বেশী) ।

সারণী ১০ : সাম্প্রতিককালের বাংলাদেশের তিনটি সরকারের আমলে সরকারী বিনিয়োগের চিত্র, ১৯৯১ – ২০০২ সময়ে

সরকারী বিনিয়োগ	সরকার		
	খালেদা	হাসিনা	খালেদা – নিজামী
	১৯৯১ – ১৯৯৬	১৯৯৬ – ২০০১	২০০১ – ২০০৫
১ ২	৩	৪	
মোট আভ্যন্তরীণ উৎপাদনের অংশ, %	৬.৬৪	৬.৯৪	৬.১৮

উৎসঃ ২, পৃঃ ২২২ এর ভিত্তিতে হিসেবকৃত ।

সারণী ১১ : বাংলাদেশের সাম্প্রতিককালের তিনটি সরকারের গড় প্রকল্প সাহায্য ব্যয়ের চিত্র, ১৯৯১ – ২০০৫ সময়ে

প্রকল্প সাহায্য	সরকার		
	খালেদা	হাসিনা	খালেদা – নিজামী
	১৯৯১ – ১৯৯৬	১৯৯৬ – ২০০১	২০০১ – ২০০৫
১	২	৩	৪
মোট ব্যয়ের অংশ, %	৮৯.৪	৯১.২	৭৮.৪

উৎসঃ ২, পৃঃ ২৩৫ এর ভিত্তিতে হিসেবকৃত ।

২০০৩ সাল থেকে সরকার পিআরএসপি বাস্তবায়ন শুরু করে (২০০২ সালে পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনার মেয়াদ শেষ হয়) । ২০০৫ সাল পর্যন্ত প্রাপ্ত সরকারী তথ্যেই দেখা যাচ্ছে যে, সরকারী বিনিয়োগ, প্রকল্প বাস্তবায়ন এবং গুরুত্বপূর্ণ খাতসমূহের প্রবৃদ্ধির ক্ষেত্রে বর্তমান জোট সরকার পূর্ববর্তী হাসিনা সরকারের অনুরূপ তথ্য থেকে অনেকটাই পিছিয়ে আছে (সারণী – ১০, সারণী – ১১ ও সারণী – ১২) । সারণী – ১০ এর তথ্যে দেখা যাচ্ছে যে, খালেদা–নিজামী জোট সরকারের আমলে ২০০১–২০০৫ সময়ে গড়ে সরকারী বিনিয়োগের অংশ ছিল মাত্র ৬.১৮% (মোট আভ্যন্তরীণ উৎপাদনের অংশ হিসেবে) যা খালেদা জিয়ার পূর্ববর্তী শাসনামলের (১৯৯১–১৯৯৬) চেয়েও কম (৬.৬৪%) । আর শেখ হাসিনার আমলে (১৯৯৬–২০০১) অনুরূপ অংকটি ছিল ৬.৯৪% (প্রায় ৭.০%) । প্রকল্প বাস্তবায়নেও জোট সরকার চরম ব্যর্থতার পরিচয় দিচ্ছে । ২০০১–২০০৫ (জোট

সারণী ১২ : বাংলাদেশের সাম্প্রতিককালের তিনটি সরকারের আমলে অর্থনীতির বিভিন্ন খাতের গড় প্রবৃদ্ধির চিত্র, ১৯৯১ – ২০০৫ সময়ে %

খাতসমূহ	সরকার		
	খালেদা	হাসিনা	খালেদা – নিজামী
	১৯৯১ – ১৯৯৬	১৯৯৬ – ২০০১	২০০১ – ২০০৫
১	২	৩	৪
১। কৃষি	০.৪৪	৪.৫৮	১.৬৭
২। মৎস্য	৭.৭৬	৬.১৮	২.৯২
৩। শিল্প	৮.২১	৫.৬৪	৬.৯৪
৪। খুচরা ব্যবসা	৫.৩৪	৬.৩৪	৬.৫২
৫। যোগাযোগ	৪.১০	৬.২১	৬.২৬
৬। নির্মাণ	৭.৮৫	৮.০৩	৮.৪১
মোট আভ্যন্তরীণ উৎপাদন	৪.৬৪	৫.৩৪	৫.০৮

উৎসঃ ২, পৃঃ ২২৫ এর ভিত্তিতে হিসেবকৃত।

সরকারের আমলে) সময়ে প্রকল্প বাস্তবায়নের গড় হার ছিল ৭৮.৪%, ১৯৯১–১৯৯৬ (খালেদার আমলে) ছিল ৮৯.৪%, আর ১৯৯৬–২০০১ (শেখ হাসিনার আমলে) সময়ে ছিল ৯১.২%। ২০০৫–২০০৬ অর্থ বছরে প্রকল্প বাস্তবায়নের হার আরও হ্রাস পেয়েছে (৭০.০% এরও কম)। অপরদিকে সারণী – ১২ এর তথ্য থেকে আমরা দেখতে পাচ্ছি যে, অন্যান্য খাতগুলোর গড় প্রবৃদ্ধি হাসিনা আমলের কাছাকাছি থাকলেও কৃষি ও মৎস্য খাতের প্রবৃদ্ধি সাংঘাতিকভাবে হ্রাস পেয়েছে। খালেদা–নিজামী আমলে কৃষির গড় প্রবৃদ্ধি মাত্র ১.৬৭% এ এসে ঠেকেছে, যা হাসিনার আমলে প্রায় তিন গুণ বেশী ছিল (৪.৫৮%)। অবশ্য খালেদার পূর্ববর্তী আমলে (১৯৯১–১৯৯৬) তা আরও কম ছিল মাত্র ০.৪৪%। মৎস্য উৎপাদনের ক্ষেত্রে খালেদা ও হাসিনার আমলের গড় প্রবৃদ্ধি ছিল যথাক্রমে ২.৯২% ও ৬.১৮%। ২০০৫–২০০৬ এ এসে অবস্থার যে আরও অবনতি হয়েছে তাতে কোনও সন্দেহ নেই। বর্তমান জোট সরকারের চরম দুঃশাসনে দেশ আজ ধ্বংসের শেষ প্রান্তে এসে পৌছেছে। সংকট নেই এমন কোনও ক্ষেত্র আজ আর খুঁজে পাওয়া যাচ্ছে না। আমরা মনে করি সরকার সাম্রাজ্যবাদী দেশ ও সংস্থাগুলোর কুপরামর্শ মোতাবেক পরিকল্পনাহীন অবস্থায় চলতে গিয়েই এরকম একটা লেজে-গোবরে অবস্থার জন্ম দিয়েছে যা আমাদের দেশের প্রাপ্য ছিল না। অতএব, আমরা বিশ্বাস করি যে, পি.আর.এস.পি কখনই পঞ্চ বার্ষিক পরিকল্পনার বিকল্প হতে পারে না। টেকসইভাবে দারিদ্র্য নির্মূল করতে হলে পরিকল্পনার কাছেই যেতে হবে।

সুপারিশমালা

তথাকথিত প্রবৃদ্ধি এবং তার উচ্ছিষ্ট বিতরণ নয়, আমরা চাই টেকসইভাবে দারিদ্র্য সমস্যার সমাধান। আর তা করতে হলে আমাদের মতে নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করা অত্যন্ত জরুরী ঃ

১. পিআরএসপি নয়, পরিকল্পনায় ফিরে যেতে হবে ঃ পঞ্চ বার্ষিক ও প্রেক্ষিত পরিকল্পনায়। মনে রাখতে হবে দারিদ্র্য একটি বহু মাত্রিক জটিল সমস্যা ঃ এর সাথে জনসংখ্যাতাত্ত্বিক (demographic), অর্থনৈতিক (economic), সামাজিক (social), সাংস্কৃতিক (cultural) ইত্যাদি উপাদানের সরাসরি সম্পর্ক বিদ্যমান। কাজেই সমস্যার মূলে হাত দিতে হবে। আর সেজন্যে প্রয়োজন দীর্ঘমেয়াদী (১০ – ২০ – ৫০ – ১০০ বছর), মধ্যমেয়াদী (৫ – ১০ বছর) ও স্বল্প মেয়াদী (১ – ৫ বছর) সুসমন্বিত পরিকল্পনার যার থাকবে সুনির্দিষ্ট লক্ষ্য – দারিদ্র্যমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা।

২. সম্পদে দরিদ্রদের অধিকার দিতে হবে। ভূমি ও জলাশয়সহ যাবতীয় জাতীয় সম্পদে দরিদ্রদের তথা জনগণের মালিকানা কায়েম করা ব্যতীত বাংলাদেশের দারিদ্র্য সমস্যার সমাধান সম্ভব নয় বলে আমরা মনে করি। জরুরী ভিত্তিতে এবং স্বল্প সময়ের মধ্যে সরকারী খাশ জমি দরিদ্রদের মধ্যে বন্টনের কর্মসূচী গ্রহণ করতে হবে। মনে রাখতে হবে রক্ষক ভক্ষক হলে চলবে না। দেখা যাচ্ছে যে, কিছু কিছু খাশ জমি বন্টন করা হলেও প্রকৃত দরিদ্ররা তা পায় নি, অথবা পেলেও পরবর্তীতে প্রভাবশালীরা তা জবরদখল করে নিয়েছে। সুতরাং দরিদ্ররা যাতে বন্টনকৃত জমির দখল পায় ও তা ব্যবহার করতে পারে তার নিশ্চয়তা সরকারকেই দিতে হবে। জলমহল (নদী, বিল, হাওর-বাওর, সাগর ইত্যাদি) ও বনাঞ্চলের ক্ষেত্রেও দরিদ্রদের অধিকারকে অগ্রাধিকার দেয়া আবশ্যক। বর্তমানে প্রভাবশালীরাই এগুলো ভোগ করছে নিজের নাম করে এবং সরকার বঞ্চিত হচ্ছে বিপুল পরিমাণ রাজস্ব থেকে। আমাদের বক্তব্য হচ্ছে ঃ খাশ জমি, জলমহল ও বনাঞ্চলের ক্ষেত্রে সমবায় পদ্ধতি প্রয়োগ করে দরিদ্রদের সংগঠিত করা যেতে পারে এবং সরকার সর্বোতভাবে সাহায্য ও সহযোগিতা দিলে এভাবে ওগুলোর অর্থনৈতিক ব্যবহার যেমন নিশ্চিত হবে, ঠিক তেমনিভাবে লক্ষ লক্ষ দরিদ্র মানুষের কর্মসংস্থান ও জীবন-জীবিকার সংস্থান সম্ভব হবে।

৩. দরিদ্রদের ক্ষমতায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। শেখ হাসিনার সরকারের আমলে স্থানীয় সরকারের কাঠামো (চার স্তর বিশিষ্ট) সংক্রান্ত যে আইন পাশ হয়েছিল তার আলোকে নিয়মিত নির্বাচনের ব্যবস্থা করতে হবে। বর্তমানে এ আইনের আংশিক বাস্তবায়ন আমরা দেখতে পাচ্ছি (উপজেলা নির্বাচন আদৌ হয়নি)। উপরন্তু গ্রাম সরকারের মত এক দানবীয় (অনির্বাচিত) দলীয় ব্যবস্থা চাপিয়ে দেয়া হয়েছে আমাদের সুন্দর গ্রামগুলোর উপর। পূর্বেই উল্লেখ করেছি যে, হাইকোর্ট এ ব্যবস্থাকে অবৈধ ঘোষণা করে রায় দিয়েছে; অথচ সরকার সুপ্রিম কোর্টে আপিলের নামে একে ঝুলিয়ে রেখেছে অদ্যাবধি। আমাদের কথা হচ্ছে ঃ ছল-চাতুরী করে লাভ নেই; দরিদ্রদের ক্ষমতায়ন ব্যতীত দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়া অসম্ভব। অতএব, স্থানীয় সরকারের সর্ব স্তরে দরিদ্রদের প্রতিনিধিত্ব ও অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে।

৪. দেশের বাজেট ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। বাজেট হতে হবে দরিদ্রবান্ধব। পিআরএসপি করা হয়েছে; অথচ বাজেট করা হচ্ছে বিত্তবান ও শাসক গোষ্ঠির স্বার্থে। সরকারের রাজস্ব আয়ের

৮০% এরও বেশী আসছে পরোক্ষ কর থেকে যার বোঝাটা শেষ পর্যন্ত দরিদ্রদেরকেই বহন করতে হচ্ছে। আয়কর ও কর্পোরেট কর থেকে সরকার মাত্র ১৫% এর মত আয় করছে। অন্যদিকে ব্যবসায়ী – শিল্পোদ্যোক্তাদের সরকার কর অবকাশ সুবিধাসহ হাজার হাজার কোটি টাকার নগদ সুবিধা দিয়ে আসছে। বিষয়টি এমন পর্যায়ে গেছে যে, ব্যবসায়ীরা এখন বিদ্যমান ৫% এর স্থলে ১৫% নগদ সহায়তা চাচ্ছে। সবচেয়ে আতঙ্কের ব্যাপার হচ্ছে এই যে, বিএনপি–জামাত জোট সরকারের বিগত পৌনে পাঁচ বছরের শাসনামলে চাঁদাবাজি ও সিন্ডিকেট ব্যবসা এমন পর্যায়ে পৌছেছে যে, দেশবাসী আজ তাদের কাছে প্রকৃতপক্ষেই জিম্মি হয়ে পড়েছে। প্রখ্যাত অর্থনীতিবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক ডঃ আবুল বারকাত তার এক গবেষণায় দেখিয়েছেন যে, বিগত সাড়ে চার বছরে সিন্ডিকেট চক্র বাজার নিয়ন্ত্রণের মাধ্যমে ২ লাখ ৮৬ হাজার ১১০ কোটি টাকা হাতিয়ে নিয়েছে (১৫, ২০ ঃ ০৬ ঃ ০৬)। তাছাড়া সরকারী খাশ জমি, বনাঞ্চল, জলাশয় ও রেলের জমিসহ সরকারী সকল প্রতিষ্ঠানের সম্পত্তি মন্ত্রী, এমপিসহ সরকারী দলগুলোর গুন্ডা-মাস্তানরা দখল, জবর-দখল করছে, ভোগ করছে। অথচ সরকারের বাজেটে এ সম্পর্কে কোনও বক্তব্য পাওয়া যাচ্ছে না। তাহলে কি দাঁড়াল? সরকার বাজেটের মাধ্যমে দরিদ্রদের কাছ থেকে টাকা (কর আকারে) নিয়ে ধনীদের মধ্যে বিভিন্ন সুবিধা দেয়ার নামে বন্টন করে দিচ্ছে। আর কৃত্রিমভাবে (চাঁদাবাজি ও সিন্ডিকেট ব্যবসার মাধ্যমে) জিনিষ পত্রের দাম বাড়িয়ে দরিদ্র মানুষের সর্বস্ব লুটে নিচ্ছে। তাছাড়া সরকারী সম্পত্তি (যা আসলে গরীবের হক) লুন্ঠনের মাধ্যমে সরকারদলীয়রা দরিদ্র মানুষের হক নষ্ট করছে, তাদেরকে বঞ্চিত করছে। বাজেট ব্যবস্থার আর একটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে দুর্নীতির ব্যাপারে নিরবতা পালন। কোন কোন বাজেটে দুর্নীতির স্বীকৃতি থাকলেও অর্থমন্ত্রীকে এরকম বলতে শোনা গেছে যে, "উন্নত দেশেও দুর্নীতি হয় ; অতএব আমাদের দেশেও হবে, তাতে দোষের বা আশ্চর্যের কিছু নেই"। আর দুর্নীতি দমন কমিশনের নামে যে ধ্বজভঙ্গ কমিশন গঠন করা হয়েছে তাকে দুর্নীতি দমনের নামে বাহাস বললেও কম বলা হবে বলে আমরা মনে করি। সুতরাং আমাদের কথা হচ্ছে এই যে, বাজেটের এ গরীব-বিদ্বেষী দিকগুলোকে উল্টোদিকে ঢেলে সাজাতে হবে। ভারত ও চীন পারলে আমরা পারবো না কেন? ধনীরা কর দেবে, দরিদ্ররা পাবে, দুর্নীতি ও চাঁদাবাজি থাকবে না। এ বিষয়গুলো সরকারকেই নিশ্চিত করতে হবে। তা না হলে দারিদ্র্য উচ্ছেদ শুধুই ফাঁকা বুলি হয়ে থেকে যাবে।

৫. দরিদ্রবান্ধব অর্থনৈতিক অবকাঠামো গড়ে তুলতে হবে। কে না জানে যে, রেল ও নৌ পরিবহণ হচ্ছে সবচেয়ে দরিদ্রবান্ধব পরিবহণ ব্যবস্থা। অথচ আমাদের দেশে এ দু'টি পথই সবচেয়ে অবহেলিত রয়ে গেছে। স্বাধীনতার পয়ত্রিশ বছরে প্রায় ৯ হাজার কিলোমিটার নৌ পথ এখন প্রায় ৩ হাজার কিলোমিটারে এসে ঠেকেছে; আর প্রায় ২,৮০০ কিলোমিটার রেল পথ মাত্র ২,৬০০ (প্রায়) কিলোমিটারে এসে দাঁড়িয়েছে (১৩)। পক্ষান্তরে প্রায় আড়াই লক্ষ কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে। এতে দেশের অতি মূল্যবান হাজার হাজার হেক্টর আবাদী জমি নষ্ট হয়েছে এবং অসংখ্য দরিদ্র মানুষ ক্ষতিগ্রস্থ হয়েছে (তাদের জমিও গেছে এবং জমির মূল্যও তারা পায়নি)। তদুপরি মানসম্পন্ন রাস্তা না হওয়ায় প্রতিবছর মেরামতির নামে হাজার হাজার কোটি টাকা অপচয় হচ্ছে। আর সড়ক পথে মানুষের উপকারের যে ফিরিস্তি দেয়া হচ্ছে তার চেয়ে রেল ও নৌ পথের বিকাশ ঘটালে হাজার গুণে বেশী উপকৃত হতো এদেশের দরিদ্র মানুষরা। কারণ

এ দু'টো পথেই অনেক কম খরচে মানুষ যাতায়াত ও পণ্য পরিবহণ করতে পারতো। অতএব, দারিদ্র্য উচ্ছেদ করতে হলে এ দু'টো পথের দিকে জরুরী ভিত্তিতে বিশেষ নজর দিতে হবে।

৬. মানব দারিদ্র্য দূরীকরণে শিক্ষার ভূমিকা অনস্বীকার্য। স্বাধীনতার ৩৫ বছর পরেও দেখা যাচ্ছে যে, বাংলাদেশের প্রায় অর্ধেক মানুষ অক্ষরজ্ঞানহীন। এত বিপুল সংখ্যক মূর্খ মানুষ নিয়ে দারিদ্র্য উচ্ছেদের চিন্তা করা অনেকটা উজানে নৌকা চালানোর মতই মনে হয়। আর শিক্ষার নামে আমাদের দেশে চলছে আসলে ব্যবসা। দেশপ্রেম ও বাস্তবতা বিবর্জিত চলমান শিক্ষা ব্যবস্থা আমাদের মানুষকে করছে বিভ্রান্ত ও বিপথগামী। আমাদের বক্তব্য হচ্ছে ঃ শিক্ষা খাতকে এ অবস্থা থেকে অবশ্যই মুক্ত করতে হবে ; এখাতের বরাদ্দ বর্তমানের কয়েক গুণ বাড়াতে হবে ; বিজ্ঞান ও কারিগরী শিক্ষার উপর গুরুত্ব দিয়ে শিক্ষা ব্যবস্থায় শৃংখলা ফিরিয়ে আনতে হবে ; স্বল্প সময়ের মধ্যে দেশকে নিরক্ষরমুক্ত করার এক ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করতে হবে ; শিক্ষকদের জন্যে আলাদা ও উচ্চতর বেতন কাঠামোর প্রবর্তন করতে হবে এবং সাথে সাথে টিউশনি ও নোট ব্যবসা নিষিদ্ধ করতে হবে ; পার্শ্ববর্তী দেশ ভারত পারলে আমরা পারবো না কেন? মনে রাখতে হবে শিক্ষক সমাজকে অভূক্ত রেখে আর যা-ই হোক সার্বজনীন প্রাথমিক শিক্ষাও হবে না, শিক্ষায় লিঙ্গ বৈষম্যও দূর করা যাবে না। মানসম্পন্ন শিক্ষা তো কল্পনাই থেকে যাবে।

৭. মানব দারিদ্র্য উচ্ছেদে স্বাস্থ্য সেবার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। সরকার যদিও বলে বেড়াচ্ছে যে, বাংলাদেশের প্রায় একশো ভাগ মানুষ নিরাপদ পানীয় জল পাচ্ছে, সংবাদ মাধ্যমে আমরা প্রতিদিন দেখতে পাচ্ছি যে, খোদ রাজধানী ঢাকার অধিকাংশ মানুষ পানি পাচ্ছে না, কিংবা পেলেও তা অত্যন্ত দূঃষিত। আর একথা তো সবার জানা যে, আমাদের দেশের প্রায় তিন চতুথাংশ এলাকার ভূগর্ভস্থ পানি আর্সেনিক দূষণে দূঃষিত। জাতিসংঘ মহাসচিবের বিশেষ উপদেষ্টা প্রফেসর জেফ্রী সেক্সের মতে, বাংলাদেশের প্রায় অর্ধেক মানুষ বিষাক্ত আর্সেনিকযুক্ত পানি পান করছে (১১, পৃঃ ১৯)। আমাদের দেশে স্বাস্থ্য খাতে মাথাপিছু বাৎসরিক ব্যয় পাঁচ ডলারেরও কম। এর সাথে যদি চুরি, আত্মসাৎ ও দুর্নীতির ব্যাপারটি যুক্ত করা যায় তাহলে সহজেই বোধগম্য যে, দরিদ্র মানুষরা আসলেই স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিতই থাকছে। ক্লিনিক আছে, তো ডাক্তার নেই। এরকম অবস্থায় গরীব মানুষ চিকিৎসা পাবে কিভাবে? আমরা মনে করি এ খাতে বরাদ্দ যেমন বাড়াতে হবে, ঠিক তেমনিভাবে বরাদ্দকৃত অর্থ যেন যথাযথভাবে ব্যয় হয় এবং দরিদ্র মানুষ সেবা পায় তার নিশ্চয়তা সরকারকেই বিধান করতে হবে।

৮. দারিদ্র্য দূরীকরণে বিদ্যুতের ভূমিকা অপরিসীম। অথচ এক্ষেত্রে বাংলাদেশের অবস্থা অত্যন্ত শোচনীয়। আমাদের দেশের প্রায় ৭০% মানুষ এখনও বিদ্যুৎ সুবিধা থেকে বঞ্চিত। প্রফেসর জেফ্রী সেক্সের মতে, যেদেশের বেশীর ভাগ মানুষ এখনও জ্বালানীর জন্যে গোবর ও কাঠের উপর নির্ভরশীল, সেদেশে সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের আশা অত্যন্ত ক্ষীণ (১১, পৃঃ ১৯)। বিদ্যুৎ দেশের আর্থ-সামাজিক উন্নয়নের চাবিকাঠী। অথচ এক্ষেত্রে বর্তমান বিএনপি-জামাত জোট সরকারের ব্যর্থতা গগণচুম্বী। শেখ হাসিনার সরকারের আমলে যেখানে ৪০০০ মেগাওয়াটের মত বিদ্যুৎ উৎপাদিত হতো, এখন সেখানে উৎপাদন হচ্ছে মাত্র ৩,০০০ মেগাওয়াটের মত। অথচ দেশের চাহিদা ৫০০০ মেগাওয়াট ছাড়িয়ে গেছে। বিস্ময়ের ব্যাপার হচ্ছে যে, বিগত পৌনে পাঁচ বছরেও সরকার নতুন কোনও বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারে নি। দেখা যাচ্ছে যে, জোট সরকার তাদের অতীত ইতিহাস থেকে মোটেও

শিক্ষা নেয় নি। ১৯৯৬ সালেও খালেদা জিয়া ক্ষমতা ছাড়ার সময় এক বিশৃংখল ও ভঙ্গুর বিদ্যুৎ খাত রেখে গিয়েছিল – মাত্র ১৬০০ মেগাওয়াট ছিল উৎপাদন ক্ষমতা, আর চাহিদা ছিল প্রায় ৩০০০ মেগাওয়াট। আমরা মনে করি বিদ্যুৎ খাতের সমস্যা সমাধানে দ্রুত এবং বাস্তবসম্মত পদক্ষেপ নেয়া অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এ খাতে বরাদ্দ যেমন বাড়াতে হবে, ঠিক তেমনিভাবে পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের প্রচেষ্টাও নেয়া প্রয়োজন। কারণ তা না হলে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পুরণ করা কিছুতেই সম্ভব হবে না। উল্লেখ্য যে, এ ব্যাপারে শেখ হাসিনার সরকার অনেকখানি এগিয়েছিল। কিন্তু বর্তমান জোট সরকার ক্ষমতায় এসে এ ব্যাপারে আর আগায়নি বলেই মনে হচ্ছে।

৯. সর্বোপরি দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে সুশাসনের কোনও বিকল্প নেই। সরকার যদি অগ্রাধিকার নির্ধারণে ব্যর্থ হয় ; সরকার যদি অপচয় ও দুর্নীতি রোধে ব্যর্থ হয় ; সরকার যদি আইনের শাসন ও গণতান্ত্রিক রীতিনীতির প্রতি আস্থাশীল না হয় ; তাহলে সেরকম কোন সরকারের পক্ষে দারিদ্র্য নিরসন সম্ভব নয়। দুঃখজনক হলেও সত্য যে, বর্তমান জোট সরকার সুশাসনের সকল সূচকে ব্যর্থতার ছাপ একে দিয়েছে। ষাটোর্ধের এক বিশাল মন্ত্রী পরিষদ নিয়ে এ সরকার যাত্রা শুরু করে। উপদেষ্টা ও সমমর্যাদার কর্মকর্তাদের নিয়ে তা ইতোমধ্যেই আশির কাছাকাছি পৌছে গেছে। মাত্র ১ লক্ষ ৪৭ হাজার বর্গ কিলোমিটারের দেশ শাসন করতে কি এত মন্ত্রী–উপদেষ্টার দরকার আছে? কি গগণচুম্বী অপচয়। আর দুর্নীতিতে তো সরকার পর পর চারবার বিশ্ব চ্যাম্পিয়নের গৌরব অর্জন করেছে। সরকার উপজেলা নির্বাচন তো করেই নি, উপরন্তু গ্রাম সরকারের মত দৈত্য চাপিয়ে দিয়ে দুঃশাসনের হাত তৃণমূল পর্যন্ত পৌছে দিয়েছে। রাষ্ট্রীয় সন্ত্রাস (কোবরা, চিতা, র‍্যাব, সেনাবাহিনী ও পুলিশের মত বাহিনী দিয়ে বিনা বিচারে হত্যা ও নির্যাতন), সন্ত্রাসী ও জঙ্গী উত্থানে মদদদান (জেএমবি, হরকাতুল, বাংলাভাই ইত্যাদি) এবং আইন ও সংবিধান পরিপন্থী কর্মকান্ডে এ সরকারের রেকর্ড কোনও দিন কোন সরকার ভঙ্গ করতে পারবে বলে আমরা বিশ্বাস করি না। মোটকথা সরকার তার কর্মকান্ডের দ্বারা সংকট সৃষ্টি করে নি এমন কোনও খাত খুঁজে পাওয়া যাবে না। সর্বশেষ সরকার আমাদের দেশের গুরুত্বপূর্ণ খাত তৈরী পোষাক শিল্পকে সংকটে ফেলে দিয়েছে। এতকিছুর পরও সরকার ক্ষমতা আকড়ে থাকতে চাইছে এবং আগামী নির্বাচনেও ক্ষমতায় ফিরে আসার জন্যে জনগনের কাছে যাওয়ার পরিবর্তে নানা ধরনের কুটকৌশলের আশ্রয় নিতে শুরু করেছে – ইলেকশন ইঞ্জিনিয়ারিং এর পদ্ধতি খুঁজছে। দেখেশুনে মনে হচ্ছে সরকার পাশ্ববর্তী দেশ নেপাল ও থাইল্যান্ডের সাম্প্রতিককালের ঘটনাবলী থেকেও কোনও শিক্ষা নিচ্ছে না। আমরা মনে করি সরকারের মধ্যে শুভ বুদ্ধির উদয় হবে এবং ক্ষমতা ত্যাগ করে একটি স্বচ্ছ, সুষ্ঠু ও অবাধ নির্বাচনের পথ সুগম করে দেবে। এতে করে দেশে সুশাসন প্রতিষ্ঠার পথ কন্টকমুক্ত হবে যা দেশকে অবশ্যই দারিদ্র্যমুক্ত করতে সাহায্য

করবে।

উপসংহার

বিএনপি–জামাত জোট সরকারের অপরিণামদর্শী সব সিদ্ধান্ত ও কর্মকান্ডের ফলে দেশ আজ এক মহাসংকটে নিপতিত হয়েছে। তারপরও সরকার ঘুম পাড়ানী ছড়ার মত উন্নয়নের জোয়ার আর প্রবৃদ্ধির গল্প শোনাচ্ছে জাতিকে। পরিস্থিতির উন্নতিতে সরকারের কোনও উদ্দ্যোগ পরিলক্ষিত হচ্ছে না। এমতাবস্থায়, পিআরএসপির লক্ষ্যমাত্রাসমূহ অর্জন করা সম্ভব হবে না। আমরা বিশ্বাস করি যে, দারিদ্র্য নিরসনে সরকারের অতীতের সকল উদ্দ্যোগের মত পিআরএসপিও একটি ব্যর্থ প্রয়াস হিসেবেই চিহ্নিত হয়ে থাকবে। প্রবৃদ্ধি অর্জিত হলেই স্বয়ংক্রিয়ভাবে দারিদ্র্য দূর হবে – এ তত্ত্বে বিশ্বাসী দেশগুলোর অবস্থা বাংলাদেশের চেয়ে ভাল হতে পারে না। বাংলাদেশে বিগত প্রায় সাড়ে তিন দশকে ৪% থেকে ৫% হারে প্রবৃদ্ধি হয়েছে, অথচ দারিদ্র্য তেমন একটা কমে নি। এখনও আমাদের দেশের প্রায় অর্ধেক মানুষ দারিদ্র্য পরিস্থিতির শিকার এবং প্রায় এক তৃতীয়াংশ মানুষ চরম দারিদ্র্যের শিকার। অথচ ভারতে প্রবৃদ্দি ৭.০% ছাড়িয়ে গেছে এবং এখনও প্রায় এক তৃতীয়াংশ মানুষ দারিদ্র্যের মধ্যে জীবন কাটাচ্ছে। অপরদিকে চীনে গত প্রায় তিন দশকে প্রবৃদ্দি ১০% এর উপরে ছিল এবং দরিদ্র মানুষের অনুপাত বর্তমানে ১০% এর নীচে নেমে গেছে। চীন নিয়ন্ত্রিত বাজার অর্থনীতি চালু করে বিগত শতাব্দীর সত্তরের দশকের শেষ দিকে। কিন্তু সেখানে সমাজতান্ত্রিক খাত এককভাবে এখনও বৃহত্তম খাত হিসেবে (নিয়ামকী খাত) বিদ্যমান আছে। সংস্কারের ফলে সমাজে আয় বৈষম্য বেড়েছে (গিনি সহগ ০.৩৪), কিন্তু সরকার এ ব্যাপারে অত্যন্ত সচেতন। সরকার তার আর্থিক ও সামাজিক নীতির মাধ্যমে এ সমস্যা যথাযথভাবে মোকাবেলা করছে। আর সেকারণেই চীন দারিদ্র্য পরিস্থিতির যথেষ্ট উন্নয়ন ঘটাতে সক্ষম হয়েছে। ২০১০ সাল নাগাদ আশা করা হচ্ছে চীন দারিদ্র্যমুক্ত দেশ হিসেবে আবির্ভূত হবে। ভারতও সুশাসন ও সরকারের সচেতন পদক্ষেপের মাধ্যমে দরিদ্র্য পরিস্থিতির উন্নতি ঘটাতে সক্ষম হয়েছে। মনে রাখতে হবে উপরোক্ত দেশ দু'টোর সরকারের অত্যন্ত সচেতন ও পরিকল্পিত ভূমিকার কারনেই এ ক্ষেত্রে তারা সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। অথচ বাংলাদেশে পঁচাত্তর পরবর্তী সময় থেকে মুক্ত বাজারের নামে (ব্যক্তিগত খাত, বিরাষ্ট্রীয়করণ ইত্যাদি) গোটা দেশের অর্থনীতিকে তছনছ করে দেয়া হয়েছে। যেটুকু অবশিষ্ট ছিল তাও পূর্ণ করেছে বর্তমান জোট সরকার ঃ পরিকল্পনাকে বাদ দিয়ে পুঁজিবাদী বটিকা পিআরএসপি গ্রহণ করেছে, যাকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদ, বাংলাদেশ উন্নয়ন পরিষদের চেয়ারম্যান ও বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি ড. কাজী খলীকুজ্জামান আহমদ নতুন প্যাকেটে পুরাতন ঔষধ বলে আখ্যায়ীত করেছেন (১২, পৃঃ ১১১)। আমরাও মনে করি পুঁজিবাদী দাওয়াই দিয়ে বাংলাদেশকে দারিদ্র্যমুক্ত করা যাবে না। এর জন্য প্রয়োজন কুসংস্কারমুক্ত, পরিকল্পিত ও সচেতন

সরকারী উদ্দ্যোগ ।

পরিশিষ্ট ১

জাতিসংঘের সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যসমূহ (এমডিজি) ও লক্ষ্যমাত্রাসমূহ, জাতিসংঘ, সেপ্টেম্বর ২০০০

(১৯৯০ – ২০১৫ সময়ে)

লক্ষ্যসমূহ	লক্ষ্যমাত্রাসমূহ
১	২
১। চরম দারিদ্র্য এবং ক্ষুধা নির্মূল করা ;	১। প্রতিদিন এক ডলারের কম আয়ে জীবনযাপনকারী মানুষের অনুপাত অর্ধেকে নামিয়ে আনা ;
	২। ক্ষুধাপীড়িত মানুষের অনুপাত অর্ধেকে নামিয়ে আনা ;
২। সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন করা ;	৩। সকল বালক–বালিকার প্রাথমিক শিক্ষার পূর্ণ কোর্স সম্পূর্ণকরণ নিশ্চিত করা ;
৩। লিঙ্গ সমতা প্রবর্তন করা এবং মহিলাদের ক্ষমতায়ন করা ;	৪। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় লিঙ্গ বৈষম্য পারতপক্ষে ২০০৫ সালের মধ্যে এবং সকল পর্যায়ে ২০১৫ সালের মধ্যে দূর করা ;
৪। শিশু মৃত্যুর হার হ্রাস করা ;	৫। পাঁচ বছরের কম বয়সী শিশুদের মৃত্যু হার দুই তৃতীয়াংশ হ্রাস করা
৫। মাতৃ স্বাস্থ্যের উন্নতিবিধান করা ;	৬। মাতৃ মৃত্যুর হার তিন চতুর্থাংশ হ্রাস করা ;
৬। এইচআইভি/এইডস, ম্যালেরিয়া এবং অন্যান্য রোগের বিরুদ্ধে সংগ্রাম করা ;	৭। এইচআইভি/এইডস এর বিস্তার রোধ করা এবংথামিয়ে দেয়া
	৮। ম্যালেরিয়া ও অন্যান্য রোগের বিস্তার রোধ করা এবং থামিয়ে দেয়া
৭। টেকসই পরিবেশ নিশ্চিত করা ;	৯। টেকসই উন্নয়নের নীতিমালাসমূহকে জাতীয় নীতি ও কর্মসূচীর অঙ্গীভূত করা এবং পরিবেশগত সম্পদের ধ্বংস রোধ করা ;
	১০। স্থায়ীভাবে নিরাপদ পানীয় জলের অধিকারবঞ্চিত মানুষের অনুপাত অর্ধেকে নামিয়ে আনা ;
	১১। ২০২০ সাল নাগাদ কমপক্ষে ১০০ মিলিয়ন বস্তিবাসী মানুষের জীবন মানের যথেষ্ট উন্নয়ন ঘটানো ;
৮। উন্নয়নের জন্যে বিশ্বব্যাপী অংশীদারিত্বের বিকাশ ঘটানো।	১২। জাতীয় ও আন্তর্জাতিকভাবে নিয়মভিত্তিক, বাস্তবানুগ ও বৈষম্যহীন মুক্ত বানিজ্য এবং আর্থিক ব্যবস্থার আরও বিকাশ ঘটানো যার মধ্যে সুশাসন, উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসের অঙ্গীকার অন্তর্ভূক্ত থাকবে ;
	১৩। স্বল্পোন্নত দেশসমূহের প্রয়োজনের দিকে দৃষ্টি দেয়া। এর মধ্যে রয়েছে ঃ তাদের রপ্তানী পণ্যের শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার ; অত্যন্ত ঋণগ্রস্থ দরিদ্র দেশসমূহের ঋণ মৌকুফ সুবিধা বৃদ্ধি ; আনুষ্ঠানিক দ্বিপাক্ষিক ঋণ বাতিল করা এবং আরও উদারহস্তে দারিদ্র্য হ্রাসে নিবেদিত দেশসমূহকে আনুষ্ঠানিক উন্নয়ন সাহায্য প্রদান।
	১৪। ভূ-বেষ্টিত ও ক্ষুদ্র দ্বীপ উন্নয়নশীল রাষ্ট্রসমূহের বিশেষ প্রয়োজনের দিকে নজর দেয়া ;
	১৫। দীর্ঘ মেয়াদে ঋণ যাতে টেকসই হয় সেজন্যে জাতীয় ও আন্ত র্জাতিক পদক্ষেপের মাধ্যমে উন্নয়নশীল দেশসমূহের ঋণ সমস্যাসমূহ সুসমন্বিতভাবে মোকাবেলা করা ;
	১৬। উন্নয়নশীল দেশসমূহের সহযোগিতায় যুব সমাজের জন্যে যথোপযুক্ত এবং উৎপাদনশীল কাজ সৃষ্টি করা ;
	১৭। ঔষধ প্রস্তুতকারী সংস্থাসমূহের সহযোগিতায় উন্নয়নশীল দেশ সমূহের জন্যে অত্যাবশ্যকীয় ঔষধ সামগ্রী প্রাপ্তিযোগ্য করে তোলা
	১৮। ব্যক্তিগত খাতের সহযোগিতায় নতুন প্রযুক্তির বিশেষ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুফল প্রাপ্তিযোগ্য করে তোলা।

উৎসঃ ৪ এর ভিত্তিতে অনুবাদকৃত ও প্রস্তুতকৃত।

গ্রন্থপঞ্জী

১. অর্থ মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৬।

২. অর্থ মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৫।

৩. অর্থ মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৪।

৪. MDGs Website : UN Millennium Development Goals – < >

৫. Academy of Science, USSR : Economic Encyclopedia – Political Economy, Vol. 3, << Soviet Encyclopedia >>, in Russian, Moscow, 1979.

৬. Academy of Science, USSR : History of Socialist Economy of the USSR, Vols. 1 – 7, << Nauka >>, in Russian, Moscow, 1976 – 1980.

৭. Planning Commission, Government of the People's Republic of Bangladesh : Unlocking the Potential – National Strategy for Accelerated Poverty Reduction, October, 2005.

৮. পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ পঞ্চম পঞ্চ বার্ষিক পরিকল্পনা ১৯৯৭ – ২০০২, মার্চ, ১৯৯৮।

৯. Planning Commission, Government of the People's Republic of Bangladesh : The Second Five Year Plan of Bangladesh 1980 – 1985, May, 1980.

১০. Planning Commission, Government of the People's Republic of Bangladesh : The First Five Year Plan of Bangladesh 1973 – 1978, March, 1973.

১১. Ahmad Q.K. : Emerging Global Economic Order and the Developing Countries, Bangladesh Economic Association and the University Press Limited, Dhaka, 2005.

১২. Ahmad Q.K. : "Poverty Reduction Strategy Paper : Repackaging Old Medicine", বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০০৪, বাংলাদেশ অর্থনীতি সমিতি, ঢাকা, পৃঃ ১১১ – ১১৮।

১৩. খান মোঃ মোয়াজ্জেম হোসেন ঃ "বাংলাদেশের অর্থনৈতিক অবকাঠামো উন্নয়নে বাংলাদেশ রেলওয়ে ঃ সমস্যা ও সম্ভাবনা", ০৮-১০ ডিসেম্বর ২০০৪ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন ঢাকায় অনুষ্ঠিত বাংলাদেশ অর্থনীতি সমিতির পঞ্চদশ দ্বি-বার্ষিক সম্মেলনে উপস্থাপিত।

১৪. বারকাত আঃ "বাংলাদেশে দারিদ্র উচ্ছেদ ও দারিদ্র হ্রাস ঃ উদ্বেগের বিষয়", বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০০৪, বাংলাদেশ অর্থনীতি সমিতি, ঢাকা, পৃঃ ১০১ – ১০৯।

১৫. দৈনিক সংবাদ, ঢাকা।

১৬. দৈনিক জনকণ্ঠ, ঢাকা।

১৭. The Independent, Dhaka.

In Search of a Self-Reliant Poverty Reduction Policy for Bangladesh

Md Abdul Wadud*

Abstract

This paper examines the question whether with a heavy burden of debt on its shoulder it is possible to embark on an effective and self-reliant programme of poverty alleviation for Bangladesh. This is done by looking into the dynamic debt burden of Bangladesh, comparing the debt service payments with poverty reduction funding and then confronting the question of ownership of the poverty reduction strategy, that is, whether it is internally or externally funded.

1. Introduction

Bangladesh had a total external debt outstanding of over 16 billion U.S. dollars in 2002 and paid nearly a billion dollar in debt service payments for this debt. Between 1978 and 2002, Bangladesh paid over 13.5 billion dollars, or nearly 95,000 crore taka, as debt service. With such heavy burden of debt on its shoulder is it possible to embark on an effective and self-reliant programme of poverty alleviation in our country? This paper examines this question by looking into the dynamic debt burden of Bangladesh, comparing the debt service payments with poverty reduction funding and then confronting the question of ownership of the poverty reduction strategy, that is, whether it is internally or externally funded. Since this paper is related to the Poverty Reduction Strategy, we also make some comments on the implementation of the programme.

The paper is organized as follows. Section 2 deals with external debt and debt-service payments of Bangladesh. The dynamic burden of debt is analysed and an estimate of burden is obtained in Section 3. Section 4 looks into the implementation of poverty reduction strategy. Section 5 examines poverty reduction strategy funding and debt burden. Section 6 deals with ownership of the PRS, while Section 7 contains the conclusion.

---

* Paper presented at the Regional Conference of the Bangladesh Economic Association held at Rajshahi University on July 15, 2006.

2. External Debt and Debt Service of Bangladesh

Bangladesh is a heavily debt-ridden country. Data on various aspects of external debt of Bangladesh are given in Table 1. Total external debt of Bangladesh which stood at 3,083 million U.S. dollars in 1978, rose to 5,651 million after five years in 1983. This trend continued and external debt outstanding amounted to 10,692 million in 1988. After another five years in 1993, the amount stood at 14,650 million. Then it fell to 14,033 million in 1998. By the year 2002, the figure rose to 16,276 million dollars.

Table 1 : External Debt and Debt Service of Bangladesh (1978-2002), million U.S. dollars

Year	Total debt	Debt service
1978	3,083	145.9
1979	3,282	237.2
1980	4,230	277.8
1981	4,663	226.5
1982	5,233	253.7
1983	5,651	217.4
1984	5,857	286.7
1985	6,870	355.2
1986	8,282	479.0
1987	10,149	546.8
1988	10,692	504.2
1989	11,118	522.5
1990	12,768	790.6
1991	13,482	629.8
1992	13,928	574.3
1993	14,650	567.8
1994	15,373	603.4
1995	16,767	811.7
1996	15,166	698.0
1997	15,025	704.6
1998	14,033	644.6
1999	14,843	781.4
2000	16,211	915.9
2001	15,074	838.8
2002	16,276	910.9

Source: World Bank, *World Development Indicators, 1999.*
Government of Bangladesh, *Bangladesh Economic Review 2003.*

Debt service payment stood at 145.9 million U.S. dollars in 1978 and it rose to 910.1 million in 2002. This means that Bangladesh paid about Tk 52,267 million taka in 2002 as debt service. This is a huge amounts.

3. Dynamic Burden of Debt

Dynamic debt burden can be viewed as a burden, which is likely to prevail in the foreseeable future. For estimating dynamic burden, Domar's famous debt burden model is used here. We first describe the model and then use real data to estimate the dynamic burden for Bangladesh.

3.1 Domar's Burden of Debt Model

Government pays interest charges on its debt. If it is assumed that this amount is paid from tax revenue then that can constitute a burden on the public. According to Domar (1944), the burden of public debt should be measured by the ratio of the additional tax and national income. Domar argued that if income grew then an absolute increase in tax might not inflict any hardship on the public. What matters is an increase in the tax-income ratio. Domar's debt model is succinctly described below. [1] This part is

If total public debt outstanding is denoted by $D(t)$, debt lag by *D(t), GDP by Y(t), then*

$$D'(t) = \alpha Y(t) \qquad (0 < \alpha < 1) \tag{1}$$

If the interest is assumed to be constant at rate *i,* then the interest induced tax $T(t)$ is proportional to the debt outstanding:

$$T(t) = iD(t) \tag{2}$$

Domar analysed the burden of public debt under alternative scenarios of income growth. Of these, the case of income growing at constant relative rate is considered in this paper. This is because this leads to a bounded estimate of debt burden.

If income grows at a constant relative rate β , then the following equation holds:

$$Y'(t) = \beta Y(t) \qquad (0 < \beta < 1) \tag{3}$$

---

[1] This part is based on an earlier work of one of the authors of this paper by Islam (2005). A more elaborate description of Domar's model is available in Chiang (1999).

The debt burden can now be written as follows:

$$B(t) = \frac{T(t)}{Y(t)} = i\frac{D(t)}{Y(t)}$$

To derive the debt burden, the time paths of *D(t)* and *Y(t)* should be found before.

Diagrammatically, the Kuznets curve fitted by the growth and inequality data for 1984-2000 of Bangladesh shown in figure 4 can be illustrated as follows: In the diagram, the curve is not consistent with the 'Inverted U' Kuznets curve which reflects that at the earlier stage of development income inequality will tend to worsen, while at later stages of development inequality improves.

In the case of Bangladesh it is evident from the growth and inequality data that economic growth does not tend to improve the distribution of income over the

period but worsens it. The country is still in the left wing of the Kuznets curve where both growth and inequality are taking place together. However, it is obvious from the paper that at the initial stage of development in Bangladesh, inequality was taking care of economic growth but the growth is not doing the same for the distribution. As a result, inequality is getting worse in spite of the increase in income.

The upward trend of income inequality can roughly be described as the fact that the economy is growing but such growth is limited in specific sector particularly in modern sector. This sector is conducted by a more or less fixed number of rich people keeping wages constant in the traditional sector that causes the Lorenze curve to shift downward and further from the line of equality, as shown in Figure 2.

In the modern economy especially in developing countries, government has the extra responsibilities to ensure a reasonable distribution of income through different social welfare and development policies targeting the poor. As it is established, macroeconomic instability and lack of sufficient public investment in physical and social infrastructure are widely recognized as important reasons for inequality. In addition, because the rural poor's links to the economy vary considerably, public policy should focus on issues of their access to land and credit, education and health care, support services, and right to food through well-designed public works programs and other transfer mechanisms.

It is well recognized that the income tax rates, the minimum wage laws, and all the major government welfare and transfer programs can improve income distribution. But the problems we find in Bangladesh are: firstly, after adopting structural adjustment policies (SAP) the country has relaxed its trade barriers by reducing import duties which resulted in the loss of a huge amount of revenues from import duty. Secondly, the tax collection systems in the country is not transparent and corrupt. Rich people, as a result, frequently hide their income and evade taxes. Thirdly, foreign aid has recently declined and is subject to strong donor conditionalities.. So, the availability of funds allocated for social welfare has not been increasing sufficiently. Finally and more importantly, lack of accountability and transparency in public sector, political instability, corrupt politicians, vindictive politics and bureaucratic complexities are the main hurdles on the way of reducing inequality in Bangladesh. In addition, high concentration of land ownership and asymmetrical tenancy arrangements, large and rapidly growing families with high dependency ratios, rural-urban wage gap, and internal and external shocks stemming from natural factors and changes in the international politics and economy are some other noticeable obstacles in the way of improving inequality.

5. Conclusion

This paper has applied a simple arithmetic approach to analyze growth and inequality of incomes in Bangladesh over the period 1984-2000. A positive relation is observed between the income inequality and GDP growth i.e. in spite of growing GDP, income inequality is large and increasing in Bangladesh. Bangladesh has experienced relatively high rates of economic growth in the recent years but it brought little benefits to the poor.

The lesson drived is that exclusive reliance on economic growth to reduce the extent of absolute poverty in developing countries would probably be insufficient. The possibilities that inequality causes economic growth positively are empirically tenable for Bangladesh. But even as growth occurs, the poor might be disadvantaged anyway, because inequality has risen over the period. So, it can be concluded from the finding of the paper that only under inconceivably high increases in inequality, economic growth would not benefit the poor.

References

Alesina, Alberto, and Dani Rodrik (1994) "Distributive politics and economic growth,"

Quarterly Journal of Economics 109(2), 465– 490, May

Bangladesh Bureau of Statistics 1998, *Report on The Household Expenditure Survey*

1995-96, Bangladesh Bureau of Statistics, Dhaka.

Barro, Robert J. (2000) "Inequality and growth in a panel of countries," *Journal of Economic*

Growth, March

Deininger, Klaus, and Lyn Squire (1996) "A new data set measuring income inequality,"

World Bank Economic Review 10(3), 565–591, September

Dollar, David, and Art Kraay (2001) "Growth is good for the poor," *Working Paper, DRG,*

The World Bank, Washington DC, March

Government of Bangladesh, *Bangladesh Economic Review*, 2004 and 1996 editions, Dhaka:

Ministry of Finance.

Government of Bangladesh, *Unlocking the Potential*, National Strategy for Accelerated

Poverty Reduction, Planning Commission, Dhaka, 2005

Http://*en.wikipedia.org*/wiki/Gini_coefficient

Http://*mathworld.wolfram.com*/GiniCoefficient.html

Khan H., 1986, "Income Inequality, Poverty and Socio-Economic Development in

Bangladesh: An Empirical Investigation", *Bangladesh Development Studies,* 14, 75-92.

Khundker, N., W. Mahmud, B. Sen, and M. U. Ahmad, 1994, "Urban Poverty in Bangladesh:

Trends, Determinants, and Policy Issues", *Asian Development Review* 12: 1-31.

Kuznets, Simon (1955) "Economic growth and income inequality," *American Economic*

Review 45(1), 1–28, March

Li, Hongyi, and Hengfu Zou (1998) "Income inequality is not harmful for growth: Theory and evidence," *Review of Development Economics* 2, 318–334

Osmani, S., 1982, Economic Inequality and Group Welfare: A Theory of Comparison with Application to Bangladesh", *Clarendon Press,* Oxford.

Perotti, Roberto (1996) "Growth, income distribution, and democracy:

What the data say," *Journal of Economic Growth* 1(2), 149– 187, June

Persson, Torsten, and Guido Tabellini (1994) "Is inequality harmful for growth?" *American*

Economic Review 84(3), 600–621, June

Rahman, Atiq. and Trina. Haque, 1988, "Poverty and Inequality in Bangladesh in the Eighties:

An Analysis of Some Recent Evidence", *Research Report No. 91*, BIDS, Dhaka.

Rahman M., and S. Huda, 1992, "Decomposition of Income Inequality in Rural Bangladesh,

Modern Asian Studies, 26, 83-93.

Rahman M., 1988, "Some Aspects of Income Distribution in Rural Bangladesh", *Applied*

Economics, 20,1007-1015,.

Ravallion, Martin, and Shaohua Chen (1997) "What can new survey data tell us about recent changes in distribution and poverty?," *World Bank Economic Review* 11(2), 357–382, June

Todaro, Michael P and Smith, Stephen C. (2003), *Economic Development*, Eighth Edition,

Pearson Education Asia, Delhi, India.

ট্রানজিট ও অর্থনৈতিক উন্নয়ন ঃ প্রেক্ষিত দক্ষিণ এশিয়া

মোঃ মোয়াজ্জেম হোসেন খান*

সারসংক্ষেপ

আলোচ্য প্রবন্ধে দক্ষিণ এশিয়ার দেশসমূহ তথা সার্কভুক্ত দেশসমূহের অর্থনৈতিক উন্নয়নের পথে একটি বড় বাধা – ট্রানজিট সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে। প্রবন্ধের প্রথমাংশে ট্রানজিট ও অর্থনৈতিক উন্নয়নের সম্পর্ক ব্যাখ্যা করা হয়েছে। আর তা করতে গিয়ে ট্রানজিটের পক্ষে-বিপক্ষে যুক্তি উপস্থান করা হয়েছে। প্রবন্ধের দ্বিতীয়াংশে সার্ক অঞ্চলের (দক্ষিণ এশিয়া) দেশসমূহের বিশেষ করে আমাদের দেশের অর্থনৈতিক উন্নয়নে ট্রানজিটের ভূমিকা বিশে- ষণ করা হয়েছে। আর সবশেষে ট্রানজিট সুবিধাকে কাজে লাগিয়ে বাংলাদেশ কিভাবে তার অর্থনৈতিক উন্নয়নের গতিকে ত্বরান্বিত করতে পারে সেবিষয়ে সুপারিশমালার আকারে আমাদের বক্তব্য উপস্থাপনের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে।

ভূমিকা

দু'দশকেরও বেশী সময় অতিবাহিত হয়েছে আঞ্চলিক সহযোগিতা সংস্থা হিসেবে সার্কের আবির্ভাবের। অথচ এ দীর্ঘ সময়েও এর মূল যে উদ্দেশ্য (অর্থনৈতিক সহযোগিতা ও ইন্টিগ্রেশন) তার ছিটে-ফোটাও অর্জিত হয় নি। যদিও কাগজে-পত্তরে অনেক কিছু অর্জিত (সাপটা, সাফটা ইত্যাদি) হয়েছে বলে আমাদেরকে অব্যাহতভাবে জানানো হচ্ছে। বাস্তবতা কিন্তু সম্পূর্ণই ভিন্ন কথা বলছে। অদ্যাবধি দক্ষিণ এশিয়ার (সার্কের) এক দেশের মানুষ অবাধে অন্য দেশে যাতায়াত করতে পারছে না। তাদেরকে বার্লিন ওয়ালের চেয়েও কঠিন সব বাধা অতিক্রম করতে হচ্ছে। এক দেশের টাকা-পয়সা অন্য দেশে চলছে না। টাকা-পয়সার যাবতীয় কর্মকান্ড সাম্রাজ্যবাদী টাকা-পয়সায় (ডলার, পাউন্ড, ইউরো ইত্যাদি) করতে হচ্ছে। এক দেশের যানবাহন অন্য দেশে ঢুকতে দেয়া হচ্ছে না। কোন কোন ক্ষেত্রে দিলেও অত্যন্ত সীমিতভাবে এবং অত্যন্ত কড়াকড়িতে। সবচেয়ে চিন্তার বিষয় হচ্ছে যে, প্রতিনিয়ত সীমান্ত এলাকায় গোলাগুলিতে মানুষ (সাধারণ ও আইন-শৃংখলা বাহিনীর) মারা পড়ছে। এরকম এক দুর্বিষহ অবস্থায় ফলপ্রসু আঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতা (সার্কের প্রধান লক্ষ্য) কি আদৌ সম্ভব ? আলোচ্য প্রবন্ধে এ প্রশ্নের উত্তর অনুসন্ধানের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে।

* অধ্যাপক, অর্থনীতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যায়, রাজশাহী।

লক্ষ্য ও উদ্দেশ্য

আলোচ্য প্রবন্ধের মূল লক্ষ্য হচ্ছে আঞ্চলিক সহযোগিতার অত্যন্ত গুরুত্বপূর্ণ উপায় ট্রানজিটের উপর আলোকপাত করা। আর এ লক্ষ্যকে সামনে রেখে নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ নির্ধারণ করা হয়েছে ঃ

১. *ট্রানজিটের পক্ষে-বিপক্ষে যুক্তি উপস্থাপন করা ;*
২. *আমাদের দেশের অর্থনৈতিক উন্নয়নে ট্রানজিটের গুরুত্ব তুলে ধরা ;*
৩. *দক্ষিণ এশিয়ায় (সার্ক অঞ্চলে) ট্রানজিটের বিকাশের পথে সমস্যা ও অন্তরায়সমূহ চিহ্নিত করা;*
৪. *আর এ সমস্যা ও অন্তরায়সমূহ দূর করে কিভাবে ট্রানজিটের সম্ভাবনাসমূহ কাজে লাগানো যায় সেসম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ উপস্থাপন করা।*

পদ্ধতি ও তথ্য

আলোচ্য প্রবন্ধ রচনায় ব্যবহৃত তথ্য প্রধানত ঃ মাধ্যমিক উৎস থেকে নেয়া হয়েছে। এর মধ্যে বিশেষভাবে উল্লেখের দাবী রাখে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রনালয় কর্তৃক প্রকাশিত বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা গ্রন্থের বিভিন্ন সংখ্যা এবং বাংলাদেশ অর্থনীতি সমিতি কর্তৃক প্রকাশিত সাময়িকী গ্রন্থের বিভিন্ন সংখ্যা। এ ছাড়াও আন্তর্জাতিক সংস্থা এসকাপের বিভিন্ন প্রকাশনা, বিভিন্ন গ্রন্থ এবং সাময়িকী ও দৈনিকে প্রকাশিত এ সংক্রান্ত অসংখ্য নিবন্ধ ও প্রবন্ধের সাহায্য নেয়া হয়েছে।

ট্রানজিট ও অর্থনৈতিক উন্নয়নের সম্পর্ক

এক দেশের ভূখন্ড অন্য দেশের বা দেশসমূহের মানুষ ও যানবাহনের যাতায়াতের জন্যে ব্যবহার করতে দেয়ার নামই হচ্ছে ট্রানজিট। ট্রানজিট দু'ধরনের হতে পারে ঃ ১। আন্তঃদেশীয়, অর্থাৎ দুই বা ততোধিক দেশের মধ্যে ; ২। একই দেশের দুই স্থানের মধ্যে। অপরদিকে করিডোর হচ্ছে কোন রাষ্ট্রের সংকীর্ণ ভূখন্ড যা অন্য রাষ্ট্রের মধ্য দিয়ে কোন বন্দরে যাবার পথ হিসেবে বা কোন ছিটমহলে যাবার পথ হিসেবে ব্যবহৃত হয়। বৃহৎ অর্থে করিডোর ট্রানজিটেরই অন্তর্ভূক্ত। প্রশ্ন হচ্ছে ঃ ট্রানজিটের সাথে অর্থনৈতিক উন্নয়নের কোন সম্পর্ক আছে কি ? আর থাকলে তা কেমন সম্পর্ক ? অবশ্যই ট্রানজিটের সাথে অর্থনৈতিক উন্নয়নের সম্পর্ক আছে এবং তা সরাসরি সম্পর্ক ; অর্থাৎ ট্রানজিট সুবিধা থাকলে বা দিলে সংশ্লিষ্ট দেশসমূহের অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত হয়। উদাহরণ হিসেবে ইউরোপের কথা বলা যায়, আসিয়ানের কথা বলা যায়, চীন-ভিয়েতনামের কথা বলা যায়, চীন-উত্তর কোরিয়া, চীন-রাশিয়া ও চীন-মঙ্গোলিয়ার কথা বলা যায়। ১৯৭৩ সালে হেলসিংকিতে স্বাক্ষরিত সর্ব ইউরোপীয় নিরাপত্তা ও শান্তি চুক্তির আওতায় ইউরোপীয় দেশসমূহ তাদের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে পরস্পরকে ট্রানজিট সুবিধা দিতে সম্মত হয়। এমন কি প্রাক্তন সোভিয়েত ইউনিয়নসহ পূর্ব ইউরোপের দেশগুলোও এ সুবিধা (ট্রানজিট) লাভ করে। এখানে বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন যে, পশ্চিম ইউরোপের একমাত্র বৃটেন বাদে বাকী সব রাষ্ট্রগুলোই বিগত শতাব্দীর ষাটের দশক থেকে জ্বালানী সংকটে পড়ে। ফলে তারা জ্বালানীর বিশেষ করে গ্যাসের প্রায় অফুরন্ত ভান্ডার সোভিয়েত ইউনিয়নের দিকে তাকাতে বাধ্য হয়। জার্মানী, ফ্রান্স ও ইতালীসহ বেশ কিছু দেশ সোভিয়েত ইউনিয়নের সাথে দীর্ঘ মেয়াদী চুক্তি করে গ্যাস সরবরাহের জন্যে। পশ্চিম ইউরোপের দেশগুলোতে চুক্তি অনুযায়ী যথাসময়ে গ্যাস

সরবরাহের জন্যে সোভিয়েত ইউনিয়ন সেই সত্তরের দশকের মাঝামাঝি সময়ে ট্রান্স সাইবেরিয়ান ইন্টারকন্টিনেন্টাল গ্যাস পাইপ লাইন নির্মানের কাজ শুরু করে। প্রায় এক দশক লেগে যায় এ গ্যাস পাইপ লাইন নির্মাণ করতে। বিগত শতাব্দীর আশির দশকের মাঝামাঝি সময় থেকে সোভিয়েত গ্যাস জার্মানী ও ফ্রান্সে পৌছে যায়। পরবর্তীতে ইতালীসহ অন্যান্য দেশে গ্যাস সরবরাহ শুরু হয়। এখানে উল্লেখ্য যে, পশ্চিম ইউরোপের দেশগুলো তৎকালীন সমাজতান্ত্রিক দেশ সোভিয়েত ইউনিয়নের উপর তাদের অর্থনীতির চালিকা শক্তি জ্বালানীর (গ্যাসের) জন্যে সম্পূর্ণ নির্ভরশীল হয়ে পড়বে এ ভয়ে মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা তাদের দেশ থেকে সোভিয়েত ইউনিয়নে পাইপ ও অন্যান্য সরঞ্জাম (গ্যাস পাইপ লাইন নির্মাণের জন্যে) সরবরাহের উপর নিষেধাজ্ঞা আরোপ করে। ফলে সোভিয়েতরা বাধ্য হয়ে নিজেরাই তা উৎপাদন করে এবং বিশ্বের সবচেয়ে বড় গ্যাস পাইপ লাইন নির্মাণের কাজ যথাসময়ে সম্পন্ন করে। ইদানিং চাহিদা বৃদ্ধিজনিত কারণে জার্মানী বাল্টিক সাগরের তলদেশ দিয়ে আরও একটি সরবরাহ লাইন নির্মাণের জন্যে রাশিয়ার সাথে চুক্তিবদ্ধ হয়েছে। ওদিকে চীন ও জাপানও রাশিয়ার সাইবেরিয়ার গ্যাস ও তেল পাইপ লাইনের মাধ্যমে পাওয়ার ব্যাপারে চুক্তিবদ্ধ হতে যাচ্ছে শীঘ্রই। আসিয়ানের দেশগুলোও পরস্পরের উপর দিয়ে ট্রানজিট সুবিধা প্রদানের মাধ্যমে তাদের অর্থনৈতিক উন্নয়নের গতিকে ত্বরান্বিত করতে সক্ষম হয়েছে। সিংগাপুর একটি দ্বীপরাষ্ট্র হওয়া সত্ত্বেও সে তার ভৌগলিক অবস্থানকে কাজে লাগিয়ে দেশকে উন্নত করতে সক্ষম হয়েছে। বিগত শতাব্দীর ষাটের দশকে সিংগাপুর পুনঃরপ্তানী (re-export) ব্যবসা গড়ে তোলে। গড়ে তোলে অসংখ্য তেল শোধন শিল্প ও সংরক্ষণাগার। আর এভাবে পার্শ্ববর্তী মালয়েশিয়ার তেল ও রাবারসহ বিভিন্ন প্রাকৃতিক সম্পদ পুনঃরপ্তানীর মাধ্যমে সিংগাপুর দ্রুত উন্নয়নের জন্যে প্রয়োজনীয় মুলধনের যোগান নিশ্চিত করতে সক্ষম হয়েছিল (৩, ৪)। অতএব, দেখা যাচ্ছে যে, ট্রানজিট সুবিধা একটি দেশের উন্নয়নকে দারুণভাবে প্রভাবিত করতে পারে। অথচ দুঃখজনক হলেও সত্য যে, দক্ষিণ এশিয়ার (সার্ক অঞ্চলের) দেশসমূহে এখনও আমাদেরকে ট্রানজিট নিয়ে বিতর্ক করতে হচ্ছে। সার্ক গঠনের পর দু'দশকেরও বেশী সময় অতিবাহিত হলেও (১৯৮৫ সালের ডিসেম্বরে সার্ক প্রতিষ্ঠিত হয়) এ অঞ্চলের রাষ্ট্রগুলোর মধ্যে আস্থা ও সৌহার্দ্যের সম্পর্ক প্রতিষ্ঠিত হয় নি। যে কারণে প্রায়ই তাদের মধ্যে সংঘর্ষ ও তীক্ততার সৃষ্টি হচ্ছে এমন কি ছোট-খাট ও তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে। সাফটা (South Asian Free Trade Area বা SAFTA) চুক্তি কার্যকর করার প্রক্রিয়া শুরু হয়েছে পহেলা জুলাই, ২০০৬ থেকে (পহেলা জানুয়ারী থেকে হবার কথা ছিল)। ২০১৫ সাল নাগাদ পুরোপুরি মুক্ত বানিজ্য এলাকায় পরিণত হবে দক্ষিণ এশিয়া এ সংক্রান্ত চুক্তিতে অন্ততঃ এমনটা আশা করা হয়েছে। কিন্তু ট্রানজিটের ব্যাপারে যথেষ্ট অগ্রগতি না হলে মুক্ত বানিজ্যের সুফল কতটা পাওয়া যাবে সে ব্যাপারে প্রশ্ন থেকেই যাচ্ছে।

ট্রানজিটের ব্যাপারটি এখনও আতুর ঘরেই রয়ে গেছে। এর মূল কারণ হচ্ছে পারস্পরিক অবিশ্বাস, আস্থাহীনতা ও সহযোগিতার মনোভাবের অনুপস্থিতি। আমাদের দেশেও এক্ষেত্রে পক্ষে-বিপক্ষে মতামত বিদ্যমান। যারা ট্রানজিটের পক্ষে তাদের যুক্তিগুলো হচ্ছে নিম্নরূপ ঃ

১. *অর্থনৈতিক অবকাঠামোর বিকাশ বিশেষ করে রেলপথ ও নৌপথের বিকাশ ত্বরান্বিত হবে ;*
২. *আঞ্চলিক বানিজ্য বৃদ্ধির বিশাল সম্ভাবনা রয়েছে ;*
৩. *সহায়ক অনেক সেবাখাতের বিকাশ ঘটবে ;*
৪. *অর্থনৈতিক অবকাঠামো খাতে ভারতসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার বিনিয়োগ বৃদ্ধি পাবে ;*
৫. *বানিজ্য ঘাটতি বিশেষ করে ভারতের সাথে আমাদের দেশের বানিজ্য ঘাটতি হ্রাস পাবে ;*
৬. *বহুমুখী ট্রানজিট সুবিধা (বন্দর, করিডোরসহ) আমাদের দেশের জন্যে বানিজ্যের সম্ভাবনার*

নতুন দিগন্ড় উন্মোচন করে দেবে ;

৭. *বাংলাদেশের দরকষাকষির শক্তি বৃদ্ধিতে ভূমিকা রাখবে ;*

৮. *সাদফ (South Asian Development Fund বা SADF) ব্যবহারের সুযোগ অনেকটাই বৃদ্ধি পাবে।*

অন্যদিকে যারা ট্রানজিটের বিরুদ্ধে তাদের যুক্তিগুলো হচ্ছে নিম্নরূপ ঃ

১. *জাতীয় নিরাপত্তা ও সার্বভৌমত্ব হুমকির সম্মুখীন হবে ;*

২. *অমীমাংসিত ঐতিহাসিক সমস্যার উপস্থিতি ;*

৩. *চীন ও ভারতের মধ্যে যুদ্ধের সম্ভাবনা ;*

৪. *মাদক দ্রব্য পাঁচারের সমস্যা ;*

৫. *ট্রানজিট পথসমূহের রক্ষণাবেক্ষণ খরচ ;*

৬. *অবৈধ বানিজ্য বৃদ্ধির সম্ভাবনা ;*

৭. *পরিবেশগত বিপর্যয়ের সম্ভাবনা।*

ট্রানজিটের পক্ষে-বিপক্ষের উপরোক্ত যুক্তি-তর্কের আলোকে প্রবন্ধের পরবর্তী অংশে আমরা আমাদের দেশের অর্থনীতিতে এর ভূমিকা আলোচনা করবো।

বাংলাদেশের অর্থনীতিতে ট্রানজিটের ভূমিকা

আঞ্চলিক সহযোগিতা সংস্থার আবির্ভাব ঘটে মূলতঃ দ্বিতীয় মহাযুদ্ধ পরবর্তী সময়ে বিশেষ করে বিগত শতাব্দীর পঞ্চাশ ও ষাটের দশকে। তবে সবচেয়ে দেরীতে জন্ম হয় সার্কের। দক্ষিণ এশিয়ার সাতটি দেশের অর্থনৈতিক অগ্রগতি অর্জনের লক্ষ্যে রাজনৈতিক সহযোগিতার উদাত্ত আহ্বানের মধ্য দিয়ে দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (South Asian Association for Regional Cooperation বা SAARC) গঠিত হয়। বাংলাদেশ, ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কার রাষ্ট্র ও সরকার প্রধানরা ১৯৮৫ সালের ৭-৮ ডিসেম্বর ঢাকায় অনুষ্ঠিত প্রথম শীর্ষ সম্মেলনে সার্ক সনদ অনুমোদন করেন যার মূল বিষয়গুলো ছিল নিম্নরূপ ঃ

১. *দক্ষিণ এশিয়ার জনগণের কল্যাণ সাধন এবং তাদের জীবনমান উন্নত করা ;*

২. *অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অগ্রগতি দ্রুততর করা ;*

৩. *যৌথভাবে আত্মনির্ভরশীল হওয়া ;*

৪. *পরস্পরের সমস্যা অনুধাবন, পারস্পরিক বিশ্বাস ও বোঝাপড়ায় সাহায্য করা ;*

৫. *অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, কারিগরি ও বৈজ্ঞানিক ক্ষেত্রে সক্রিয় সহযোগিতা এবং পারস্পরিক সাহায্যের পরিস্থিতি সৃষ্টি করা ;*

৬. *অন্যসব উন্নয়নশীল দেশের সঙ্গে সহযোগিতা বৃদ্ধি করা ;*

৭. *একই স্বার্থ সংশি-ষ্ট বিষয়ে আন্ড়র্জাতিক সংগঠনের ক্ষেত্রে নিজেদের মধ্যে সহযোগিতার প্রসার ;*

৮. *অন্যসব আঞ্চলিক ও আন্ড়র্জাতিক সংস্থাসমূহের সঙ্গে সহযোগিতার সম্পর্ক গড়ে তোলা।*

সার্ক সনদের বিষয়বস্তুর আলোকেই নির্ধারিত হয় এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং মূলনীতি যা নিম্নে উল্লেখ করা হলো।

সার্কের লক্ষ্য ও উদ্দেশ্য

১. *দক্ষিণ এশিয়ার সাতটি দেশের ১৪০ কোটি মানুষের জীবনমান উন্নয়ন করা ;*
২. *সামাজিক, অর্থনৈতিক ও সংস্কৃতিক উন্নতির ধারা ত্বরান্বিত করা ;*
৩. *জাতীয় আত্মনির্ভরশীলতা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা ;*
৪. *জনগণের স্বার্থে সব দেশের মধ্যে সহানুভূতি ও সহযোগিতা বৃদ্ধি করা ;*
৫. *অন্যসব আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে সহযোগিতার সম্পর্ক স্থাপন করা।*

সার্কের মূলনীতি

১. *সিদ্ধান্ত হবে সর্বসম্মত ;*
২. *দ্বিপক্ষীয় বিরোধপূর্ণ বিষয় সার্কের আলোচ্য বিষয় করা যাবে না ;*
৩. *আঞ্চলিক অখন্ডতা, সার্বভৌমত্ব রক্ষা ও রাজনৈতিক হস্তক্ষেপ না করার নীতি এবং অন্যের প্রতি শ্রদ্ধাশীল থাকার নীতিকে সহযোগিতার ভিত্তি হিসেবে গ্রহণ করা ;*
৪. *সদস্য দেশের আশা-আকাংখার প্রতি লক্ষ্য রেখে ভূমিকা পালন করা।*

সার্ক গঠনের পর দু'দশকেরও বেশী সময় অতিবাহিত হলেও এর অর্থনৈতিক সাফল্য প্রায় শূন্যের কোটায়। ইউরোপীয় ইউনিয়ন ও আসিয়ান অনুরূপ সময়ে যে সাফল্য অর্জন করেছিল তার ধারে-কাছেও যেতে পারে নি সার্ক। অনুরূপ সময়ে তারা ভিসামুক্ত যাতায়াত ব্যবস্থা ও পারস্পরিক ট্রানজিট সুবিধা প্রদানসহ অনেক সমস্যার সমাধান করতে সক্ষম হয়েছিল। সার্কের মত আঞ্চলিক জোট থাকতেও দক্ষিণ এশিয়ার আন্তঃবানিজ্য খুবই সীমিত (১১, ১৮ ঃ ১১ ঃ ০৫)। বর্তমানে এ অঞ্চলের সাতটি দেশের মোট বানিজ্যের মাত্র ৫.০% নিজেদের মধ্যে হচ্ছে। অথচ ইউরোপীয় ইউনিয়ন, নাফটা ও আসিয়ানের ক্ষেত্রে অনুরূপ অংকগুলো হচ্ছে যথাক্রমে ৬৫.০%, ৫৭.০% ও ৩৭.০%। সার্কের পিছিয়ে পড়া আঞ্চলিক বানিজ্যে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে আমাদের দেশ। কারণ এই স্বল্প বানিজ্যের মধ্যেও সার্কের অন্যান্য দেশগুলোর সঙ্গে বাংলাদেশের রয়েছে বিশাল বানিজ্য ঘাটতি বিশেষ করে ভারতের সঙ্গে।ট্রানজিট সুবিধাসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করলে অবশ্যই এ ঘাটতি কমিয়ে আনা সম্ভব। আশার কথা হচ্ছে এই যে, দেরীতে হলেও গত ১ জুলাই ২০০৬ সাল থেকে সাফটা কার্যকর হয়েছে (১১, ০২ ঃ ০৭ ঃ ০৬)। উল্লেখ্য যে, সাফটা চুক্তি সই হয় সেই ১৯৯৩ সালের ১১ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত সপ্তম সার্ক সম্মেলনে। এর অধীনে সার্কভুক্ত সাতটি দেশের মধ্যে বানিজ্যের ব্যাপারে নির্ধারিত হারে শুস্ক হ্রাসের কথা আছে। এতে আঞ্চলিক বানিজ্যিক আদান-প্রদান বেড়ে যাবে বলে আশা প্রকাশ করা হয়েছে। সাফটা অনুযায়ী ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কা তাদের আমদানী শুল্ক বাংলাদেশসহ সার্কের অন্যান্য দেশের ক্ষেত্রে আগামী ছয় মাসের মধ্যে বর্তমান হার থেকে ১০.০% হ্রাস করবে। আর বাংলাদেশ কমাবে ২.৫%। বর্তমানে আমাদের দেশের সর্বোচ্চ শুল্ক হার হচ্ছে ২৫.০%। সাফটা চুক্তি অনুসারে আগামী তিন বছরের মধ্যে তা ০.০ – ৫.০% এ নামিয়ে আনতে হবে। আর এজন্য বাংলাদেশের মত স্বল্পোন্নত দেশগুলো সময় পাবে দশ বছর। সংশ্লীষ্টরা অবশ্য আশংকা করছেন যে, নন-ট্যারিফ ও প্যারাট্যারিফ বলে পরিচিত শুল্ক বহির্ভূত বাধা-বিপত্তির জন্য

সাফটা থেকে ফায়দা উঠানো কঠিন হবে। অতএব, শুল্ক বহির্ভূত বাধা দূর করা না হলে মুক্ত বানিজ্য কাজে আসবে না, এমনকি শুল্ক হার শূন্য করা হলেও না।

দক্ষিণ এশিয়ার সবচেয়ে বড় দেশ হচ্ছে ভারত। গোটা অঞ্চলের প্রায় দেড় বিলিয়ন অধিবাসীর মধ্যে এক বিলিয়নেরও বেশী মানুষ বাস করে ভারতে। ভারতের অর্থনীতি যেমন শক্তিশালী, প্রবৃদ্ধিও তেমনি সবচেয়ে উঁচুতে অবস্থান করছে (প্রায় ৮.০%)। কাজেই সাফটা কার্যকর হওয়ার একটি প্রধান বাস্তবতা হচ্ছে এ চুক্তি থেকে আমাদের দেশসহ এ অঞ্চলের স্বল্পোন্নত দেশগুলোর লাভবান হওয়া। আর সেটা নির্ভর করছে বড় দেশ বা বড় বাজার ভারত এই দেশগুলোর জন্যে তার বাজার কতটা উন্মুক্ত করছে বা পণ্য প্রবেশের শুল্ক, অশুল্ক বা প্যারাশুল্ক বাধাগুলো কতটা দূর করছে তার উপর। এমতাবস্থায়, স্বাভাবিকভাবেই সার্কভুক্ত স্বল্পোন্নত দেশগুলোর বানিজ্যের প্রথম টার্গেট হচ্ছে ভারতের বাজারে প্রবেশ করা। কিন্তু দেখা যাচ্ছে যে, ভারত এ যাবৎ তার বাজারে আমাদের দেশী পণ্য প্রবেশের সুযোগ সামান্যই দিয়েছে। অথচ শুধু আঞ্চলিক বানিজ্য চুক্তি সাফটাই নয়, দ্বিপক্ষীয় মুক্ত বানিজ্য নিয়েও আলোচনা অনেক দূর এগিয়েছে। সার্কের অন্যান্য সদস্য রাষ্ট্র বিশেষ করে বাংলাদেশ বানিজ্য উদারীকরণ করলেও ভারত যথাযথ বানিজ্য উদারীকরণ করেনি। বিশ্ব বানিজ্য সংস্থার আওতায় বাংলাদেশসহ এ অঞ্চলের অন্যান্য স্বল্পোন্নত দেশগুলোকে ভারতের যেসব সুবিধা প্রদানের কথা সেগুলো প্রদান করা হয় নি বলে যেমন অভিযোগ রয়েছে, তেমনি শুল্ক বহির্ভূত ও প্যারা শুল্ক বাধা আরোপের মধ্য দিয়েও বানিজ্য সুবিধা বাধাগ্রস্ত করা হচ্ছে। কাষ্টম, ব্যাংকিং সমন্বয়, পণ্যমান নির্ধারণ এবং অবকাঠামোগত সমস্যা ও রাজ্য সরকারগুলোর পৃথক শুল্ক আরোপজনিত সমস্যাগুলো এখনও পূর্বের মতই রয়ে গেছে। বর্তমানে ভারতের সঙ্গে বাংলাদেশের বানিজ্য ঘাটতি প্রায় দেড় বিলিয়ন ডলার (১)। এ ঘাটতির সবটুকুই যে ভারতের কারণে তা অবশ্যই নয়, আমাদের দেশের রপ্তানী পণ্যের সীমাবদ্ধতাও এর জন্যে অনেকাংশে দায়ী। শুল্ক বহির্ভূত নানা রকম বাধা সৃষ্টি করে ভারত বাংলাদেশের হাতেগোনা কয়েকটি পণ্যেরও প্রবেশাধিকার বন্ধ করে রেখেছে।

তবে এটাও ঠিক, মুক্ত বানিজ্যের ক্ষেত্রে পণ্যের মান এবং রুলস অফ অরিজিনের (৫) নিয়মাবলি মেনে চলার ব্যাপার রয়েছে। তাছাড়া প্রাতিষ্ঠানিক দুর্বলতা দূর করা, কাষ্টমের প্রক্রিয়াগত সমন্বয় সাধন, ব্যাংকিং প্রক্রিয়ার উন্নয়ন ও সমন্বয় এবং কার্যকর বীমা ব্যবস্থা একান্ত জরুরী। ঋণ পত্রের ক্ষেত্রেও এ অঞ্চলের সবার কাছে গ্রহণযোগ্য পদ্ধতি অনুসরণ করা প্রয়োজন। পণ্যের মানের ক্ষেত্রেও সঠিক একটি সমন্বিত মান নির্ধারণ প্রক্রিয়া গ্রহণ অপরিহার্য। পণ্য আনা নেয়ার ক্ষেত্রে অব্যবস্থা দূর করা দরকার। বিশেষ করে বাংলাদেশ ও ভারতের বানিজ্যের ক্ষেত্রে উভয় দেশের স্থল বন্দরের প্রাতিষ্ঠানিক সুবিধা ও অবকাঠামোগত দুর্বলতা দূর করা খুবই জরুরী। এছাড়াও ঘুষ, দুর্নীতি ও হয়রানীর ব্যাপার তো রয়েছেই। কিন্তু এসব সমস্যা সত্ত্বেও কাষ্টমের বাধা, জটিল সার্টিফিকেশন নিয়মাবলি এবং শুল্ক বহির্ভূত বাধাগুলো দূর করা অবশ্যই সম্ভব। এর জন্যে প্রয়োজন সদিচ্ছা এবং রাজনৈতিক সিদ্ধান্ত। সম্প্রতি ভারতের শুল্ক বিভাগ সাফটা চুক্তির আওতায় শুল্ক হার হ্রাসের নোটিশ দিয়েছে (১১, ০৮ ঃ ০৭ ঃ ০৬)। ৩০ জুন ২০০৬ তারিখে জারি করা এ নোটিশে বাংলাদেশ, নেপাল, ভুটান ও মালদ্বীপের ক্ষেত্রে অধিকতর হারে শুল্ক হ্রাসের বিধান করা হয়েছে। এটা নিঃসন্দেহে একটি ইতিবাচক পদক্ষেপ। তবে এ ঘোষণা বাস্তবায়নে যেন প্রাতিষ্ঠানিক বাধা প্রধান হয়ে না দাঁড়ায়ে সে ব্যাপারে ভারত সরকারকে সজাগ থাকতে হবে। আরও বড় বিষয় হলো শুল্ক বহির্ভূত বাধাগুলো দূর করার ব্যাপারে বাংলাদেশ-ভারতের

মধ্যে অব্যাহত আলোচনা বাঞ্ছনীয়। যত দ্রুত সম্ভব এ সমস্যা দূর করা দরকার, তা না হলে শুল্ক হ্রাস যেমন কোন কাজে আসবে না, তেমনি সাফটা বাস্তবায়নও সমস্যার আবর্তে ঘুরপাক খেতে থাকবে।

তবে সব কিছুর মূলে হচ্ছে ট্রানজিট। ট্রানজিট সুবিধা উন্মুক্ত করার সাথে সাথে যদি প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলা না হয় তাহলে অবস্থার খুব একটা পরিবর্তন হবে না। আর এ ক্ষেত্রে সর্বাগ্রে প্রয়োজন স্থল পরিবহণ অবকাঠামো। স্থল পরিবহণ অবকাঠামো আবার দু'ধরনের ঃ রেল ও সড়ক পরিবহণ অবকাঠামো। অর্থনৈতিক দৃষ্টিকোন থেকে রেল পরিবহণ হচ্ছে সবচেয়ে লাভজনক। কারণ রেল হচ্ছে সবচেয়ে নির্ভরযোগ্য, দ্রুত ও সস্তা। অথচ এ ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার দেশগুলো সবচেয়ে পিছিয়ে আছে। বর্তমানে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে কোনও রেল যোগাযোগ নেই। পাকিস্তান ও ভারতের মধ্যে বছর দুই পূর্বে যাত্রীবাহী রেল যোগাযোগ শুরু হলেও তা অত্যন্ত সীমিত ও অনিয়মিত। অনেক আলাপ-আলোচনা হলেও বাংলাদেশ ও ভারতের মধ্যে অদ্যাবধি রেল যোগাযোগ শুরু করা সম্ভব হয় নি। অথচ ১৯৪৭ সাল পর্যন্ত বাংলাদেশের রেল নেটওয়ার্ক সর্বভারতীয় রেল নেটওয়ার্কের সঙ্গেই সংযুক্ত ছিল। ১৯৬৫ সালের ভারত – পাকিস্তান যুদ্ধের পর বর্তমানের বাংলাদেশের সাথে ভারতের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। স্বাধীনতার পর কিছুদিন মালবাহী ট্রেন চললেও ১৯৭৫ পরবর্তী সময়ে তাও বন্ধ হয়ে যায়। সড়ক যোগাযোগের ক্ষেত্রে প্রায় একই অবস্থা বিদ্যমান। নামকা ওয়াস্তে সড়ক যোগাযোগ বিদ্যমান থাকলেও মানসম্পন্ন সড়কের অভাব ও নানা রকম বিধি নিষেধের ঘেরাটোপের কারণে যথাযথ ভূমিকা রাখতে পারছে না। এ প্রসঙ্গে এশিয়ান মহাসড়কের কথা উল্লেখ করা প্রয়োজন। কারণ অন্যান্য দেশ এ মহাসড়কের সঙ্গে যুক্ত হওয়ার জন্যে চুক্তিবদ্ধ হলেও বাংলাদেশ হয় নি (৩১ ডিসেম্বর ২০০৫ চুক্তিবদ্ধ হওয়ার সময়সীমা শেষ হয়ে গেছে)। ইউএনএসকাপ (United Nations Economic and Social Council for Asia and the Pacific, বা UN-ESCAP) ১৯৯২ সালে অলটিড (Asian Land Transport Infrastructure Development বা ALTID) নামে এক প্রকল্প শুরু করে যার প্রধান উপাদানগুলো হচ্ছে নিম্নরূপ ঃ

১. *এশিয়ান মহাসড়ক (Asian Highway বা AH) নির্মাণের মাধ্যমে এশিয়ার দেশগুলোকে সড়ক নেটওয়ার্কের আওতায় আনা ;*
২. *ট্রান্স-এশিয়ান রেল পথ (Trans-Asian Railway বা TAR) নির্মাণের মাধ্যমে এশিয় দেশগুলোকে ইউরোপের সাথে যুক্ত করা ;*
৩. *আন্তর্জাতিক চুক্তির মাধ্যমে এক দেশ থেকে অন্য দেশে প্রবেশের জন্যে সীমান্ত পাড়াপাড়ের নিমিত্তে সীমান্ত পাড়াপাড় সুবিধা (Border Crossing Facility বা BCF) গড়ে তোলা।*

এসকাপের পরিকল্পনা অনুযায়ী এশিয় মহাসড়কের একটি শাখা ভারতের হরিদাসপুর সীমান্ত দিয়ে বাংলাদেশের বেনাপোল সীমান্ত অতিক্রম করবে এবং বঙ্গবন্ধু সেতু হয়ে সিলেট সীমান্ত দিয়ে ভারতের আসাম রাজ্যে ঢুকে যাবে। আর অন্যটি নেপাল ও ভারত হয়ে রাজশাহী সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করে প্রথমটির সাথে বঙ্গবন্ধু সেতুর কাছাকাছি গিয়ে মিলিত হবে। তার মানে এশিয় মহাসড়কের বাংলাদেশ অংশ পরবর্তীতে চট্টগ্রাম ও মঙ্গলা বন্দরকে নেপাল, ভুটান, মিয়ানমার, ভারত ও চীনের সাথে সরাসরি সংযুক্ত করবে। কাজেই দেখা যাচ্ছে যে, বাংলাদেশ এশিয় মহাসড়কের সাথে সংযুক্ত হলে আমাদের দেশের অর্থনৈতিক উন্নয়নের এক স্বর্ণ দরজা খুলে যেতে পারে। এক হিসেবে দেখা গেছে যে, দক্ষিণ এশিয়ার দেশগুলো যদি স্থল পরিবহণ ও যোগাযোগ এবং ট্রানজিট সুবিধার ক্ষেত্রে পরস্পরের সাথে সহযোগিতা করে তাহলে ২০১৫ সাল নাগাদ আন্তঃআঞ্চলিক বানিজ্যের পরিমাণ এগারো বিলিয়ন

ডলারে গিয়ে পৌছাতে পারে (৯)। অপরদিকে রেলের সম্ভাবনা সড়ক যোগাযোগের চেয়ে অনেক গুণ বেশী। গবেষণায় দেখা গেছে যে, ভারত যদি বাংলাদেশ রেলওয়েকে তার ভূখন্ড ব্যবহার করে নেপালে যেতে দেয় তাহলে প্রতি বছর আমাদের দেশ থেকে ৫০ থেকে ১০০ মিলিয়ন ডলারের পণ্য রপ্তানী হতে পারে সেদেশে। তেমনিভাবে নেপালও বাংলাদেশে এবং আমাদের মঙ্গলা বন্দর ব্যবহার করে তার রপ্তানী ও আমদানী কয়েকগুণ বৃদ্ধি করতে পারে (৭)। আর বানিজ্য ও বিনিয়োগের সরাসরি সম্পর্কের কথা বিবেচনায় নিলে এটা পরিস্কার যে, অলটিড প্রকল্পের আওতায় ট্রানজিট ও অন্যান্য সেবার ফি বাবদ বাংলাদেশ শুধু বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রাই আয় করবে না, বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগও আসবে দেশে।

হতাশার কথা এই যে, বিএনপি-জামাত জোট সরকার এশিয় মহাসড়ক সংক্রান্ত চুক্তিতে সই করে নি নিরাপত্তা ও ভারতীয়দের বেশী সুবিধা হবে এ অজুহাতে। বিগত শতাব্দীর নব্বইয়ের দশকের শুরুতেও তৎকালীন বিএনপি সরকার একই ভুল করেছিল বিনা খরচায় তথ্য মহাসরণীতে যোগদানে সম্মত না হয়ে। এসকাপের প্রস্তাবিত রুট (সিলেট হয়ে) বাদ দিয়ে টেকনাফ হয়ে মিয়ানমার রুটের পাল্টা প্রস্ত াব দিয়ে বর্তমান জোট সরকার আসলে গোটা জিনিষটাই বলা যায় ভন্ডুল করে দিয়েছে। রেলপথের অবস্থা তো একেবারেই ভঙ্গুর ও দুর্বল (৬)। স্বাধীনতার পয়ত্রিশ বছরে রেললাইনের দৈর্ঘ্য বৃদ্ধি না পেয়ে বরং হ্রাস পেয়েছে। বন্দরগুলোর অবস্থা তো তথৈবচ। স্থল বন্দরের কোনও অবকাঠামো গড়ে ওঠেনি। সমুদ্র বন্দর দু'টোর অবস্থা ইউরোপের অষ্টাদশ শতাব্দীর অবস্থাকেও হার মানায়। অতএব, আমাদের দেশের সম্ভাবনাকে কাজে লাগাতে হলে অর্থনীতি, রাজনীতি ও প্রযুক্তির সুসমন্বয় ঘটাতে হবে।

সুপারিশমালা

সার্ক জোটের আওতায় কোন রকম সফল অর্থনৈতিক সহযোগিতার জন্যে আমাদের মতে নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করা অত্যন্ত জরুরী ঃ

১. ট্রানজিটের ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। পারস্পরিক ট্রানজিট ছাড়া দক্ষিণ এশিয়ার দেশগুলো তাদের অর্থনৈতিক উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার আশা করতে পারে না। বাংলাদেশ ভারতকে তার পূর্বাঞ্চলীয় সাতটি রাজ্যের সাথে যোগাযোগের জন্যে ট্রানজিট দিলে উভয়েই লাভবান হবে। কারণ বর্তমানে ভারতকে পশ্চিম বঙ্গ থেকে ত্রিপুরা পর্যন্ত যেতে প্রায় এক হাজার ছয়শত পঞ্চাশ কিলোমিটার পথ পাড়ি দিতে হয়। অথচ বাংলাদেশের মধ্য দিয়ে গেলে এ দূরত্ব মাত্র তিনশত পঞ্চাশ কিলোমিটারে এসে দাঁড়াবে। কাজেই ট্রানজিট সুবিধা পেলে ভারতের সময় ও অর্থের প্রভূত সাশ্রয় হবে এবং যোগাযোগ বহুলাংশে বৃদ্ধি পাবে। আর বাংলাদেশ রয়ালটি ও সেবা খাতের বিকাশের মাধ্যমে যথেষ্ট আয় করতে পারবে। করিডোর সুবিধা ও চট্টগ্রাম বন্দর ব্যবহারের সুবিধা দিলে এ আয় কয়েকগুণ বেড়ে যাবে। সম্প্রতি ভারত মায়ানমারের গ্যাস বাংলাদেশের উপর দিয়ে নেয়ার জন্যে তৃদেশীয় গ্যাস পাইপ লাইন নির্মাণের প্রস্তাব দিয়েছিল। কিন্তু বাংলাদেশ তা প্রত্যাখান করেছে। আমরা মনে করি এটিও একটি ভুল সিদ্ধান্ত। কারণ শুধু এ গ্যাস পাইপ লাইন থেকেই বাংলাদেশ বছরে কম পক্ষে পাঁচশত মিলিয়ন ডলার আয় করতে পারতো। আর ভবিষ্যত গ্যাস নিরাপত্তার ব্যাপারটি তো রয়েছেই। মায়ানমারের প্রচুর গ্যাস আছে। আমাদের দেশের অর্থনৈতিক বিকাশের জন্যে গ্যাসের চাহিদা

অব্যাহতভাবে বাড়বে যা অভ্যন্তরীণ উৎপাদন দিয়ে ভবিষ্যতে মোকাবেলা করা সম্ভব নাও হতে পারে। বাংলাদেশ কর্তৃক প্রত্যাখ্যাত হয়ে ভারত ইদানিং বাংলাদেশের উত্তর সীমান্তের ভারতীয় ভূখন্ড দিয়ে গ্যাস পাইপ লাইন নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে। এ ব্যাপারে প্রাথমিক জরিপ কাজ চালানোর জন্যে তারা বেলজীয় একটি কোম্পানীর সাথে চুক্তিবদ্ধ হয়েছে। নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গের মত কুনীতি নিয়ে চললে ভবিষ্যতে বাংলাদেশের বিশ্বের তথা এশীয় অঞ্চলের দেশগুলো থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ার সম্ভাবনা আছে। মনে রাখতে হবে যে, ভবিষ্যতে বাংলাদেশ তার ভৌগলিক অবস্থানের এ সুবিধা কাজে লাগানোর সুযোগ নাও পেতে পারে। অতএব, সিদ্ধান্ত নিতে হবে এখনই, এই মূহুর্তে। তা না হলে সাবমেরিণ ক্যাবল প্রকল্পের মত পস্তাতে হবে।

২. ট্রানজিট (করিডোর ও বন্দর সুবিধাসহ) প্রদানের বিনিময়ে অবশ্যই বাংলাদেশ নেপাল, ভুটান এবং ভবিষ্যতে চীনের সাথে যোগাযোগের জন্যে ভারতীয় ভূখন্ড ব্যবহারের সুবিধা চাইতেই পারে। নেপাল, ভুটান ও চীনও এ ব্যাপারে সক্রিয় হলে ভারত অবশ্যই এ দেশগুলোকে ট্রানজিট সুবিধা দিতে বাধ্য হবে। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, অনেক দিনের শত্রুদেশ ভারত ও চীন পরস্পরের মধ্যে ব্যবসা-বানিজ্য বৃদ্ধির লক্ষ্যে দীর্ঘ চুয়াল্লিশ বছর পর (১৯৬২ সালের চীন-ভারত যুদ্ধের পর বন্ধ হয়ে যায়) নাথু লা (সিকিম রাজ্যের) সীমান্ত খুলে দিয়েছে বিগত ০৬ ঃ ০৭ ঃ ০৬ তারিখ। উল্লেখ্য যে, এটি বিখ্যাত সিল্ক রুটের একটি অংশ। শুধু তাই নয়, চীন তিব্বতের সাথে তার অন্যান্য এলাকার যোগাযোগ বৃদ্ধির জন্যে ইদানিং বিস্ময়কর এক রেল লাইন নির্মাণ করেছে যার দৈর্ঘ্য হচ্ছে এক হাজার একশত বিয়াল্লিশ কিলোমিটার। বিগত ০১ ঃ ০৭ ঃ ০৬ তারিখ চীনের প্রেসিডেন্ট হু জিনতাও এর উদ্বোধন করেন (১১, ০৪ ঃ ০৭ ঃ ০৬)। এটা হচ্ছে বিশ্বের সবচেয়ে উঁচু রেল লাইন। এর উচ্চতা হচ্ছে চার হাজার মিটার (চার কিলোমিটার)। যে জন্যে অক্সিজেন ঘাটতির আশংকায় এতে অক্সিজেন সরবরাহের ব্যবস্থা রাখা হয়েছে। এই রেলওয়েকে চীনের রাষ্ট্রপতি বিশ্বের এক "বিস্ময়" বলে অভিহিত করেছেন। এর ফলে "পৃথিবীর ছাদ" বলে পরিচিত হিমালয় অঞ্চলের উন্নয়নের সুযোগ সৃষ্টি হবে। চীন সরকার ইতোমধ্যেই এই লাইন তিব্বতের রাজধানী লাসা থেকে দক্ষিণ এশিয়ার কাছাকাছি পর্যন্ত নিয়ে যাওয়ার পরিকল্পনার কথা ঘোষণা করেছে। আগামী দশ বছরে চীনের সীমান্ত সংলগ্ন ষ্ট্র্যাটেজিক গুরুত্বসম্পন্ন ভাদং শহর পর্যন্ত ট্রেন লাইন পাতা হবে। ভাদং তিব্বতে কোমো ও ভারতে ভা ঢুং নামে পরিচিত। এটি লাসা থেকে ৩১৫ কিলোমিটার, ভুটানের রাজধানী থিম্পু থেকে ১০০ কিলোমিটার এবং ঢাকা থেকে ৪৫০ কিলোমিটার দূরে অবস্থিত। আর নেপাল তো আরই কাছে। আমরা মনে করি ভারত যেমন চীনের সাথে অর্থনৈতিক সম্পর্ক বৃদ্ধির জন্যে সকল বৈরীতাকে আড়াল করে সীমান্ত খুলে দিয়েছে, সার্কের দেশ হিসেবে বাংলাদেশসহ অন্যান্য দেশকেও ভারত ট্রানজিট (করিডোর ও বন্দরসহ) সুবিধা প্রদান করে তাদের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে সাহায্য করবে।

৩. ট্রানজিট সুবিধাকে সফলভাবে কাজে লাগাতে হলে সর্বাগ্রে দরকার আধুনিক অবকাঠামো নির্মাণ। বাংলাদেশের স্থল বন্দরগুলো ইউরোপের মধ্যযুগীয় অনুরূপ বন্দরের কথা মনে করিয়ে দেয়। সুতরাং আধুনিক কম্পিউটার ও কনভেয়ার সিষ্টেমসহ পরিপূর্ণ এক স্থলবন্দর অবকাঠামো গড়ে তুলতে হবে যথাসম্ভব স্বল্প সময়ের মধ্যে। ভারত পারলে আমরা পারবো না কেন। ভারত বন্দর

অবকাঠামোর আধুনিকায়ন করেই যাচ্ছে। শক্তিশালী রেল অবকাঠামো গড়ে তুলতে হবে এবং এসকাপের ট্রান্স এশিয়ান রেলওয়ে প্রকল্পের সাথে বাংলাদেশ রেলওয়েকে সংযুক্ত করতে হবে। মনে রাখতে হবে যে, আধুনিক রেল পরিবহণ ব্যতীত ট্রানজিট থেকে তেমন একটা সুবিধা পাওয়া যাবে না। বাংলাদেশ রেলওয়ের বিদ্যমান অত্যন্ত দুর্বল অবস্থা নিয়ে একবিংশ শতাব্দীর পরিবহণ চ্যালেঞ্জ কিছুতেই মোকাবেলা করা যাবে না (৬)। সড়ক অবকাঠামোর ব্যাপারেও একই কথা প্রযোজ্য। সড়ক পথের বিকাশ ঘটলেও আন্তর্জাতিক মানসম্পন্ন সড়কের এখনও যথেষ্ট অভাব রয়ে গেছে। এ ক্ষেত্রে বাংলাদেশকে অবশ্যই অনতিবিলম্বে এসকাপের এশিয়ান হাইওয়ে প্রকল্পের সাথে সংযুক্ত করতে হবে। ভুলে গেলে চলবে না যে, এ সুযোগ হাতছাড়া করলে ভবিষ্যতে বাংলাদেশকে একঘরে হয়ে পড়তে হতে পারে। ট্রান্স এশিয়ান রেলওয়ে ও এশিয়ান হাইওয়ে থেকে বিচ্ছিন্ন থাকার মত ঝুঁকি বাংলাদেশ কিছুতেই নিতে পারে না। কারণ ভবিষ্যতে এর জন্যে চরম মূল্য দিতে হতে পারে।

৪. সবকিছুর মূলে রয়েছে রাজনৈতিক সিদ্ধান্তের ব্যাপার। সার্কের দেশসমূহের মধ্যে পারস্পরিক আস্থাহীনতা ও অবিশ্বাস এতটাই প্রবল যে, অর্থনৈতিক বিবেচনা এখানে একেবারেই কাজ করছে না। যে কারণে সার্কের আওতায় অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত বেশ কিছু চুক্তি হলেও তার বাস্তবায়নে সদস্য রাষ্ট্রগুলো আদৌ আন্তরিক নয়। এছাড়া ঐতিহাসিকভাবে ভূখন্ডগত বেশ কিছু সমস্যা রয়েছে (সিটমহল, জম্মু ও কাশ্মীর ইত্যাদি) যার সমাধান না হওয়া পর্যন্ত পারস্পরিক আস্থা ও বিশ্বাসের সংকট থেকেই যাবে। অতএব, কোন রকম অর্থবহ অর্থনৈতিক (ট্রানজিটসহ) সহযোগিতা চাইলে সার্কের সদস্য দেশগুলোকে উপরোক্ত সমস্যাগুলোর বাস্তবসম্মত, দ্রুত ও ন্যায্য সমাধান অবশ্যই খুঁজে বেড় করতে হবে।

৫. ডলার সাম্রাজ্যবাদ থেকে সার্কের সদস্য রাষ্ট্রগুলোকে মুক্তির প্রচেষ্টা গ্রহণ করতে হবে। আসিয়ানের দেশগুলো কিন্তু বহু আগেই নিজেদের মধ্যে সদস্য রাষ্ট্রগুলোর মুদ্রা বিনিময়যোগ্য করেছে। সার্ক দেশসমূহেরও উচিত এ ব্যাপারে দ্রুত সিদ্ধান্তে আসা। বাংলাদেশী টাকাকে ডলারে রূপান্তর এবং ডলারকে আবার রূপীতে রূপান্তর-এ এক জটিল, ব্যয়বহুল ও কষ্টসাধ্য প্রক্রিয়া। সরাসরি টাকাকে রূপীতে এবং রূপীকে টাকায় কেন রূপান্তর করা যাবে না ? এ প্রশ্নের উত্তর সার্ক দেশের নেতৃবৃন্দকে খুঁজে বেড় করতে হবে। আর তা যতদিনে সম্ভব না হবে ততদিনে ট্রানজিট ও অন্যান্য ব্যবস্থার সুফলও আশানুরূপ পাওয়া যাবে না।

উপসংহার

বিগত প্রায় তিন দশক (১৯৭৮ – ২০০৬) যাবৎ চীনের গড় প্রবৃদ্ধি ১০.০% এর উপরে অবস্থান করছে। আর সার্কের দেশগুলোর প্রবৃদ্ধি পাঁচ থেকে ছয় শতাংশের মধ্যে ঘুরপাক খাচ্ছে। অবশ্য ইদানিং ভারতের প্রবৃদ্ধি ৮.০% এ পৌছেছে (২০০৫ – ২০০৬)। মনে রাখতে হবে প্রবৃদ্ধি আকাশ থেকে পড়ে না। প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্যে কিছু পূর্বশর্ত পূরণ করতে হয় যা শক্ত প্রবৃদ্ধির ভিত তৈরী করে। চীনারা বিজ্ঞান ও কারিগরি শিক্ষার মাধ্যমে জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তরিত করতে সক্ষম হয়েছে। চীনের প্রতিটি পরিবার আজ এক একটা গার্মেন্টস কারখানায় তথা উৎপাদন সংস্থায় রূপান্তরিত হয়েছে। এর পেছনে অবশ্য মুখ্য ভূমিকা পালন করেছে চীনের সমাজতান্ত্রিক রাষ্ট্র। চীন আজ আধুনিক প্রযুক্তি

জ্ঞানসম্পন্ন এক বিশাল কর্মী বাহিনীর দেশে পরিনত হয়েছে। আর একটি বিষয় হচ্ছে এই যে, চীন অত্যাধুনিক এবং অত্যন্ত বিশাল ও সুবিস্তৃত এক অবকাঠামো গড়ে তুলেছে। চীন বর্তমানে অবকাঠামো খাতে ভারতের তুলনায় ছয় গুন বেশী বিনিয়োগ করছে। কাজেই প্রবৃদ্ধি তো বেশী হবেই। বিদেশী ও স্বদেশী বিনিয়োগ তো চীনেই যাবে বা হবে। কাজেই আমরা বিশ্বাস করি যে, সার্কের দেশগুলোও যদি চীনের অভিজ্ঞতায় আলোকিত হয়ে শিক্ষা (বিজ্ঞান ও প্রযুক্তি) ও ট্রানজিটসহ অবকাঠামোর উপর অগ্রাধিকার দিয়ে এগিয়ে যায়, তাহলে সার্কও অর্থনৈতিক জোট হিসেবে বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াতে সক্ষম হবে।

গ্রন্থপঞ্জী

১. অর্থ মন্ত্রনালয়, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৬ ।

২. অর্থ মন্ত্রনালয়, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০৫ ।

৩. Antipov V. I. : Singapore, <<Misl>>, in Russian, Moscow, 1982.

৪. Kurzanov V.N. : Industrial Development of Singapore, <<Nauka >>, in Russian, Moscow, 1978.

৫. Azad A. K. : "A Theoretical Note on the SAARC Cumulation System," বাংলাদেশ অর্থনীতি সমিতি, ঢাকা, পৃঃ ৫০৩-৫১১ ।

৬. খান মোঃ মোয়াজ্জেম হোসেন ঃ "বাংলাদেশের অর্থনৈতিক অবকাঠামো উন্নয়নে বাংলাদেশ রেলওয়ে ঃ সমস্যা ও সম্ভাবনা", ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন ঢাকায় ০৮-১০ ডিসেম্বর ২০০৪ সালে অনুষ্ঠিত বাংলাদেশ অর্থনীতি সমিতির পঞ্চদশ দ্বিবার্ষিক সম্মেলনে উপস্থাপিত প্রবন্ধ ।

৭. Khan M. M. H. : "Trade between Bangladesh and other SAARC Countries : Some Pertinent Issues", Presented at the Biennial Conference of the Bangladesh Economic Association Held on 08-10 December 2004 at the Engineers Institution, Dhaka.

৮. Rahmatullah M. : Asian Land Transportation Development : Its Implications for Trade and Economic growth for Bangladesh, Background Paper of C. P. D. arranged Dialogue, 04-05 January 1997, Dhaka.

৯. Rahmatullah M. : Asian Land Transportation Development : Its Implications for Trade and Economic growth for Bangladesh, from Perspective on South Asian Cooperation, Pakistan Office of the German Friedrich Ebert Stiftung (FES), Friedrich Ebert Foundation, 1994.

১০. Sdasuk G. V. : States of India, << Misl >>, in Russian, Moscow, 1981.

১১. দৈনিক সংবাদ, ঢাকা ।

১২. দৈনিক জনকণ্ঠ, ঢাকা ।

১৩. The Independent, Dhaka.

Floating Exchange Rates in the Developing World: The Bangladesh Context

Tarequl Hasan, M. Chowdhury*
Nitai C. Nag**

Abstract

We find that independent floating is not a viable option for least developed countries. During the last one decade, the number of countries with independently floating exchange rate declined significantly. However, developed countries, such as the USA, Canada, UK, Japan etc. have been consistent floaters. Many least developed countries went for independent floating, but failed to stick. Some also suffered damages in the process. Bangladesh belongs to managed floaters' group. However, Bangladesh's floating behaviour looks like an independent one. The result has been unpleasant. Our opinion is that Bangladesh's move toward floating has not been timely. To continue with floating, Bangladesh will have to exercise total independence at managing the float on the one hand and devote to developing such complimentary factors as are essential for floating to work.

Exchange rates are theoretically divided into two categories, namely, fixed and flexible exchange rates. There are, however, quite many variants of each of these categories. The fixed exchange system has about as many variants as has the variable system. Edwards and Savastano (1999) list as many as nine different exchange rate systems that prevailed in the world until 1999. According to IMF Annual Report 2005, the total number of variants [1] is eight. *Exchange rate arrangement with no separate legal tender*, and *independent floating* appear respectively in the first and last places of both the lists. Coexistence of many systems has, among others, turned the task of estimating their relative merits

Since Edwards and Savastano (1999) and the IMF use distinct terms to describe various systems we cannot determine if fonner details any particular system or some particular system vanished during the interval.

* Assistant Professor, Deptt. of Economics, University of Chittagong.
** Professor, Deptt. of Economics, University of Chittagong.

problematic. *The profusion of exchange rate systems and the blurred boundaries between many of them makes any attempt to empirically determine the merits of alternative regimes extremely difficult*—(Edwards and Savastano 1999, p.5).

Between 1988 and 1998, the number of countries having floating– a variant of the flexible exchange system— rose from just 38 to 101. The rush seems to have waned since. According to IMF Annual Report 2005, 86 countries out of a total of 187, were pursuing floating as of end April, 2005. Of them 52 were using *managed floating* and the rest pursued *independent floating*. At the other extreme, the number of countries with no *separate legal tender* is also on the rise. Between 1999 and 2004, the number of countries under the latter, in turn a variant of the fixed exchange rate system, rose from 37 to 41. The fact that an overwhelming majority of the world's countries, 127 out of 187 now belong to either extreme has also led some experts (e.g., Eichengreen and Hausmann, 1999; Fisher, 2001) to predict that the intermediate regimes will vanish, and as between the corner solutions, floating will dominate.

The bipolar view has been refuted by Velasco (2000), OECD (2001), and Williamson (1999). Velasco (2000) points out that, except for some extreme cases, neither currency boards nor a clean float of currencies seem appropriate for developing countries. Williamson (1999), for instance, sees equally admissible the possibility of countries reverting to intermediate regimes. Recent statistics too seem to provide credence to this possibility. The number of independent floaters, for instance, fell from 50 in 1999 to 34 in 2005. This might also go some way to dispel the IMF's foresight. It is the bipolar view that might rather fade away. Table-1 in the appendix shows how rapidly the numbers of countries affiliated to the various variants are fluctuating. There are instances of countries *hiring and firing* certain system in a span of just one year. Exchange rate system of the world, particularly, the developing one is seemingly passing the most turbulent of episodes ever.

This article is organized in the following manner. In section two, we prepare a short note on the prospect of floating by developing countries. In section three, there appears a perspective account of Bangladesh's move toward floating. Section four points out Bangladesh's problems and prospects with floating. Concluding remarks appear in the last section.

2. Floating by the Developing Countries

The job of determination of the relative advantage of floating exchange for the developing countries is complicated due to the very nature of the problem. As

Frankel (2003) notes, *The advantages and disadvantages of various exchange rate regimes – fixed* versus floating as well as various other places along the spectrum — are far too numerous to be readily captured and added up in a single model. Studies on floating by developing countries so far have remained almost confined with addressing the broad issue: whether a developing country should float or fix. Opinions, as usual, are divided. While the IMF is almost the sole advocate for floating by developing countries, other experts differ and seriously object to applicability of floating for them.

2.1 The IMF's Point

No single exchange rate regime is best for all countries in all circumstances (IMF, 2000). *Member countries continue to have scope to choose the type of exchange rate regime that best suits their needs, always with the proviso that the chosen regime must be credibly supported by policies consistent with the choice. ...While increased capital mobility has been leading an increasing number of countries to either end of the spectrum between firmly fixed rates (or monetary unification) and free floating, intermediate regimes are likely to remain viable and appropriate in many cases (IMF 2000, op. cit.).*

In the contemporary world, however, the IMF, in not quite keeping with this position, is found to put pressure upon those developing countries, which seek its help to switch to floating exchange system. To the sheer disregard for the arguments that highlight inappropriateness of floating system for the developing countries, more and more countries are allured to introduce it. "Fixed exchange rates pose significant challenges because they require much greater reliance on fiscal, monetary and structural policies to provide the flexibility needed in the economy" declares Anne Krueger, the managing director of the IMF (Krueger 2005).

Floating exchange system, thus, is supposed to overcome the necessity of excessive reliance by developing countries with fixed exchange system on fiscal monetary and structural policies for economic flexibility. Unfortunately, we will see soon how experts refer to the same fiscal, monetary, and structural matters to express reservations about appropriateness of floating for developing countries.

2.2 The Counterpoint

Number of countries belonging to independent floating declined from 50 in 1999 to 34 in 2005. Although, a few least developed countries, such as, Somalia,

Uganda, Sierra Leone, Papua New Guinea, Madagascar, continued to be in the independent floating group until 2005, they too may be expected to follow suit considering the observed trend. Ecuador, finding itself in ruins, abandoned floating after experimenting with it less than one year. Of the 50 countries, which belonged to independent floating group in 2000, only 24 remained in the same group in 2005. They are mostly the developed countries, e.g., the US, U.K., Canada, Japan, Australia etc. Floating exchange system initially evolved in those countries. That is, independent floating suits the developed countries.

In the absence of hard data on the outcome of floating in the developing countries authors until now concentrate on its theoretical aspects. These include issues on regional blocks, competition for world market for similar range of products, difficulty of defining floating proper for a developing country, likely volatility of exchange rate, uncertainty, and loss of confidence, fiscal and monetary weaknesses, adverse implications of combination of floating and international capital flows, potential negative impact on investment and debt service, etc.

Bénassy-Quéré and Coeuré (2000) have stressed upon the regional dimension of the debate on corner solutions. They argue that both pure floating and hard pegs make future regional cooperation more difficult. This is important in a world of regional trade blocs, which look for ways to intensify cooperation. A float is an inherently unstable regime for countries competing on world markets for a similar range of products and hence sets incentives for beggar-thy-neighbor competitive devaluation. Floating induces non-cooperative strategies, especially when the competing neighbors face a common shock

In the similar vein, Cooper (1999) points out prescriptions regularly extended to developing countries by the international community, including the IMF and the US Treasury, namely to move toward greater exchange rate flexibility and to liberalize international capital movements, may be in deep tension, even deep contradiction. *It is an open question whether a broad, diversified financial market based on the domestic currency can develop under floating exchange rates,* says Cooper (op. cit.), who also argues that jumping asset prices and absence of hedging instruments in underdeveloped countries could trouble lives under floating exchange system by hampering well-being and investment. Cooper concludes by noting that,

> *as time goes on flexible exchange rates will gradually evolve from being mainly a useful shock absorber for real shocks into being mainly a disturbing transmitter of financial shocks, increasingly troublesome for*

> *productive economic activity. Thus a cost-benefit calculation for flexible versus fixed exchange rates will gradually alter the balance against flexibility, even for large countries.*

This conclusion will look justified empirically since the number of independent floaters declined from 50 to 34 between 1999 and 2005 (see table-1). Table-1 also shows that number of managed floaters has almost doubled to 52 between 1999 and 2005. Edwards and Savastano (1999) asks if it is at all possible to distinguish fixed and flexible exchange rates in the context of the developing countries. To quote the authors,

> *to our knowledge, there have been no serious attempts at establishing an economically-based divide between a "flexible" and a "floating" exchange rate in developing countries. Moreover, given the dearth of episodes with floating exchange rates in those economies, it is not entirely clear whether such a distinction is even possible and, therefore, what countries or experiences outside the developing world should provide the yardstick for evaluating this* option. …

This argument notwithstanding, Edwards and Savastano (op. cit.), conclude,

In order to avoid the possibility of such disaster and undesired consequences, we need to reorganize the supply of port services and the present system and scope of operation of the Chittagong Port in order to increase its efficiency. The reorganization of the supply of port services in Bangladesh should be such that the Government should not be the sole supplier of this service. Both private and public sectors should supply port services. Next, the Chittagong Port should be allowed to cater the needs of not only the users from Bangladesh but also users from the entire region in the neighbourhood of Bangladesh.

The first measure to involve private sector in the supply of port services will be to encourage private investors to set up private ports in Chittagong at suitable locations (and also in Khulna). Besides, Mongla Port may be leased out to the private sector on a free, transparent and open auction basis. Next, while keeping the management of a number ‘jetties’/ terminals reserved exclusively for the Chittagong Port Authority (CPA), others may be leased out to private agencies. This will create an atmosphere of healthy competition between the private and

public suppliers, thereby increasing the efficiency of supply of the port services.

As for allowing the Chittagong Port to serve the users from outside the national boundary of Bangladesh, we may at least adopt the trading arrangement suggested by the present author in another article [6] if direct transit or transshipment of goods to and from other countries in the region through Chittagong Port is not desired. We should not for get the age-old adage of the international trade theory that 'some trade is better than no trade'.

It may be recalled here that when Chittagong was a 'porte Grande', Sutanati—-the present day Calcutta was mere a fishing village. The persisting inefficiency of the Chittagong Port goes only to the advantage of its competitor in Calcutta. Those who want to save the Chittagong Port by stalling the introduction of private port services in Chittagong should better realize that their actions help only perpetuate the inefficiency of the Chittagong Port and, thereby, will ruin it ultimately. Instead of trying to save the Chttagong port, they should rather be eager to ensure the uninterrupted and efficient production and supply port services in Chittagong for domestic users as well as users from the neighbouring countries. In the end, only will this make Chittagong the real 'porte Grande.The perpetuation of inefficiency in the Chittagong Port will only help its 'arch rival' in Calcutta.

So, we may conclude by saying that those who discover the 'Cronies of Clive'[9] among the supporters of private port in Chttagong should better be watching for the 'Chellahs' of Yagat Shett[10] among their ranks and files.

References

1. The international trade in services stood at nearly 1000 billion US dollar and accounted for about 20% of all international transactions in 1993. Vinod Reggie, *Business Guide to the Uruguay Round*, International Trade Centre, UNCTAD/WTO, 1995. pp. 255, 290
2. UNCTAD, 'Services and the Development Process', Document No. TD/B/1008/ Rev1, pp.1- 8.
3. Haq, Abdul, *Shahar Chhattagramer Itikota* (History of Chittagong City), Chittagong.1985, p. 42
4. Min. of Finance, GOB. *Bangladesh Economic Survey* 2002, pp.86,87,89
5. Ibid. p.87
6. Azad, A.K., "Converting Services trade between Bangladesh and India into Commodity trade: A Mutually beneficial Alternative", *Bangladesh Journal of Political Economy,* Vol. XVI, No.1, 2002.
7. Hussain, B. "Chittagong Port : Potentials, Performance and private Sector Participation in Globalized Situation", Working Paper No. 1, BIDS Millennium Series, Bangladesh Institute of Development Studies, Dhaka, November 2002.
8. Scitovsky, T. "Market Power and Inflation", *Economica*, Vol. XXXXV, No. 179, 1978, pp. 221-33
9. Unfortunately, the patriotic zeal and emotion on this controversial issue sometimes run so high that people opposing the privatization of Chittagong port even do not hesitate to compare the supporters of privatization scheme with the collaborators of British East India Company and its Commander Colonel Clive who engineered the demise of Independent Bengal in 1757.
10. Yagat Shett was one of the most infamous architect of the Plassey conspiracy that saw the sowing of seed of the British colonial rule in Bengal (later on in entire India) in 1757.

Globalization of Maritime Commerce: The Rise of Hub & Mega Ports and The Importance of Chittagong

Ataul Karim Chowdhury*

> *Globalization is the inexorable integration of markets, nation-states, and technologies to a degree never witnessed before-in a way that is enabling individuals, corporations and nation-states to reach around the world farther, ,faster, deeper and cheaper than ever before* ——— Sam J. Tangredi

Containerization, telecommunication, globalization and privatization are among the most important recent trends that have affected shipping & maritime trade.

Current trend & future look

In an era of economic globalization, ports are evolving from being traditional interfaces between land and sea to providers of complete logistics networks. The momentum of this trend is creating a port shakeout, leading to the development of a sharply delineated hierarchy on a global scale. Ports are being increasingly differentiated by their ability to handle the latest generation of container ships coming on stream. With the trend toward even bigger container ships, fewer ports are becoming capable of handling them. As a result, the flexibility of the world sea borne trade flow is becoming increasingly constricted-particularly in the event of a natural or man-made crisis or disturbance.

Trends in Maritime Transport and Port Development in the Context of World Trade Structural changes in international trade and the evolution of maritime transport have a direct impact on port growth and expansion. Therefore, these elements and their recent characteristics must be examined. These factors also determine future port development. Globalization, production, trade, and ports. Globalization, or the expansion of markets and hence of the economic prospects

Executive Director, HRC Shipping Ltd.

of societies, is taking place not only because of the supra-national nature of market, but also because of the flow of foreign investment and the strategies of multinational enterprises. These multinationals today account for two/thirds of global exports of goods and services and nearly 10% of domestic sales worldwide.

In this environment of increasing interdependence in the world, the international division Pf labor is changing as a result of structural changes in trade and unprecedented mobility of international capital. However, while the integration of goods and services and capital is progressing at a rapid pace, integration of the labor market is much slower. In addition, ever more sophisticated technologies are being disseminated, in a framework of spectacular streamlining in communications and telecommunications. The development of information technology has, in turn, boosted productivity and, in many cases, worker income. In general, electronic transactions and communications technology have been the necessary complement to full internalization and globalization and their major impact on production and world trade.

Fragments of maritime History

It is commonly claimed that the wheel is the greatest invention in history. Yet, common sense suggests that water transport was a reality before wheeled vehicles became important, something which is confirmed by archeology. Water transport with a history of more than 5,000 years is an integral part of civilization itself, and the world of shipping has a unique place in the history of mankind. Without it the world might have been nothing more than a quilt of isolated tribes confined to survive on whatever local resources they could find. It is difficult to even imagine that science and knowledge could develop very far in a world without water transport.

The first development of major sea routes on a regular basis took place during the Renaissance and expanded rapidly during the industrial revolution. The following quote from Sir Walter, Raleigh, succinctly sums up the prevailing view on shipping as the 17"' century began:

> *Whosoever commands the sea commands trade; whosoever commands the trade of the world commands the riches of the world, and consequently the world itself*

Shipping was not only for adventurers and traders. It attracted the interest of Kings and Emperors, of philosophers and intellectuals. What Adam Smith (1776) did for our understanding of markets and industry late in the 18th century, Richard Hakluyt (1589) had done for trade and shipping two centuries earlier. His

monumental *The Principal Navigations, Voyages, Traffiques and Discoveries of the English Nation* (1589-1600) was written to be useful to merchants and entrepreneurs and ~to-influence -the direction and nature of public policy and indeed played a significant role in 16"' century England.

Shipping was seen as much more than a means of transport, and was linked to broader concepts of technology and growth. Francis Bacon (1605) observed in *Advancement of Learning* "The proficiency in navigation and discoveries may plant also an expectation of the further proficiency and augmentation of all sciences". Almost three centuries later (1870), Emerson, the American poet and philosopher, expressed similar thoughts: "The most advanced nations are also those who navigate the most".

These fragments of maritime history remind us that there is something so profoundly fundamental about maritime transportation that it has no direct parallel in other industries. Shipping has shaped and formed, not only entire economies and world trade, but also cultures and cooperation between peoples. Merchant shipping developed and existed for centuries as a political, military and economic instrument.

After World War 11 there came a period when shipping appeared to be on the decline. Following tile introduction of commercial jet aircraft in the late 1950s, proud ocean liners were soon eclipsed by air travel. The merchant marines of most Western countries declined and as ports moved away from city centers, ships literally disappeared from view. Yet shipping was there all alone and rather than being displaced by the emerging globalization, it contributed in a major way to make globalization possible.

Shipping as an Agent of Change

Globalization is said to be the collapse of time and space. Today's communication systems allow instant contact between businesses around the world and intermodal transport has so reduced the importance of freight charges for manufactured goods as to practically eliminate the effect of distance.

As a result, major shifts have taken place in the global location of manufacturing. This trend accelerated with the opening of China and its Special Economic Zones in the 1980s. These zones are no longer called 'special' as practically all of China turns into one giant factory. The new industrial giant that China has become is often compared to 19" century United States. An almost inexhaustible supply of labor keeps wages low yet falling prices keep demand high and growing at the

present time there is even talk of the possibility of global deflation and invariably China's enormous industrial capacity is mentioned as an important contributing factor to that possibility.

The Economist of London has described today's world as 'as single machine' and goes on to say that "Rich countries worry that manufacturing is passing into the hands of poor countries." It concludes that this is indeed the case. World production of textiles is cited as an example. In 1975 China produced about ten percent of the world's textiles. By 1997 this share had increased to more than 20%. During the same period the United States went from being the top producer to being, second and saw its share of the total decline significantly.

Developing countries have gone from being exporters of raw materials and inexpensive handicraft to becoming major players in world markets for manufactured -goods. In 1980, 42% of merchandise exports from such countries in Southeast and East Asia were manufactured goods. By 1998, this share had nearly doubled to 82%, the same level as in high-income countries.

When Malcom McLean introduced highway containers in water transport on a limited scale in the 1950s, nobody could foresee the impact this would subsequently have on the structure of world trade. This new form of intermodal transport did much more than simply, change the way of carrying industrial goods. Starting in the 1970s, maritime containerization became a logistics tool that dramatically affected location of manufacturing industries around the world. What camels and clippers had done for silk and spices during the Middle Ages, and bulk carriers did for raw materials during the first half of the 2 01h century, container vessels are now doing for manufactured goods.

Historically, countries traded with their neighbors and only a small part of world trade was over long distances. Most goods could simply not justify the high cost of long distance transportation. Two developments have, contributed towards making long distance trade possible in manufactured goods on a large scale. First, value added marketing, the use of lighter materials and miniaturization of many products have resulted in higher product value per cubic foot or unit of weight. This is as true for cellular phones as for coffee pots.

Second, there has been a dramatic leap in the productivity of maritime transport services for manufactured goods. Containers now move 'seamlessly' from factory floor to port, across the ocean, and then inland at destination, continuing all the way to the customer's warehouse. This represents an enormously simplified operation compared with the old-fashioned break-bulk systems, which required individual packaging, handling, stowing etc. of each item shipped. Tile transition

from traditional break-bulk operations in pre-container times to multimodal through transport can be compared with the transition from forge to factory or from 'job shop' to 'flow shop'.

Not all regions and countries have benefited equally form globalization and containerized ocean transport. For both goods transport and telecommunications, *volume,* not distance is the key. The large container routes of the world are the (global highways - a true interstate system of the oceans - but these routes are limited to a few strategic corridors, which call generate enough traffic to support large capacity intermodal systems. Despite Marshall McLullan's catchy phrase about the global *village* it does not exist. Global highways favor regions of large concentrations of population, travelers and goods. Much remains to be done to facilitate access to global systems for regions that today are peripheral to the global highways.

There are important questions to be explored concerning the regional and local impact of containerization on trade and the world economy. This brings it's to questions of national shipping policy *and globalization.*

Changes in container terminal operators. With the expansion of the container industry, the structure and organization of terminal operations have changed. Today there are three categories of container terminal operators: (i) port authorities that have decided to become directly involved in handling containers, such as the public ports of Singapore and the Virginia Port Authority or the private ports of Felixtowe or Freeport. However, this category has been on the decline with the emergence of port corporations; (ii) private port terminal operating companies involved in a process 'of concentration, including stevedoring. The 15 main operators have expanded their activities outside of their ports of origin, associating themselves with large stevedoring groups (e.g. PSA Corporation, Hutchinson, ECT, P&O Ports, and SSA); and (iii) the shipping lines that have decided to control and manage their own container terminals. This decision was made for two main reasons. The first was for strategic reasons, because these global transporters are involved in hub and transshipment ports and therefore need to control their operations, including docking priority and guaranteed availability of equipment for use. The second was to reduce costs, i.e. for savings, based on economies of scale and better control of terminal expenses.

Bangladesh the historical perspective of regional integration. Prior to 1947, the -region comprising, the North East of India had substantial economic and social intercourse with the neighboring countries. East Bengal (later called East Pakistan

and ultimately Bangladesh) was well integrated with the North East. There is evidence that trade and migration into territories today comprising Tibet, Myanmar, Yunnan province of China, Nepal, Bhutan and Sikkim were important to the economy of the region.

However, partition and independence ended whatever remained of this intercourse. The partition transformed the region at the crossroad of emerging Asia, into a landlocked outpost of a large continental economy. The huge landmass comprising the seven states (Assam, Arunachal, Manipur, Meghalaya, Mizoram, Nagaland and Tripura), approximately 225,000 sq. km., was now cut off from its hinterland by the creation of Bangladesh. Linked by 37 km. wide Siliguri corridor with the rest of India, it soon lost its natural advantage as its integration with the economy in the south and the west was disrupted by trade and industrial policies pursued by independent India.

It needs to be emphasized that the physical infrastructure for facilitating trade and economic links between the North East Indian states and the neighboring countries is lamely absent. Indeed, one can argue that the links are weaker today than they were in 1947. The Stilwell Road is now a mere muddy track and the rail links with Bangladesh stand severed. Infrastructure bottlenecks and delays at border points add substantially to the transaction cost in international trade.

The environs of Chittagong & Mega port development

The role and significance of ports has changed dramatically during the past decade and today they have a much higher profile both economically and technically in maritime and international trade. Not only is the port a link in international transport chain, but also many of the major ports such as Rotterdam, Singapore and Hong Kong have become trading center.

The development of the free trade zone situated in the port environs offers to international entrepreneur a range of industrial and marketing benefits which are difficult to find elsewhere. These include: unrestricted international exchange of goods, free of Custom duty or examination until leaving the area, excellent distribution access to the Port's global/regional maritime services and overland infrastructure systems, low land

Rents and favorable tax breaks and availability usually of high-tech low cost labour and Immediate access to local and regional markets with less risk of trade impediments. Overall, the FTZ enables companies to import products/ components for assembly, Processing, labeling and distribution to neighboring markets or for dispatch to more distant ones.

The vision was rightly explained by Professor Mohammad Yunus as *"Mega-port at Chittagong is the key to making Bangladesh the cross-road of the region. With the economy of the region growing at a sustained high speed, demand for the access to a well equipped well managed port will keep on growing. A region, which includes two giant economies, will be desperately looking for direct shipping facilities to reach out to the world. Chittagong will offer the region the most attractive option. Evan today despite the problems of present Chittagong port, Kunming is requesting permission to utilize this facility.*

With global competition becoming more fierce shorter and shorter lead time for delivery will become magic formula to attract business. An efficient mega port at Chittagong will be in high demand. This port can be built and owned by national or international company with government participation in equity. It can contract out the management of the port to a professional port management company. "

Conclusion

A key effect of economic globalization is the continuing increase in maritime trade and traffic. While the new economy that helps fuel globalization is knowledge-based, the fact is that knowledge needs to be transformed into goods and services. These goods and services need to be transported internationally. While personnel may travel by air, most goods can travel economically only by sea. If globalization indeed results in an increase of world trade and cross-border networks and flows. it will necessarily result in an increase in maritime traffic.

In the coming years Bangladesh should strive for a surge of foreign private investment in power, as telecommunications services and ports. More reliable supplies of power. Gas, telecommunication, transportation and port facilities would support the accelerated growth of industry and agriculture. Private participation in these sectors is just starting and Bangladesh needs to provide credible assurances to investors that their efforts will not be thwarted by bureaucratic process, lack of adequate resolve in implementing declared policies or regulatory stranglehold. Quick, effective implementation of port reforms could help mitigate a major constraint for the export-led growth which Bangladesh wants to pursue.

Let's make Bangladesh the cross-roads of the region —- Professor Mohammad Yunus.

Notes

Professor Muhammad Yunus “Growing up with two giants” New Age, Feb 45.2006

Sushil Khanna “Economic opportune ities or continuing stagnation”11M Calcutta.

Carlos M. Gallegos. “Trend in Maritime Transport and Port Development in the context of World Trade”

Sam J.Tangredi “Globalization and Sea Power: Overview and Context”

হালদার মৎস্যক্ষেত্র ঃ বিপর্যয়ের মুখে একটি বৈশ্বিক উত্তরাধিকার

মু. সিকান্দার খান*

সারসংক্ষেপ

হালদা নদীর মৎস্যক্ষেত্র রুই কাতলার পোনা উৎপাদনের জন্য সমধিক প্রসিদ্ধ। কিন্তু পোনা উৎপাদন ১৯৪০ এর দশকের তুলনায় এখন ১/২১ অংশে নেমে এসেছে। মৎস্য উৎপাদনেও ধস নেমেছে। নদীতে মাছ ধরতে কোন প্রকার আদায় দেয়া অথবা অনুমতিপত্র নেয়ার আইন বলবৎ না থাকলেও কার্যতঃ মৎস্যজীবীদের স্থানবিশেষে মাছ ধরার জন্য আদায় দিতে হয় সরকারী এবং বেসরকারীভাবে হালদা নদীর উপর অনেকবার হস্তক্ষেপ করা হয়েছে। কিন্তু এর বিরূপ প্রভাব কোন পক্ষই বিবেচনায় আনেননি। হালদার মৎস্যজীবীরা বাংলাদেশের অন্যান্য আভ্যন্তরীন মৎস্যক্ষেত্রে নিয়োজিত মৎস্যজীবীদের মত সমাজের নিম্নস্তরের লোক এবং অর্থনৈতিকভাবে প্রায় সম্পদহীন দরিদ্র। প্রথাগতভাবে সংরক্ষণ নিয়ম পালনে অনভ্যস্তনতুন একশ্রেণীর মৎস্যশিকারে আগমনে নদীতে ক্ষতিকর জাল ও যন্ত্রের ব্যবহার বেড়ে গেছে। ঐতিহ্যবাহী জেলেদের মধ্যেও তা দ্রুত সংক্রমিত হচ্ছে। ডিম সংগ্রহকারীদের মধ্যে মাছের যত্ন এবং পোনা ব্যবসায়ে সততা উপেক্ষিত হচ্ছে। প্রাতিষ্ঠানিক কাঠামোয় হালদার মৎস্যক্ষেত্র ২০০২ সালে সংশোধিত ১৯৫০ সালের মৎস্য নিরাপত্তা ও সংরক্ষণ আইন ১৯৫০ দ্বারা পরিচালিত। আইন প্রয়োগে সরকারী আয়োজন ও ঐকান্তিকতার ঘাটতি এবং আইন প্রতিপালনে সংশিষ্ট পক্ষগুলির অমনযোগের ফলে হালদার মৎস্যক্ষেত্র আজ ধ্বংসের মুখে। কিন্তু হালদার মৎস্যক্ষেত্র পুণরুদ্ধার এখন সরকারের মন্ত্রণালয়ের অগ্রাধিকারপ্রাপ্ত একটি উন্নয়ন লক্ষ্য। হালদার সকল স্বার্থগোষ্ঠীর প্রতিনিধিত্বমূলক ব্যবস্থাপনায় বাংলাদেশের বিভিন্ন হ্রদ ও নদীতে পরিচালিত সমাজিক মৎস্য প্রকল্পের আদলে পরিচালিত প্রতিষ্ঠানই এ লক্ষ্য বাস্তবায়নে সাফল্য বয়ে নিয়ে আসতে পারে।]

হালদা নদীর মৎস্যক্ষেত্র

নদী মাতৃক বাংলাদেশের দক্ষিণপূর্ব অঞ্চলের একটি প্রধান নদী হালদা। উৎপত্তিস্থল ভারতের ত্রিপুরা রাজ্যের উদয়নগরে। চট্টগ্রাম জেলার ফটিকছড়ি থানার আন্ধারমাণিক সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। মোটামুটি উত্তর থেকে প্রায় ৫০ কি.মি. এলাকা জুড়ে এঁকেবেঁকে প্রবাহিত হয়ে দক্ষিণে কালুরঘাটের নিকট কর্ণফুলি নদীর সংগে মিশেছে। উত্তরে ফটিকছড়ির কিছু অংশ পার হয়ে নদীটি একদিকে (বাম) রাউজান এবং অন্যদিকে (ডান) হাটহাজারী এবং সর্বশেষে চান্দগাঁও থানার কিছু অংশ জুড়ে বিস্তৃত। প্রতিবছর বর্ষায় উপরের পাহাড়ী অঞ্চলের প্রভূত জলরাশি সাগর সঙ্গমে বঙ্গোপসাগরে ধাবিত হয়ে এই নদীতে তীব্র স্রোতের সৃষ্টি করে।

অধ্যাপক, অর্থনীতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

গতি পথের প্রায়বৃত্তাকার বিশেষ বিশেষ অংশে এ জলরাশির ক্ষুরধারা ঘূর্ণির আকারে প্রবাহিত হওয়ার ফলে মৎস্য প্রজননের জন্য এক প্রাকৃতিক পরিবেশ সৃষ্টি হয় । হালদার সকল অংশ এবং সংলগ্ন অন্যান্য নদী (চানগালী, সাংগু, কর্ণফুলী) থেকে এ সময় এ প্রজনন ক্ষেত্রে মা মাছদের আগমন ঘটে । এপ্রিলের শেষাংশ থেকে জুন মাস অবধি বিভিন্ন সময়ে কয়েকবার এ নদীতে কার্প গোত্রীয় মাছেরা ডিম ছাড়ে । সেখান থেকে নিষিক্ত ডিম আহরণ করে নদীর ধারে বিশেষভাবে নির্মিত মাটির খাদে দেশীয় প্রযুক্তিতে মাছের রেনু পোনা ফুটানো হয় । প্রাকৃতিক উৎস থেকে ইন্ডিয়ান কার্প গোত্রের মাছের নিষিক্ত ডিম আহরণ ও পোনাফোটানোর ব্যবস্থা উন্মুক্ত পরিবেশে আর কোথাও আছে বলে জানা নাই । হালদা বাংলাদেশের বৈশ্বিক উত্তরাধিকার ।

এখানকার রেনুপোনা পুকুরে লালন করে স্থানীয়ভাবে মাছের অঙ্গুলী পোনা তৈরী করা হয় । তখন এ পোনা মৎস্য চাষের জন্য পুকুরে ছাড়া যায় । অতীতে হালদার পোনা বাংলাদেশ অঞ্চলের শতকরা আশি ভাগ মৎস্য চাষের চাহিদা মিটাত । কিন্তু ১৯৫০ এর দশক থেকে এ প্রজনন ক্ষেত্রটি বিভিন্নভাবে বিপর্যয়ের মুখে পড়ে । ফলে এখানকার পোনা উৎপাদন দারুণভাবে বিঘ্নিত হয় । একটি হিসাব অনুযায়ী উৎপাদনের পরিমাণ ১৯৪৫ সালে ২৪৭০ কে.জি. থেকে হ্রাস পেয়ে ২০০৫ সালে ১২০ কে.জি.তে দাঁড়ায় । মৎস্য প্রজনন ছাড়াও বিভিন্ন প্রজাতির মৎস্য উৎপাদনের ক্ষেত্রে ও হালদার বিশেষ অবদান রয়েছে । বোয়াল, পাঙ্গাস, আইড়, পাবদা, টেংরা, গলদা, ফাইস্যা প্রভৃতি মাছের জন্য এ নদী নিকট অতীতেও প্রসিদ্ধ ছিল । কিন্তু গত কয়েক দশক ধরে উৎপাদন ক্রমান্বয়ে কমে এসেছে । (টেবিল -১) ।

টেবিল ১ ঃ দশক ওয়ারী দৈনিক মাথাপিছু ধৃত মৎস্যের পরিমাণ

পরিমাণ (কে.জি.)	১৯৭০-৮০	১৯৮০ - ৯০	১৯৯০ -২০০০	২০০০-২০০৫
১-২	০	০	৪	৩৪*
২-৫	৩	৩	১৪*	২
৫-৯	১	৮*	১০	৭
৯-১৪	৮*	৪	৮	১
১৪-২০	১	১	২	০
২০-৩৫	১	১	০	০
মোট	১৪	১৭	২৮	৪৪

টীকা ঃ ১ । তারকা চিহ্নিত সংখ্যার পর্যায়ক্রমিক পরিমানগুলি সংশ্লিষ্ট দশকের মৎস্য শিকারের প্রচুরক পরিমাণ নির্দেশ করছে ।

২ । ২০০০- ২০০৫ সালের মোট ৪৪ জন জেলের মধ্যে বিভিন্ন দশকে বিভিন্ন সংখ্যক মৎস্যশিকারী এ পেশায় নিয়োজিত ছিল বলে জরিপে দেখা যায় । তাই বিভিন্ন দশকের মৎস্য শিকারীর মোট সংখ্যা বিভিন্ন ।
৩ । মাছের পরিমাণের ক্ষেত্রে ক্রমান্বয়ে বৃহত্তর শ্রেণী ব্যাপ্তি করা হয়েছে । কারণ, স্মৃতিনির্ভর রিপোর্টিং এ বড় পরিমাণ মাছ ধরার সুনির্দিষ্ট হিসাব প্রদানে জেলেরা সংশায়পন্ন ।

*পাদটীকাঃ বর্তমান প্রবন্ধে ব্যবহৃত বিভিন্ন আর্থসামাজিক ও অন্যান্য তথ্যগুলি একটি দ্রুত জরিপ ও দলীয় আলোচনার ভিত্তিতে সংগৃহীত । সর্তারঘাট থেকে কালুরঘাট পর্যন্ত অঞ্চলকে ৬টি অংশে ভাগ করে Stratified Random Sampling মাধ্যমে বাছাই করে ডিম আহরণকারী ৬৩ টি ও মৎস্য শিকারী ৪৪টি খানার মধ্যে এ জরিপ ২০০৫ সালের নভেম্বর - ডিসেম্বর মাসে পরিচালিত হয় ।

জরিপে দেখা যায় যে, ১৯৭০-৮০ দশক থেকে মাথাপিছু উৎপাদনের প্রচুরক পরিমাণ দৈনিক ৯-১৪ কেজির জায়গায় এ শতাব্দীর শুরুর দশকে ১-২ কেজিতে নেমে এসেছে।* অন্য একটি হিসাব মতে ১৯৭০ এর দশকে একজন জেলে যে পরিমাণ মাছ দৈনিক ধরতে পারত আজ সে পরিমাণ মাছ ধরতে ৮ জন জেলের প্রয়োজন।

এ রকমের উৎপাদন হ্রাস আরও প্রকট হয়ে উঠে যখন বলা হয় যে অতীতের চেয়ে বর্তমানের মাছ ধরার কৌশল অনেক বেশী পুঁজি-নিবিড় হয়ে গেছে। বিভিন্ন ক্ষতিকর সুতা দিয়ে ঘর গুলি প্রয়োজনমত হ্রাস বৃদ্ধি করে তৈরী জালগুলি এখন ব্যবহার করা হয়। এ জালগুলির ঘর খুবই ছোট যেখান দিয়ে ১ ইঞ্চি আকারের ছোট/শিশু মাছও গলিয়ে যেতে পারে না। তাছাড়া, নদীর ধারে মাছের চারণ ক্ষেত্রও জাল পোতার জায়গা থেকে বাদ পড়ে না। এ সব জালের বিস্তৃতি খুবই ব্যাপক। জালের বিভিন্ন খন্ডগুলোকে জোড়া লাগিয়ে একটানা নদীর পুরো বিস্তার জুড়ে এ সব জাল ফেলে রাখা হয়। ফলে দিনে দিনে মাছের উৎপাদন হ্রাস পাচ্ছে। অনেক জেলে মাছ ধরার আয় থেকে জীবিকা উপার্জন করতে পারছেনা।

এককালে হালদা নদীর মাছ নদীর দুধারের বসতির প্রয়োজন মিটিয়ে বাইরেও সরবরাহ করা যেত। হালদার গলদা, পাবদা, টেংরা আইড় ও বোয়াল এ নদীর বিভিন্ন খালের মাধ্যমে দূরবর্তী লোকালয়ে ও ধরা পড়ত। সে সব খালের অনেকখানি মরে গেছে। যেটুকু আছে তাতেও মাছের আকাল। স্থানীয় বাজারে যে সব মাছ এখনও পাওয়া যায় সেগুলোর বর্তমান দামের সংগেও ১৯৯০ সালের দাম তুলনা করলে বাংলাদেশের যেকোন অংশের মত এখানেও মাছের আকালের একই দৃশ্য ধরা পড়বে যদিও এ অঞ্চলের মধ্য দিয়ে এখনও হালদা প্রবহমান। (টেবিল -২)।

এ নদীতে এখনও কার্প জাতীয় মাছ ধরা পড়ে। তবে নানা কারণে স্থানীয় বাজারে সেগুলো বিক্রয় হতে দেখা যায় না। ভিন্ন জায়গার (ভারত, মিয়ানমার) একই প্রজাতির রুই কাতলা বাংলাদেশের বিভিন্ন শহরের মত এখানকার বাজারেও নিয়মিত মেলে।

টেবিল ২ ঃ ১৯৯০ সালে ও বর্তমানে স্থানীয় বাজারে হালদার মাছ।

মৎস্য	কেজি প্রতি দাম (টাকায়)	
	১৯৯০	২০০৫
গলদা (১৫ টি / কেজি)	৮০	৪০০-৪৫০
চিংড়ি	১৫	-
পাবদা	৬০	৩০০
ফাইস্যা	৩৫	১২০
ট্যাংরা	৩৫	১২০
আঁইড/ বোয়াল	৩৫	১২০
বাইলা (ইধরষধ)	২০	১০০
পুঁটি	১৫	৬০
কাসকি (কধংশর)	১০	৫০
সিরিং (ঈযবৎরহম)	২০	১০০
টোডা লাখ্যা (চৎধহি)	২৫	২০০

হালদার ব্যবস্থাপনা

হালদা এককালে (১৭৯৩-১৯৪৭) ছিল জমিদারদের সম্পত্তি। ১৯৫০ সালের পূর্ব বঙ্গ সম্পত্তি অধিগ্রহণ ও স্বত্ব আইনের আওতায় এ নদী সরকারের খাস জমিতে রূপান্তরিত হয়। তখন থেকে সর্বোচ্চ ডাকের বিনিময়ে নীলামে বেসরকারি ব্যক্তিবর্গ এ নদীর ইজারা লাভ করেন। নদীর মাছ ধরার অধিকার চলে যায় তাদের হাতে। তারা কখনও ধৃত মাছের অংশ এবং কখনও নগদ পারিশ্রমিকের বিনিময়ে জেলে পেশার লোকজন দিয়ে মাছ ধরত। ১৯৮০ র দশকে নতুন মৎস্যক্ষেত্র ব্যবস্থাপনা নীতির মাধ্যমে এ রকম নীলামে অংশ গ্রহণের অধিকার মৎসজীবীদের মধ্যে সীমাবদ্ধ করা হয়। কিন্তু এ নীতি এখানে চালু করা হয়নি। বর্তমানে এখানে যে কেউ মাছ ধরতে পারে। কাউকে কোন রকম খাজনা এ বাবদে দিতে হয় না। এক কথায়, এটি এখন উন্মুক্ত প্রবেশাধিকার সম্পন্ন একটি সম্পদ। ফলে নদী ব্যবস্থাপনায় কার্যতঃ কোন স্বীকৃত কর্তৃপক্ষের অনুপস্থিতিতে উন্মুক্ত প্রবেশাধিকারের কারণে মৎস্য উৎপাদনের ক্ষেত্রে নদীর ভাগ্যে যে বিপর্যয় ঘটেছে তাকে tragedy of the commons বলেই বর্ণনা করা যায়। (১)

পুরণো মহাজন ইজারাদারদের কেউ কেউ এখনও নদীর অংশ বিশেষ (কুম) মাছ ধরার জন্য দরিদ্র পেশাদার জেলের নিকট ইজারা দেয়ার ব্যবস্থা বজায় রেখেছে। নদীর দু'ধারের বসবাসকারি ধানী জমির মালিকরা নিজ নিজ জায়গা বরাবর নদীর কিনারায় ঘিরা জাল পুতে মাছ ধরে। যে সব পরিবার তুলনামূলকভাবে স্বচ্ছল এবং মাছ ধরার মত ছোট কাজে নিয়োজিত হতে চায় না তারা তাদের অংশ অন্য কাউকে জাল বসাবার জন্য ভাড়া দেয় এবং পরিবর্তে উৎপাদনের অংশ আদায় করে। এতে আইন যাই বলুক নদীতে একধরণের বাস্তব (de facto) ব্যক্তি মালিকানার অস্তিত্ব খুঁজে পেতে অসুবিধা হয় না। এ ভাবে নদীর খালগুলিতেও ব্যক্তিমালিকানা পাকাপাকিভাবে তৈরী হয়ে আছে। সমাজের প্রতিপত্তিশালীরা কাঁটা দিয়ে খালের বিভিন্ন অংশ দখলে রাখে। এ কাঁটাগুলি মৎস্য একত্রীকরণের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্ঠি করে। দিনের পর দিন নির্দিষ্ট কাঁটাগুলি নির্দিষ্ট ব্যক্তির মালিকানায় থাকতে থাকতে সেগুলিতে ঐ সকল ব্যক্তির অধিকার স্থায়ী হয়ে গেছে। সাধারণ মানুষও তা মেনে নিয়েছে।

নদীর প্রায়বৃত্তাকার অংশগুলির কোন কোনটি নদী ভাঙ্গনের কারণে বসতি এবং শস্যভূমির ক্ষতির কারণও হয়ে উঠে। এ ক্ষতি ঠেকাবার উপায় হিসেবে বিভিন্ন সময়ে স্থানীয় উদ্যোগে জলস্রোত সরল রেখায় প্রবাহিত করার জন্য খালকাটার ব্যবস্থা গ্রহণ করা হয়। এর ফলে এ রকম কিছু বক্র অংশ নদীর মূলধারা থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। সে সব অঞ্চলে মৎস্য প্রজনন বিঘ্নিত হয়েছে। প্রজনন ক্ষেত্র স্থানান্তরিত হয়ে এখনও যেখানে বক্রাকৃতি অংশের ক্ষতি সাধন করা হয়নি সেখানে চলে গেছে। ডিম সংগ্রহ ও পোনা ফোটানোর পেশায় নিয়োজিত স্থানীয় সম্প্রদায় এভাবে নদীর মৎস্য প্রজনন ক্ষেত্র পরিবর্তন ও সংকোচনের বিষয়টি সাধারণ্যে ব্যাখ্যা করে থাকেন। উল্লেখ্য, প্রায় পাঁচটি এরকম অর্ধবৃত্তকার অংশের মধ্যে এখন মাত্র একটিই অস্তিত্ব ধরে রাখতে সক্ষম হয়েছে।

এ ছাড়া গত শতকের আশির দশক থেকে এ নদীর অত্যন্ত সম্পদশালী ১২টি খালের মুখে স্লুইস গেইট নির্মান করেছে বাংলাদেশ পানি উন্নয়ন সংস্থা। মৎস্য সম্পদের উপর এর প্রভাবের বিষয়টি উপেক্ষিত থাকায় এগুলো নির্মাণের ফলে মৎস্য উৎপাদন ব্যাপকভাবে হ্রাস পেয়েছে। অন্যদিকে নিয়মিতভাবে গেইট খোলা এবং বন্ধ রাখার সুষ্ঠু ব্যবস্থা না থাকায় এর কোন সুফল এলাকার কৃষিতে পড়ে নি। সরকারের মৎস্য বিভাগের সংগে পানি উন্নয়নও কৃষি বিভাগের সমন্বয়হীনতার কারণে এখন প্রায় বিকল এই স্লুইস গেইটগুলি কারও উপকারেও আসছে না।

হালদার মৎস্যজীবি

হালদার দু'ধরনের উৎপাদনের সঙ্গে দু'শ্রেণীর মৎস্যজীবী সনাক্ত করা যায়। প্রথমটি ডিম সংগ্রহ রেনু ফেটানো, ও পোনা পালনের কাজ করেন এবং দ্বিতীয়টি মৎস্য শিকার করেন। যদিও এই দু'সম্প্রদায়ের অনেককেই উভয় কাজে অংশ নিতে দেখা যায় তবুও তারা এ দু'টির একটিকেই তাদের পেশা বলে উল্লেখ করেন। বস্তুতপক্ষে আমাদের জরিপে ডিম সংগ্রহকারী এক তৃতীয়াংশ খানার প্রধানগণ মৎস্যশিকারকে তাদের দ্বিতীয় পেশা এবং মৎস্যশিকারী অর্ধেক খানাপ্রধানগণ ডিম সংগ্রহকে তাদের দ্বিতীয় পেশা হিসাবে উল্লেখ করেছেন। হাটহাজারী ও রাউজানের থানা মৎস্য অফিসের দেয়া হিসাব অনুযায়ী অধিকাংশ পোনা উৎপাদনকারী হাটহাজারী ও অধিকাংশ মৎস্য শিকারী রাউজানের অধিবাসী। (টেবিল -৩)

আমাদের জরিপে অংশগ্রহণকারী ৬৩ জন পোনা সংগ্রহকারী হিন্দু, মুসলমান ও বৌদ্ধ সম্প্রদায়ভূক্ত এবং ৪৪ জন মৎস্যশিকারী মুসলমান ও হিন্দু সম্প্রদায়ভূক্ত। (টেবিল -৪)

টেবিল ৩ ঃ হালদা নদীর জেলে ও পোনা আহরণকারী সম্প্রদায়

মৎস্য ক্ষেত্র	হাটহাজারী	রাউজান	মোট
পোনা আহরণ	৩৬৭ (৬৫)	২০০ (৩৫)	৫৬৭ (১০০)
মৎস্য শিকার	৩২৫ (৩০)	৭০০ (৬৭)	১০২৫(১০০)
মোট	৬৯২ (৪৩)	৯০০ (৫৭)	১৫৯২ (১০০)

টীকা ঃ বন্ধনীর মধ্যেকার সংখ্যা শতাংশ জ্ঞাপক।
সূত্র ঃ হাটহাজারী ও রাউজান থানা ফিসারিজ অফিস, নভেম্বর ২০০৫

উল্লেখ্য, বৌদ্ধ ধর্মের লোকেরা মৎস্যশিকারে সাধারণত অংশ গ্রহণ করে না। অবশ্য, হালদায় তাদেরকে বড়শি (চিংড়ী) এবং টানা জাল ফেলতে দেখা যায়। নদীর পাড়ে তাদের বসতি। পুরুষ পরম্পরায় তারা একাজের সঙ্গে জড়িত এবং এ পর্যন্ত আহরণ ও পোণা ফোটানোর মত কাজগুলি পিতৃপুরুষের কাছ থেকে শেখা।

জরিপে অংশগ্রহণকরী খানার প্রধানদের বিপুল অংশ অল্পবয়সে একাজে এসেছেন বলে জানিয়েয়েছন। (টেবিল - ৫)

ডিম সংগ্রহে সকল সম্প্রদায়ই প্রাচীনকাল থেকে সম্পৃক্ত থেকেছেন। এক্ষেত্রে প্রায় শতকরা ৯০ ভাগ১৯৫০ এর দশক বা তারও আগে থেকে একাজে এসেছেন। কিন্তু মৎস্য শিকারে শুধু ঐতিহ্যবাহী জলদাশ পরিবারই প্রাচীনকাল থেকে এ কাজে নিয়োজিত। (টেবিল-৬) মুসলমানদের এ ক্ষেত্রে আগমন ১৯৮০ দশক থেকে।

শিক্ষাক্ষেত্রে ডিম সংগ্রহকারীদের তুলনায় মৎস্য শিকারীরা অনেক পিছেয়ে আছে। (টেবিল -৭)।

টেবিল ৪ ঃ মৎস্যজীবীদের পরিবার সমূহের খানা প্রধানের ধর্ম

পোনা আহরণকারী				মৎস্য শিকারী			
মুসলমান	হিন্দু	বৌদ্ধ	মোট	মুসলমান	হিন্দু	বৌদ্ধ	মোট
২৪	২২	১৭	৬৩	১০	৩৪	-	৪৪
(৩৮)	(৩৫)	(২৭)	(১০০)	(২৩)	(৭৭)		(১০০)

সূত্র ঃ মাঠ জরিপ, নভেম্বর-ডিসেম্বর, ২০০৫ ।

টেবিল ৫ ঃ খানা প্রধানদের নিজ নিজ পেশায় প্রথম অংশগ্রহণের সময় বয়স

প্রথম অংশগ্রহণের সময় ও বয়স	১০-১৫	১৫-২০	২০-তদুর্ধ	মোট
ডিম আহরণকারীর সংখ্যা	৫১ (৮৪)	৮ (৯৩)	৪ (৭)	৬৩ (১০০)
মৎস্যশিকারীর সংখ্যা	২১ (৫৭)	১৮ (৪১)	৫ (০২)	৪৪ (১০০)
মোট	৭২ (৭০)	২৬ (২৪)	৯(০৬)	১০৭ (১০০)

টীকা ঃ বন্ধনীর মধ্যেকার সংখ্যা শতাংশ জ্ঞাপক ।

সূত্র ঃ মাঠ জরিপ, নভেম্বর-ডিসেম্বর, ২০০৫ ।

নিরক্ষতার হার ডিম সংগ্রহ ব্যাপৃত পরিবারের সদস্যদের (২২%) তুলনায় মৎস্যশিকারীদের (৪০%) মধ্যে বেশী । তুলনামূলকভাবে এদের মধ্যে পড়তে ও লিখতে পারে এমন সদস্য সংখ্যা (২০%) অবশ্য ডিম সংগ্রহকারীদের (১৪%) চেয়ে বেশী । কিন্তু প্রাতিষ্ঠানিক শিক্ষায় এরা (৪০%) ডিম সংগ্রহকারীদের (৬৪%) চেয়ে অনেক পিছিয়ে আছে ।

লেখাপড়ার সকল স্তরেই মহিলারা পুরুষদের চেয়ে অনেক পশ্চাদপদ । মৎস্যশিকারীদের মহিলাদের

টেবিল ৬ ঃ বিভিন্ন সম্প্রদায়ের পরিবারের প্রথম অংশগ্রহণের দশক

মৎস্য		১৯৫০ দশক ও পূর্বে	১৯৬০-৭০	১৯৭০-৮০	১৯৮০-৯০	মোট
শিকারী	জলদাশ	৩৪ (১০০)	০	০	০	৩৪
	মুসলমান	০	১ (১০)	০	৯ (৯০)	১০
	মোট	৩৪ (৭৮)	১ (০২)	০	৯ (২০)	৪৪ (১০০)
ডিম সংগ্রহকারী	মোট	৫৭ (৯০)	৬ (১০)	---	---	৬৩ (১০০)

সূত্র ঃ মাঠ জরিপ, নভেম্বর-ডিসেম্বর, ২০০৫ ।

টেবিল ৭ ঃ পরিবারের পুরুষ ও মহিলা সদস্যদের শিক্ষাগত যোগ্যতা

সদস্য	নিরক্ষর		পড়তে ও লিখতে পারে ১ম থেকে ৮ম শ্রেণী				তদুর্ধ		মোট	
	ডিম সংগ্রহকারী	মৎস্য সংগ্রহকারী	ডিম সংগ্রহকারী	মৎস্য সংগ্রহকারী	ডিম সংগ্রহকারী	মৎস্য সংগ্রহকারী	ডিম সংগ্রহকারী	মৎস্য সংগ্রহকারী	ডিম সংগ্রহকরী	মৎস্য সংগ্রহকারী
পুরুষ	৪০ (১৯)	৫৭ (৩৫)	১৮ (৮)	৩৬ (২২)	১০৫ (৫০)	৬৪ (৪০)	৪৮ (২৩)	৬ (৩)	২১১ (১০০)	১৬৩ (১০০)
মহিলা	৪২ (২৬)	৭৪ (৫০)	৩৭ (২২)	২৫ (১৭)	৪৮ (৩০)	৪৬ (৩১)	৩৭ (২২)	২ (০১)	১৬৪ (১০০)	১৪৭ (১০০)
মোট	৮২ (২২)	১৩১ (৪০)	৫৫ (১৪)	৬১ (২০)	১৫৩ (৪১)	১১০ (৩৬)	৮৫ (২৩)	৮ (০৪)	৩৭৫ (১০০)	৩১০ (১০০)

মধ্যে আবার নিরক্ষরতার হার শতকরা ৫০ যা ডিম সংগ্রহকারীদের মধ্যে শতকরা ২৬ সে তুলনায় পুরুষদের নিরক্ষতার হার যথাক্রমে শতকরা ৩৫ ও শতকরা ১৯ ।

পরিবারের খাদ্য প্রাপ্তির অবস্থা পর্যালোচনা করলে বুঝা যায় যে মৎম্যশিকারী সম্প্রদায় পোনা সংগ্রহকারীদের চেয়ে অধিক দুর্দশাপন্ন অবস্থায় দিনাতিপাত করে । (টেবিল - ৮) ।

তাদের কোন পরিবারেই উদ্বৃত্ত খাদ্য থাকে না এবং প্রায় ৬০ শতাংশ পরিবারে খাদ্য ঘাটতি হয় । তাদের মধ্যে আবার জেলে সম্প্রদায় অনেক বেশী দুর্দশাপন্ন ।

উপরের সকল সূচক থেকে এ ধারণা স্পষ্ট হয় যে আর্থসামাজিক অবস্থা বিচারে হালদায় মৎস্যশিকারীরা পোনা সংগ্রহকারীদের চেয়ে নিম্তর অবস্থানে রয়েছে । মৎস্যশিকারীদের মধ্যে জলদাস সম্প্রদায় আবার

টেবিল ৮ ঃ বিভিন্ন সম্প্রদায়ের পরিবারের খাদ্য প্রাপ্তির অবস্থা

	পোনা আহরণকারী পরিবার					মৎস্য শিকারী পরিবার				
উদ্বৃত্ত		ঠিক যথেষ্ট ঘাটতি	সময় সময় ঘাটতি	প্রায়শ	মোট	উদ্বৃত্ত	ঠিক যথেষ্ট	সময় সময় ঘাটতি	প্রায়শ ঘাটতি	মোট
১৪ (২২)		২৯ (৪৭)	১১ (১৭)	৯ (১৪)	৬৩ (১০১)	০	১৯ (৪৩)	৬ (১৪)	১৯ (৪৩)	৪৪ (১০০)

টীকা ঃ বন্ধনী মধ্যেকার সংখ্যা শতাংশ জ্ঞাপক ।

সূত্র ঃ মাঠ জরিপ ।

মৎস্য শিকারে ইদানিংকালে যোগদানকারী মুলমান জেলেদের চেয়ে অনেক পশ্চাদপদ। এই সম্প্রদায়ের সংগে গোটা বাংলাদেশের অন্যান্য অভ্যন্তরীণ জলাশয়ে নিয়োজিত জেলে সম্প্রদায়ের আর্থ-সামাজিক বৈশিষ্ট্য অভিন্ন। এ ব্যাপারে শেষোক্তদের সম্পর্কে BARC-CIRDAP Workshop on Socio-economic Aspects of Fishing Community in Bangladesh এ মন্তব্য করা হয়েছে যে, এরা সামাজিকভাবে হীনতর এবং এদের বিপুল অংশ সম্পদহীন দরিদ্র। আমাদের জরিপেও ঐতিহ্যবাহী জলদাস গোত্রের পেশাজীবী জেলেদের হতদরিদ্র অবস্থার প্রতিফল দেখা যায়। এতে অন্তর্ভূক্ত জলদাস মৎস্যশিকারী ও অন্যান্য (মুসলমান) মৎস্যশিকারীদের মধ্যে উল্লেখ্যযোগ্য পার্থক্য বিদ্যমান ।

এখানে উল্লেখ্য, মুসলমান সম্প্রদায় গত শতকের আশির দশক থেকে মৎস্যজীবী হিসাবে আবির্ভূত হয়েছে। অর্থনৈতিক সুযোগ বৃদ্ধির তুলনায় অধিক হারে জনসংখ্যাবৃদ্ধি এর প্রধান কারণ। এখনও এ সম্প্রদায়ের লোকেরা সমাজে নিজেদের জেলে পরিচয় দিতে কুণ্ঠা বোধ করে। তা সত্ত্বেও ক্রমে ক্রমে তারা মৎস্যশিকারে অধিকতর জড়িয়ে পড়ছে। মুসলমান ও অন্যান্য সম্প্রদায়ের এরকম দুর্দশাপন্ন জনগণ এবং জলদাস সম্প্রদায়ের মৎস্যজীবীরাই হালদার উপর নির্ভরশীল। এরাই হালদায় মূল মৎস্যজীবী সম্প্রদায়। এদের বাইরেও হালদা পারের বহু লোক নিজেদের পরিবারের খাবার জন্য মাঝে মাঝে এ নদীতে মাছ ধরে। অন্য কিছু লোক আছে যারা তুলনামূলকভাবে ধনী। এরা ছিপ বড়শিসহ উন্নত অন্যান্য যন্ত্র দিয়ে মাঝে মাঝে মাছ শিকার করে। হালদার দক্ষিণাংশে গলদা চিংড়ি ধরার জন্য বড়শির ব্যবহার বেশ বিস্তৃত। চিংড়ি পোনা আহরণের মৌসুমে বাইরের ব্যবসায়ীরাও এখানকার জেলেদের নিয়োগ করে।

মৎস্য শিকারে হালে যোগদানকারী নবীন জেলেরা ঐতিহ্যবাহী জাল বা যন্ত্রপাতি ব্যবহারে পারদর্শিতা নিয়ে এ কাজে যোগদান করেনি। উপরন্তু, ঐতিহ্যগতভাবে মৎস্যশিকারে জড়িত না থাকায় মৎস্য সংরক্ষনের সহায়ক কিছু কিছু বিষয়ে এরা অনভিজ্ঞ। এমতাবস্থায়, এদের যোগদানের ফলে নতুন ক্ষতিকারক জালের ব্যবহার যেমন দ্রুত বেড়ে গেছে তেমনি নদীতে মা মাছের সংরক্ষনের বিষয়টি উপেক্ষিত হচ্ছে। ছোট ছোট আকারের মূল্যবান মাছ সংগ্রহে কোন বাচবিচার করা হচ্ছে না।

বস্তুতঃপক্ষে নদীতে মাছের ভান্ডার হ্রাস পাওয়ার কারণে সকল জাতের সকল আকারের মাছ ধরার জন্য নতুন নতুন ভাবে জাল ও ফাঁদের (৪.৫ সি. মি. এর ছোট) প্রচলন হতে থাকে। এর অনেকগুলি আইনের চোখে অবৈধ। কিন্তু আইন প্রয়োগে শৈথিল্য এবং মৎস্যশিকারে ঐতিহ্যগতভাবে প্রতিপালিত সংরক্ষনমূলক ব্যবস্থাগুলি সম্পর্কে নবাগত প্রজন্মের মৎস্যজীবীদের অজ্ঞতা ও তা প্রতিপালনে অবহেলার কারণে হালদায় মৎস্য উৎপাদন বিঘ্নিত হচ্ছে। অত্যন্ত শঙ্কার বিষয় হল, ইদানিংকালে নবাগতদের দেখাদেখি ঐতিহ্যবাহী জেলে সম্প্রদায়ের মধ্যেও ক্ষতিকর জালের ব্যবহার বেড়ে যাচ্ছে। মৎস্য সংরক্ষণ বিষয়ে এ সম্প্রদায় কর্তৃক এতকাল ধর্মজ্ঞানে প্রতিপালিত প্রথাগুলি পালনে অনীহা দেখা যাচ্ছে। এ ব্যাপারে তাদের ক্রমবর্ধমান অর্থনৈতিক দুর্দশা এবং পাশাপাশি অন্যান্যদের মৎস্য শিকারে ক্ষতিকর উপায় অবাধে অবলম্বন করার উদাহরণ উভয়ই দায়ী। উল্লেখযোগ্য, তাদের সংগে আলোচনায় জানা যায়, তাদের ক্ষেত্রে তুলনামূলকভাবে আইনের কড়াকড়ি প্রয়োগই অবৈধ উপায় অবলম্বনে এখন মূল প্রতিবন্ধক। বংশপরম্পরায় প্রতিপালিত সংরক্ষণ নিয়মের প্রতি শ্রদ্ধা তত বড় প্রতিবন্ধক নয়।

প্রাতিষ্ঠানিক আয়োজন ও মৎস্য আইন

বাংলাদেশের নদীতে মৎস্য শিকার এখন ১৯৫০ সালের Protection and Conservation of Fish Act দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে। আইনটি ২০০২ সালে সংশোধন করা হয়। এতে নদী, মৎস্য কর্মকর্তা এবং মাছধরার জাল ইত্যাদির সংজ্ঞা দেয়া হয়েছে বিস্তারিতভাবে। মাছ ধরার জালের মধ্যে সকল তন্তু দিয়ে তৈরী সকল আকারের ঘর সম্পন্ন জালকে অন্তর্ভূক্ত করা হয়েছে। কারেন্ট জাল নামক আরেকটি জালকে সংজ্ঞায়িত করা হয়েছে monofilament synthetic fiber দিয়ে তৈরী সকল আকারের ঘরসম্পন্ন জাল হিসাবে। আইনের ৪ ক ধারায় কারেন্ট জালের উৎপাদন, বয়স আমদানী, বাজারজাতকরণ, গুদামজাতকরণ, স্থানান্তর, পরিবহন, অধিকার, মালিকানা এবং ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। ৫ ক ধারায় এ জাল ধরা ও বাযেয়াপ্ত করার বিধান ও তা কার্যকর করার জন্য ৫ ধারায় মৎস্যকর্মকর্তাকে পুলিস কর্মকর্তার মত ক্ষমতা প্রদান করা হয়েছে। আইনে ৪.৫ সে. মি. এর ছোট ঘর সম্পন্ন সকল জালকে নিষিদ্ধ করা হয়েছে। আইনের এ সব ধারায় কোন ব্যবস্থা নেয়ার ঘটনা আমাদের জরিপে পাওয়া যায়নি।

এখানে উল্লেখযোগ্য, কারেন্ট জাল ছাড়া বর্তমানে হালদায় ব্যবহৃত অন্য কয়েকটি জালও ফাঁদকে এখানকার লোকজন ক্ষতিকর হিসাবে সনাক্ত করেছেন। এর মধ্যে ভাসান জাল, বড়শি ও ঘিরাজাল উল্লেখযোগ্য। কার্প জাতীয় মাছসহ খুব বড় আকারের মাছ শিকার করার জন্য এ গুলি ব্যবহৃত হয় এবং মূলতঃ এরকম জাল ব্যবহারের কারণে হালদা ক্রমাগতভাবে মা মাছ শূন্য হয়ে পড়ছে বলে স্থানীয়দের ধারণা। কিন্তু এ গুলি নিষিদ্ধ করে কোন আইন চালু আছে বলে জানা যায়নি। অন্যদিকে ঘিরা বা খোর জাল নামক জাল নদীর ধারে ধারে বিস্তীর্ণ এলাকাজুড়ে দেখা যায়। এর ঘরগুলি আইনে নির্ধারিত ক্ষুদ্রতম ঘর থেকে অনেক ছোট। এ গুলির ব্যবহারে নদিতে সকল প্রজাতির মৎস্য পোনার ব্যাপক ক্ষতি এবং ফলে উৎপাদন বিপুলাংশে হ্রাস পেয়েছে বলে জানা যায়। কিন্তু এ গুলি নিয়ন্ত্রণের কোন নিয়মিত প্রয়াস দেখা যায় না। এভাবে কোন ক্ষেত্রে আইনে নিষিদ্ধ নয় এমনজাল, আবার কোনক্ষেত্রে আইনতঃ নিষিদ্ধ অথচ আইন প্রয়োগের মাধ্যমে নিয়ন্ত্রন করা হয় না এমন জালের অবাধ ব্যাপক ব্যবহার হালদার মৎস্যক্ষেত্র ব্যবস্থাপনায় কোন কর্তৃপক্ষের উপস্থিতির পরিচয় বহন করে না। কিন্তু বাস্তবে হালদা অঞ্চলে মৎস্য অধিদপ্তরের প্রতিষ্ঠানিক (উপজেলা মৎস্যকর্মকর্তার কার্যালয়) উপস্থিতি সর্বজন বিদিত।

বর্তমানে আইন প্রয়োগের ক্ষেত্রে এসব কার্যালয়ের তৎপরতার মধ্যে প্রতিবছর মৎস্য সপ্তাহ উদযাপনের সময় এলাকায় ব্যাপক প্রচারের উদ্যোগ উল্লেখযোগ্য। এর সংগে উপজেলা নির্বাহী কর্মমর্তার মাধ্যমে বিভিন্ন উপজেলার সকল কর্মকর্তাকে জড়িত করা হয়। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দও জড়িত হন জনসাধারণের মধ্যে প্রচার ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে। জনসভা অনুষ্ঠান ও লিফলেট বিলি করে আইনের বিভিন্ন ধারা সম্পর্কে জনসাধারণকে অবহিত করা হয়। হাটে ঢোল সহবৎ করেও মানুষের দৃষ্টি আকর্ষণ করা হয়। সর্বোপরি ঘোষণা দেয়া হয় যে আইনের অবমাননার জন্য শাস্তির বিধান করা হবে। কিন্তু এ বছরও, অন্যান্য বছরের মত, মৎস্য সপ্তাহে ঘোষিত কর্মসূচীর আরদ্ধ অনুসরণ (follow-up) করা হয়নি। কারণ হিসাবে, সরকারী বরাদ্দের অভাবের কথাই উল্লেখ করা হয়। কিন্তু প্রচার ও বাস্তবে তা অনুসরণে ফাঁক আইন প্রতিপালনে সাধরণ মানুষকে উত্তরোত্তর অমনযোগী করে তুলবে এ দেশের অন্যান্য খাতও অন্যান্য দেশের নজির থেকে এ ধারণা পাওয়া যায়।(৩)। এ ছাড়া, নদীতে আইনের যে ধারাগুলি লঙ্ঘনের নজির খোঁজার জন্য হালদা অঞ্চলে যাওয়ার প্রয়োজন হয় না বা যেগুলি বাংলাদেশের সব জলাশয়ের মত এখানেও লঙ্ঘিত হয়ে আসছে সে গুলি হচ্ছে ঃ

(১) জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত কার্প জাতীয় মাছের ৯ ইঞ্চি থেকে ছোট মাছ ধরা;
(২) নভেম্বর থেকে এপ্রিল পর্যন্ত পাঙ্গাস মাছের ৯ ইঞ্চি থেকে ছোট মাছ ধরা;
(৩) ফেব্রুয়ারী থেকে জুন পর্যন্ত বোয়াল ও আইড় মাছের ১২ ইঞ্চি থেকে ছোট মাছ ধরা

আইনের এ সব ধারা বাস্তবে প্রতিপালন নিশ্চিত করা যতই জটিল ও ব্যয় সাপেক্ষে হোক না কেন আইনের প্রয়োজন যে রয়েছে সে সম্পর্কে কোন মতদ্বৈদতা নেই। আইন আছে এবং থাকা বাঞ্চনীয়। আইন প্রণয়ন ও আইন প্রয়োগের মধ্যে বিদ্যমান ফাঁক কমিয়ে আনার বিষয়টির প্রতি আশু দৃষ্টি কাম্য।

একবার আমাদের মাঠ পরিভ্রমণের সময় একজন উপজেলা কর্মকর্তাও স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সংগী হিসাবে পেয়েছিলাম। অজিমের ঘাট নামক জায়গায় দূর থেকে নৌকা দিয়ে জাল পাতার দৃশ্য দেখে আমরা কাছে গিয়ে তা সনাক্ত করার সিদ্ধান্ত নিই। চেয়ারম্যান সাহেবের অনুরোধে স্থানীয় পুলিশ ক্যাম্পের একজন কর্মকর্তা আমাদের সংগে যোগ দেন। আমাদের নৌকা জেলে নৌকার কাছাকাছি পৌঁছতে না পৌঁছতেই একটি নৌকা পালিয়ে যায়। অন্য একটি নৌকা আমরা জেলেসহ পেয়ে যাই। সে নৌকা থেকে ভাসান জাল পাতা হচ্ছিল। নৌকার গলুইয়ে আমরা কার্পজাতীয় মাছের বড় বড় আঁইস দেখতে পাই। উপজেলা কর্মকর্তা জালটি বাজেয়াপ্ত করেন। কাছাকাছি জায়গায় আরও একটি জাল পাতা ছিল। সেটিও বাজেয়াপ্ত করা হয়। আইনের কোন ধারায় ভাসান জাল নিষিদ্ধ তা জানা যায়নি। তবে জালটি যে ক্ষতিকর এটি নিশ্চয় জেলেরাও সম্যক বুঝে। একজন জেলের এ রকম পালিয়ে যাওয়া এবং অন্যজনের আত্মসমর্পন থেকে ধারণা করা যায় যে জাল ক্ষতিকর হলে স্বীকৃত ব্যবহারকারী আইনের ফাঁকফোকরের সুবিধা নেয়ার কথা মনেও আনে না। ভবিষ্যতে হালদা ব্যবস্থাপনায় যে কোন উদ্যোগের জন্য একটি এক ভাল খবর।

আশার রূপালি রেখা

হালদার সুষ্ট ব্যবস্থাপনার অভাব, মৎস্যজীবী সম্প্রদায়ের দুর্বলতা ও অবক্ষয় এবং সংরক্ষনের ক্ষেত্রে আইনী বেষ্টনীর শৈথিল্য হালদার মৎস্যসম্পদের ক্রমাবনতির জন্য দায়ী। তা সত্ত্বেও এ অঞ্চলের মৎস্যজীবীসহ সকল স্বার্থগোষ্ঠী, প্রশাসন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং সমাজিক নেতৃত্বের সংগে হালদার পুনরুদ্ধার বিষয়ে মতবিনিময় ভবিষ্যতের হালদা সম্পর্কে পুণঃরায় আশাবাদী হয়ে উঠতে সাহয্য করে। এখানে উল্লেখ্য, সরকারী উদ্যোগে এ ব্যাপারে কিছু কার্যক্রম গ্রহণের খবর এলাকায় বেশ উৎসাহের সৃষ্টি করেছে। সকল শ্রেণীর মৎস্যজীবী নিজ নিজ ভূমিকা পালনের জন্য স্বতঃস্ফূর্ত হয়ে এ উদ্যোগকে স্বাগত জানাতে প্রস্তুত। বৃহত্তর স্বার্থাগোষ্ঠী (stakeholder) সমাজ হালদার পুণরুদ্ধারের মধ্যে তাদের উজ্বল ভবিষ্যতের ছবি দেখতে পায়।

সাধারণ মানুষ হালদার এতকালের অবক্ষয়ের জন্য সরকারী ভুমিকার অনুপস্থিতিকে বেশী করে দায়ী করে। তাদের মতে সরকার চাইলে সাধারণ নাগরিকদের পক্ষে হালদার ক্ষতিকর ব্যবহার ঠেকানোর জন্য স্বেচ্ছায় স্থানীয় উদ্যোগ গড়ে উঠবে। এ ব্যাপারে স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সংগে ব্যাপক মত বিনিময়ের মাধ্যমে তাদের সহযোগিতা নিশ্চিত করা যায়। সরকারের স্থানীয় পর্যায়ের সংশ্লিষ্ট প্রশাসনিক প্রতিনিধিবৃন্দ, স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ এবং স্থানীয় স্বার্থগোষ্ঠীসহ সমাজের সংশ্লিষ্ট সকল স্তরের প্রতিনিধিদের যৌথ উদ্যোগই এ সমস্যা মোকাবিলার প্রকৃষ্ট উপায়। মূলতঃ মৎস্য অধিদপ্তরের অধিনে পরিচালিত উদ্যোগে যারা মূল্যবান ভূমিকা রাখতে পারেন মানের

(rank) ক্রমানুসারে তাদের চিহ্নিত করা যায় । ১ । ইউনিয়ন পরিষদ নেতৃবৃন্দ, ২ । উপজেলা নির্বাহী কর্মকর্তা, ৩ । স্থানীয় মৎস্যজীবী নেতৃত্ব, ৪ । স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গ, ৫ । ও. সি., ৬ । আনসার/ভি. ডি.পি., ৭ । উপজেলা সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং ৮ । সমন্বয়কারী বেসরকারী প্রতিষ্ঠান ।

যে ধরণের পদক্ষেপ এ ব্যাপারে প্রারম্ভিক হিসাবে চিহ্নিত হয়েছে তা হচ্ছে ঃ

১ । প্রয়োজনীয় আইন প্রণয়ন অথবা প্রণয়ন সাপেক্ষে বর্তমান অবস্থা মোকাবিলার জন্য ক্ষতিকর সকল জাল বা যন্ত্র অবৈধ ঘোষণা;

২ । প্রজনন কালে মাছ ধরা নিষিদ্ধকরণ আইনসহ ফেব্রুয়ারী থেকে জুলাই সকল আইন রবাস্তবায়ন;

৩ । এ সময় নদীতে প্রয়োগের জন্য গৃহীত সকল বিধি নিষেধ প্রতিপালন নিশ্চিত করণ;

৪ । নদীর প্রায় বৃত্তাকার অংশ (খড়ড়ঢ়) ধ্বংসের সকল বেসরকারী হস্তক্ষেপ নিধারণ;

৫ । সরকারী উদ্যোগে নদীর পাড়ে উন্নত হ্যাচারী তৈরীর মাধ্যমে মাঠির খাদ ব্যবহার বন্ধে উদ্বুদ্ধকরণ;

এখানে উল্লেখ্য, বছরের একটি বড় অংশ জুড়ে মৎস্যশিকার নিষিদ্ধ করা এবং অন্যান্য সময়ে অনেকগুলি (ক্ষতিকর) জাল নিষিদ্ধ করার ফলে পেশাজীবী মৎস্যজীবীরা জীবিকাহীন হয়ে পড়বে । এদের অনেকেই হালদার উপর নির্ভরশীল । পেশাজীবী জেলেদের জন্য আগে থেকেই বিকল্প জীবিকার ব্যবস্থা ভেবে দেখতে হবে ।(৪,৫) । যতদিন এ রকম কোন উপায় বের করা সম্ভব না হয় ততদিন পর্যন্ত তাদের জন্য খাদ্য রেশনের ব্যবস্থা থাকতে হবে । আমাদের জরিপে এ রকম পরিবারের সংখ্যা ৪০০ (চারশ) । বিকল্প কর্ম সংস্থানের জন্য স্থানীয় এন. জি. ও দের সাহায্যে জরিপে সমাজিক বনায়ন, মৎস্যচাস, হাঁস মুরগী পালন, যানবাহন এবং নদী থেকে বালি উত্তোলন প্রভৃতি খাতগুলি চিহ্নিত করা সম্ভব হয়েছে । এসব নতুন কর্মক্ষেত্রে একটি বড় জনগোষ্ঠী কে আস্তে আস্তে সরিয়ে নেয়া সম্ভব হলে হালদার মৎস্যক্ষেত্র পুনরুদ্ধার হবে একটি বাস্তবায়নযোগ্য দীর্ঘকালীন লক্ষ্যবস্তু । এর বাস্তবায়নে সকল স্বার্থগোষ্ঠীকে সমন্বিত করে উদ্যোগ নেয়া প্রয়োজন । (৬) । বাংলাদেশের পশ্চিম অঞ্চলের অশ্বনুরাকৃতি হ্রদে যৌথ ব্যবস্থাপনা ও বিভিন্ন নদীতে সম্প্রদায়ভিত্তিক মৎস্য ব্যবস্থাপনার অভিজ্ঞতা এ ক্ষেত্রে অনুকরণীয় উদাহরণ হতে পারে ।

References

1. Hardin, G. 1968. The tragedy of the commons. *Science* 162:1243-1248.
2. BARC-CIRDAP Workshop on Socio-economic Aspects of Fishing Community in Bangladesh.
3. Ida Siason, 2004. The Effect of C0-Management Processes on Enforcement and Compliance with Fisheries Regulations, WFC, Dhaka.

   Bangladesh. ICLARM, Dhaka.
4. CODEC, 1997. Identification of Non- Capture Fisheries I Options for the ESBN Fisheries of Coastal Bangladesh, Chittagong.
5. COFCON, 2003. Identification of Alternative Income and Employment generation Activities for the Costal Fisher-Folks of Bangladesh, Dhaka.
6. M. S. Khan and N. A. Apu, 1998, Fisheries Co-Management in the Ox bow Lakes of
7. P. Thompson and M.Ahmed, 2004, Lessons from CBFM1, WFC, Dhaka.

সমুদ্র সম্পদে চট্টগ্রামঃ অর্থনৈতিক ব্যবহারে সমস্যা ও সম্ভাবনা

মুহাম্মদ আনোয়ারুল ইসলাম*

ভূমিকা

ভৌগোলিক ও কৌশলগত অবস্থান (geo-strategic postion) বিচারে বাংলাদেশের অপরাপর অঞ্চলের তুলনায় চট্টগ্রাম রয়েছে সবচেয়ে সুবিধাজনক অবস্থানে। এছাড়াও চট্টগ্রামের রয়েছে প্রাচীন ও বহুমুখী সম্ভাবনাময় একটি সমুদ্র-বন্দর এবং গভীর-সমুদ্র-বন্দর প্রতিষ্ঠার বাড়তি সুবিধা। চট্টগ্রামের অনন্য বৈশিষ্ট্য এর সমগ্র পশ্চিম উপকুল জুড়ে সমুদ্রের বিশাল বিস্তার। সমুদ্র চট্টগ্রামকে শুধু সৌন্দর্য মন্ডিত করেনি। একে করেছে সম্পদশালীও। সমুদ্র-বন্দরের জন্যই প্রাচীনকাল থেকে চট্টগ্রামের এত সমাদর। একে বলা হতো "প্রাচ্যের প্রবেশদ্বার" (gateway to the East)। চট্টগ্রামে সাবেক সোভিয়েত ইউনিয়নের প্রতিনিধিত্বকারী সর্বশেষ কন্সাল চট্টগ্রাম ছেড়ে যাওয়ার প্রাক্কালে বলেছিলেন, চট্টগ্রাম বন্দরের সম্ভাবনা সিঙ্গাপুরের চেয়ে হাজারো গুন বেশী। এছাড়াও বেশ কিছুদিন আগে মার্কিন যুক্তরাষ্ট্রের একজন খ্যাতনামা পন্ডিত ব্যক্তি চট্টগ্রাম এসে এ আশাবাদ ব্যক্ত করে গিয়েছিলেন যে, " নতুন সৃষ্টির ঐতিহ্য রক্ষা করে চট্টগ্রাম হয়তো একদিন সারা বিশ্বকে পথ দেখাবে"। গ্রামীণ ব্যাংকের কথা বিবেচনায় নিলে তাঁর এ আশাবাদ ইতিমধ্যে সঠিক প্রমাণিত হয়েছে।

চট্টগ্রাম সমুদ্র বন্দর

ক্রমিক অবহেলার কারণে এক সময়কার " প্রাচ্যের রাণী " খ্যাত চট্টগ্রাম কতক ক্ষেত্রে রূপকথায় বর্ণিত "ঘুঁটে কুড়ানিতে" পরিণত হলেও বৃহত্তর চট্টগ্রাম এলাকা এখনও এ দেশের সর্বাধিক সমৃদ্ধ ও সম্ভাবনাময় অঞ্চল এবং চট্টগ্রাম সমুদ্র-বন্দর এখনও পর্যন্ত চট্টগ্রাম তথা সারা দেশের সর্বাধিক সম্ভাবনাময় কৌশলগত সম্পদ । ১৯৯৪ এ জাইকা পরিচালিত এক সমীক্ষায় দেখা গেছে চট্টগ্রাম বিভাগের ও চট্টগ্রাম পৌর এলাকার মাথাপিছু আয় বাংলাদেশের জাতীয় গড় মাথাপিছু আয়ের যথাক্রমে ১.২২ ও ১.৪৯ গুন।

ঐতিহাসিক ও প্রাতিষ্ঠানিক পটভূমি

চট্টগ্রাম বন্দরের লিপিবদ্ধ ইতিহাস খ্রীষ্ট জন্মের ৪০০ বছর পূর্ব পর্যন্ত বিস্তৃত। নবম থেকে পঞ্চদশ শতাব্দী পর্যন্ত চট্টগ্রাম পরিচিত ছিল "সেতগাং" (Shetgang) নামে। এটি একটি আরবী শব্দ, যার অর্থ

---

* লেখক একজন সমাজকর্মী, কলাম লেখক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদের সাবেক গবেষণা কর্মী এবং বাংলাদেশ ব্যাংক ও ১৯৭৬-৭৯ কর তদন্ত কমিশনের সাবেক গবেষণা কর্মকর্তা।

"গাঙ্গেয় ব-দ্বীপ" । ইতিহাস বলে, এই প্রাচীন সমুদ্র -বন্দরের মাধ্যমে প্রচুন পণ্য আনা-নেয়া হতো এবং এখানে বাণিজ্য বহর আসতো মধ্যপ্রাচ্য, চীন এবং বিভিন্ন দক্ষিণ-পূর্ব এশীয় দেশের বন্দর হতে । ওমান এবং ইয়েমেন হতে বণিকরা আসতে শুরু করে নবম শতক থেকে । ষোড়শ শতাব্দীতে আসে পর্তুগীজরা । চট্টগ্রাম বন্দরের তারা নামকরণ করে "Porte Grande" বা Grand Port" । বর্তমান অবস্থানে চট্টগ্রাম বন্দরের প্রতিষ্ঠা লাভ ঘটে ১৮৮৭ সালে । ১৯১০ সালে ছিল এর বাৎসরিক ৫ লাখ টন পন্য খালাস (Handling) ক্ষমতা সম্পন্ন ৪টি জেটি । দ্বিতীয় মহাযুদ্ধের সময় চট্টগ্রাম বন্দর এলাকা ছিল এই অঞ্চলের মিত্র শক্তির প্রধান সৈন্য ও অস্ত্র অবতরণ ক্ষেত্র (dumping station) । বছর আটেক আগে বিবিসির এক অনুষ্ঠানে দেখানো হয় চট্টগ্রাম বন্দরে আনীত অস্ত্র মায়ানমারের (তৎকালীন বার্মা) মধ্য দিয়ে চীনের পশ্চিমাঞ্চলের প্রত্যন্ত এলাকায় সরবরাহের জন্য যে রাস্তা ব্যবহৃত হতো তার বর্তমান চিত্র । ১৯৮৮ হতে ১৯৬০ সাল পর্যন্ত চট্টগ্রাম বন্দর ব্যবস্থাপনার যৌথ দায়িত্বভার অর্পিত ছিল Port Commissioners I Port Railway -র উপর । দ্বৈত প্রশাসন পরিহারের উদ্দেশ্য ১৯৬০ এর জুলাই মাসে Port Trust এর উৎপত্তি । স্বাধীনতা উত্তর কালে চট্টগ্রাম সমুদ্র বন্দরের বৃহত্তর উপযোগিতা ও দ্রুততর উন্নয়নের স্বার্থে ১৯৭৬ সালে চিটাগং পোর্ট অথরিটি অর্ডিন্যান্স জারী করা হয় । এবং তখন থেকে এ যাবত একজন চেয়ারম্যান ও অপর ৪ সদস্য বিশিষ্ট চিটাগাং পোর্ট অথরিটি (CPA) চট্টগ্রাম বন্দরের সার্বিক পরিচালনার দায়িত্ব পালন করে আসছে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌ বা শিপিং মন্ত্রনালয়ের নিয়ন্ত্রণাধীন সিপিএ একটি স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান । বাৎসরিক ১২ কোটি টাকা পর্যন্ত ব্যয় সিপিএ নৌ মন্ত্রানালয়ের পূর্ব-অনুমতি ব্যতিরেকে করতে পারে । ১৯১০ সালে যেখানে চট্টগ্রাম বন্দরের জেটির সংখ্যা ছিল ৪টি ও পণ্য খালাস ক্ষমতা বাৎসরিক ৫ লাখ টান বর্তমানে বার্থ ও মুরিং-এর সংখ্যা উন্নীত হয়েছে (অভ্যন্তরীণ জাহাজের জন্য ১৯টি সহ) সর্বমোট ৫১টি ও পণ্য খালাস ক্ষমতা (অভ্যন্তরীন ৩০ লক্ষ টন সহ) সর্বমোট ২ কোটি ৮০ লাখ টন । ২০০৪-২০০৫ অর্থ বছরে চট্টগ্রাম বন্দরের কর-পূর্ব মুনাফার পরিমাণ ছিল ৩৩০.১৩ কোটি টাকা । নির্মাণাধীন নিউমুরিং কন্টেইনার টার্মিনাল (সেপ্টেম্বর, ২০০৬এ যার যাত্রা শুরু প্রত্যাশিত) বন্দরের পন্য খালাস ক্ষমতা বাড়িয়ে দেবে উল্লেখ যোগ্য ভাবে । একটি সূত্র মতে, বর্তমানে বাস্তবায়াধীন বিভিন্ন প্রকল্পের কাজ শেষ হলে ২০১৫সাল পর্যন্ত প্রয়োজনীয় পণ্য খালাসের ব্যবস্থা নিশ্চিত করতে সক্ষম হবে চট্টগ্রাম বন্দর ।

চট্টগ্রাম বন্দরের সমস্যা ও সম্ভাবনা

এক কথায় বন্দরের সমস্যা হলোঃ শ্রমিক রাজনীতি, দূর্নীতি, অদক্ষতা, জাহাজ জট, পণ্য স্তুপীকরণ, পন্য চুরি বা খোয়া যাওয়া ইত্যাদি । স্বাধীনতার পর যতগুলো সরকার এসেছে কম-বেশী সবাই বন্দর শ্রমিকদের ভোট-বাক্স এবং রাজনৈতিক স্বার্থ হাসিলের উপায়-উপকরণ হিসেবে ব্যবহার করতে চেয়েছে এবং নিজ দলীয় লোকদেরকে বন্দর শ্রমিক সংগঠনের নেতৃত্বে বসিয়েছে । বর্তমানেও দুটি প্রধান রাজনৈতিক দলের ব্যানারে ভিন্ন ভিন্ন রাজনৈতিক দলের অনুসারী শ্রমিকদের ভিন্ন ভিন্ন সংগঠন রয়েছে । সময়-ক্ষেপন ইত্যাদি অনেক কারণে অনেকেই চট্টগ্রাম বন্দরকে বিশ্বের (অন্যতম) প্রধান ব্যয়বহুল সমুদ্র বন্দর হিসাবে আখ্যায়িত করে থাকেন । আবার অনেক আমদানীকারক শুল্ক-হার বৃদ্ধি ইত্যাদি অনেক কারণে বন্দর থেকে পণ্য সরবরাহ নেয়ায় বিরত থাকেন যা বন্দরে 'জট' সৃষ্টির অন্যতম প্রধান কারণ । পূর্বের মতো কথায় কথায় ধর্মঘট ডাকা না হলেও নিউমুরিং কন্টেইনার টার্মিনাল নিয়ে রাজনৈতিক অঙ্গনে সম্প্রতি উত্তাপ সৃষ্টি হয়েছে । বর্তমান বিশ্বায়নের প্রবণতায় বেসরকারীকরণ প্রক্রিয়া তথাকথিত

মুক্ত বাজার অর্থনীতিতে কাম্য এবং শ্রমিকদের অযৌক্তিক দাবীর মুখে কিছুটা কাঙ্খিত হলেও দক্ষ পরিচালনার নামে বিশেষ শ্রেনী বা কোটারী স্বার্থে রাষ্ট্রীয় স্বার্থের বিসর্জন কতখানি যুক্তিসংগত তাও বিবেচ্য। এ যেন অনেকটা মাথা-ব্যথার জন্য মাথা কেটে ফেলার মতো। যুগপৎ জনস্বার্থ রক্ষা ও দক্ষতাবৃদ্ধির জন্যে যে সার্বিক সমন্বয় সাধনের প্রয়োজন তার উপযুক্ত প্রচেষ্টার অভাব বন্দরের ক্ষেত্রেও লক্ষণীয়। প্রকৃতপক্ষে দেশের অপরাপর অর্থনৈতিক উদ্যোগ বা ক্ষেত্রের ন্যায় এক্ষেত্রেও দেশ প্রেম, সুনীতি ও সততার অভাব প্রকট। দেউলিয়া রাজনীতিও এর জন্য বড়ো পরিসরে দায়ী। এ ব্যাপারে পরবর্তী পর্যায়ে আরও আলেচনা করা হবে, সামগ্রিক পরিস্থিতি বিচারে। এক কেন্দ্রিক সরকারের একটি প্রধান সমস্যা হলো সিদ্ধান্ত গ্রহনে বিলম্ব আর রাজনীতি ও প্রশাসন উভয়ই যখন দূনীর্তিগ্রস্ত হয় রাজনৈতিক স্বৈরাচার ও অর্থনৈতিক স্বৈরাচার দ্রুত পরস্পর সহায়ক হয়ে উঠে যা বন্দরের মত একটি বৃহৎ অর্থনৈতিক কর্মকান্ডকে মন্দভাবে প্রভাবান্বিত করতে পারে। এটি চট্টগ্রাম বন্দরের ক্ষেত্রেও সত্য। অথচ চট্টগ্রাম বন্দরের রয়েছে প্রায় অপরিসীম সম্ভাবনা। পার্শ্ববর্তী দেশগুলো কেবল নয়, দূরবর্তী নেপাল, ভুটান, এমনকি চীনের বা তিব্বতের দুর্গম এলাকাগুলোকে চট্টগ্রাম বন্দর ব্যবহারের সুযোগ দিতে পারলে তা এদেশের অর্থনৈতিক উল্লম্ফনে (economic take-off) একটি সুদুর প্রসারী ভূমিকা রাখতে পারে। আর সেই সাথে এশিয়ান হাইওয়ে হয়ে যদি আমরা মধ্য এশিয়ার সিল্ক রুটের সাথে নিজেদের সংযুক্ত করতে পারি তাহলেতো সোনায় সোহাগা। এশিয়ার প্রায় পুরো মূল ভুখন্ডকে তখন দেয়া যেতে পারে চট্টগ্রাম বন্দরের সুবিধা। ২৫ জুলাই, ২০০৫ইং তারিখে প্রথম আলোয় এসেছে, সম্প্রতি চীনের কুনমিং (ইউনান প্রদেশের রাজধানী) চট্টগ্রাম বন্দর ব্যবহারের জন্য সড়ক সংযোগ চেয়েছে। রাষ্ট্রীয় পর্যায়ে চীন অনেক আগে থেকেই তার কৌশলগত সম্পদের অর্থনৈতিক ব্যবহার শুরু করে দিয়েছে। চীনের আন্তঃসীমান্ত মহাসড়ক ভারতীয় উপ-মহাদেশে তার অর্থনৈতিক প্রভাব বিস্তারের কাজে ব্যবহৃত হচ্ছে। ২০০৫ সালে চীন তিব্বতের লাসা ও নেপালের কাঠমুন্ডুর মধ্যে বাস চলাচল শুরু করেছে। নিয়েছে রেলপথ সম্প্রসারনের উদ্যেগও। একসময় দেখা যাবে ত্রিদেশীয় চুক্তির মাধ্যমে এই সড়ক ও রেল যোগাযোগ উত্তর ভারত পর্যন্ত সম্প্রসারিত হয়ে গেছে। অন্যদিকে পাকিস্তান ও চীন গিলগিট ও কাশগরের মধ্যে নতুন পরিবহন সংযোগ স্থাপনের ঘোষনা দিয়েছে। বিপরীতে তথাকথিত নিরাপত্তার কথা বলে যেমন আমরা নব্বই-এর দশকে নিখরচায় সাবমেরিন ক্যাবল লাইনের সংযোগ না নিয়ে (বিচারপতি হাবিবুর রহমানের মতে যা আমাদের সমুদ্র-সীমার মধ্য দিয়ে ভারতে গেছে) এখন প্রায় হাজার কোটি টাকা ব্যয়ে সংযোগ নিচ্ছি তেমনি কার্যত ভারতকে ট্রানজিট সুবিধা না দেয়ার উদ্দেশ্যে আমরা এশিয়ান হাইওয়ে হতে নিজেদেরকে গুটিয়ে নিয়েছি। আমাদের জন্যে সুবিধাজনক যে রুটটা- মায়ানমার ও থাইল্যান্ডের মধ্য দিয়ে শেষ পর্যন্ত চীনে পৌঁছানো- তাতে মায়ানমার, চীন বা থাইল্যান্ড কাউকেই আমরা আমাদের পক্ষে টানতে পারিনি। আমাদের প্রচেষ্টা শুরু করেছি আমরা অনেক দেরীতে, যদিও এশিয়ান হাইওয়ের প্রস্তাবনা সেই ষাটের দশক হতে। এদিক থেকে চট্টগ্রাম বন্দরের যে সম্ভাবনার কথা আমরা ভাবছি তার রূপায়নে সর্বাগ্রে প্রয়োজন যে দৃঢ় রাজনৈতিক সদিচ্ছা তা এদেশে প্রকটভাবে অনুপস্থিত। অথচ চট্টগ্রামকে মুক্ত-বন্দরে পরিণত করার বিষয়টি নিয়েও আমরা ভাবতে পারতাম। পাকিস্তান আমল থেকে আমরা যে গভীর সমুদ্র-বন্দরের কথা শুনে আসছি তা এখনও সম্ভাব্যতা জরীপের সীমারেখা অতিক্রম করতে পারেনি। অথচ ইতোমধ্যে মায়ানমার দক্ষিণ বঙ্গোপসাগরে ও থাইল্যান্ড আন্দামানের কাছে গভীর সমুদ্র বন্দর স্থাপনের আয়োজন প্রায় সমাপ্ত করে ফেলেছে। কিছুদিন আগে দৈনিক ইনকিলাব পত্রিকায় একটি উদ্বেগজনক খবর এসেছিল। সেটি হলো, মায়ানমার ও ভারত কোনাকুনিভাবে বাংলাদেশের আন্তর্জাতিক সমুদ্র-সীমার (যা উপকূল হতে দক্ষিণে

সোজাসুজি ২০০ নটিকাল মাইল পর্যন্ত বিস্তৃত) প্রায় অর্ধেক নিজেদের সমুদ্র সীমার মধ্যে নিয়ে নিয়েছে। একটি নিদিষ্ট সময়-সীমার মধ্যে ভারত ও মায়ানমারের প্রকাশিত ম্যাপের বিরোধিতা না করলে বাংলাদেশকে তার সমুদ্র-সীমার অর্ধেকটাই চিরতরে হারাতে হতে পারে। রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতা এবং প্রশাসনিক সততা ও নিষ্ঠার অভাবের এ এক উৎকট দৃষ্টান্ত। যে কোন বন্দরের সাফল্যের জন্যে এ যুগে যা প্রথমেই প্রয়োজন তা হলো সমুদ্রগামী জাহাজ বন্দরে যে পরিমাণ কন্টেইনার বয়ে নিয়ে আসে প্রায় সে পরিমাণ কন্টেইনার যাতে তারা ফিরতিতে নিয়ে যেতে পারে তা নিশ্চিত করা। কাজেই চট্টগ্রাম বন্দরের সম্প্রসারণের তথা চীনের মতো আমাদের ভূ-কৌশলগত সুবিধাকে অর্থনৈতিক সুবিধায় রূপান্তর করার যে স্বপ্ন আমরা দেখছি, প্রতিবেশী বা দূরবর্তী দেশকে চট্টগ্রাম বন্দরের ব্যবহার-সুবিধা দেয়ার জন্যে সমর্থক রাজনৈতিক সদিচ্ছা না থাকলে, এই বিপুল সম্ভাবনার স্বপ্ন শুরুতেই মুখ থুবড়ে পড়তে বাধ্য।

অপরাপর সমুদ্র-সম্ভাবনা

সমুদ্র বায়ু চট্টগ্রামের আবহাওয়াকে করেছে চমৎকার। সমুদ্র না থাকলে হয়তো উষ্ণ মন্ডলীর এ এলাকা হয়ে পড়তো উষর মরুময়। সমুদ্র আমাদের দিচ্ছে অনেক। মাছ, লবণ, শুটকি থেকে শুরু করে মুক্তা পর্যন্ত। কিন্তু সমুদ্রের সুবিশাল সম্পদ-সম্ভারের তুলনায় এ অতি যৎসামান্য। শুধু চট্টগ্রাম বা বাংলাদেশ

এক ঘন মাইল সমুদ্র জলে মিশ্রিত খনিজের আনুমানিক পরিমাণ

ক্রমিক নং	দ্রব্যের নাম	পরিমাণ (টন)
০১.	সোডিয়াম ক্লোরাইড (সাধারণ লবণ)	১২,৮০,০০,০০০
০২.	ম্যগনেসিয়াম ক্লোরাইড	১,৭৯,০০,০০০
০৩.	ম্যাগনেসিয়াম সালফেট	৭৮,০০,০০০
০৪.	ক্যালসিয়াম সালফেট	৫৯,০০,০০০
০৫.	পটাশিয়াম সালফেট	৪০,০০,০০০
০৬.	ক্যালসিয়াম কার্বনেট (চুন)	৫,৭৮,৮৩২
০৭.	ম্যগনেসিয়াম ব্রোমাইড	৩,৫০,০০০
০৮.	ব্রোমাইন	৩,০০,০০০
০৯.	ষ্ট্রনটিয়াম	৬০,০০০
১০.	বোরোন	২১,০০০
১১.	ফ্লুওরিন	৬,৪০০
১২.	বেরিয়াম	৯০০
১৩.	আয়োডিন	১০০ হতে ১২০০
১৪.	আর্সেনিক	৫০ হতে ৩৫০
১৫.	রুবিডিয়াম	২০০
১৬.	রূপা	৪৫ টন পর্যন্ত
১৭.	সোনা	২৫ টন পর্যন্ত
১৮.	ইউরেনিয়াম	৭ টন
১৯.	তামা, সীসা, ম্যাঙ্গানীজ ও দস্তা	১০ হতে ৩০ টন

নয়, সারা বিশ্বের জন্যে সমুদ্র এক অফুরন্ত সম্পদ-ভান্ডার, যার খুব কমই মানুষ ব্যবহার করতে সক্ষম হয়েছে। জোয়ার-ভাটার অবিশ্রান্ত নিয়মে সমুদ্রই জীবনের মৌল উপাদানগুলো পৌছেঁ দিচ্ছে স্থলভাগে। মানুষের অস্তিত্বের জন্যে মহাশূণ্য (outer space)- এর চেয়ে অনেক বেশী গুরুত্বপূর্ণ এই অন্তর্গত শূণ্য (inner space)। সমুদ্র-সম্পদের সঠিক আবিষ্কার ও ব্যবহার একদিন ভূ-গোলকে ম্যালথাসীয় তত্ত্বকে ভূল প্রমাণিত করবে অনায়সে। ওয়াকিফহাল ব্যক্তি মাত্রই জানেন দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন যুক্তরাষ্টের অংশগ্রহন মিত্র শক্তির জয়লাভের প্রধান কারণ হিসেবে কাজ করেছে। আবার যুক্তরাষ্ট্রের এই যুদ্ধ জয়ের সহায়ক হিসেবে কাজ করেছে জার্মানীর পূর্বেই যুক্তরাষ্ট্র কর্তৃক সমুদ্রজল হতে ম্যাগনেসিয়াম তৈরীর প্রযুক্তি আবিষ্কার ও ব্যবহার। সমুদ্রের পানি থেকে নিষ্কাশিত ধাতব ম্যাগনেসিয়াম বিপুলভাবে ব্যবহৃত হয় আগুনে-বোমা ও আলো -প্রভা সৃষ্টিকারী বোমা বানানোর জন্যে। সোডিয়াম ক্লোরাইড বা সাধারণ লবণ ছাড়াও যুক্তরাষ্ট্র সমুদ্রের পানি থেকে আহরণ করছে ম্যাগনেসিয়াম ও ব্রোমাইন। দশ লাখ পাউন্ড পরিমাণ সমুদ্রজলে মিশে থাকে প্রায় এক হাজার পাউন্ড ম্যাগনেসিয়াম। মোটামুটিভাবে এক ঘন মাইল পরিমাণ সমুদ্রের পানি পরিশোধন করে পাওয়া যেতে পারে নিু ছকে উল্লেখিত খনিজ দ্রব্য গুলো।

এক ঘন মাইল বিরাট ব্যাপার। মোটামুটিভাবে ২৬ মাইল দীর্ঘ, ১০ মাইল প্রশস্ত ও ৩.৩ ফ্যাদম বা ১৯.৮ ফুট গভীরে পরিসরে যে পরিমাণ পানি ধরে তাকেই বলা যেতে পারে এক ঘন মাইল পরিমাণ পানি। উপরে বর্ণিত তালিকার প্রথম ৫টি আইটেম দেখলেই বোঝা যাবে কি বিপুল পরিমাণ ধাতব পদার্থ সমুদ্র জলে মিশে আছে। মহেশখালি ও কক্সবাজার উপকুলে কেবল সাধারন লবণ তৈরী করছি আমরা। তাও আবার মান্ধাতার আমলের প্রযুক্তিতে। আর কিছু না হোক অন্ততঃ মিঠা পানির প্রয়োজন মেটানোর জন্য আমাদের অচিরেই হাত বাড়াতে হবে সমুদ্রের দিকে। উল্লেখ্য, চট্টগ্রামের কেবল রপ্তানী বাণিজ্য প্রক্রিয়াকরণ এলাকাতেই রয়েছে প্রায় সোয়াশ'র মতো গভীর নলকূপ যা আশ-পাশের এলাকায় প্রচন্ড পরিবেশ বিপর্যয়ের কারণ হয়ে দাঁড়িয়েছে। সরকারী ও বেসরকারী পর্যায়ে গভীর নলকূপ স্থাপন ও ব্যবস্থাপনায় যে সামগ্রিক বিপুল পরিমান অর্থ ব্যয় হচ্ছে তার সাথে আরও কিছু যোগ করে পরিকল্পিত উপায়ে সমুদ্র জল পরিশোধনের মাধ্যমে চট্টগ্রাম শহরে পর্যাপ্ত পানি সরবারহ নিশ্চিত করা যেতে পারে।

সমুদ্র নিয়ে আরও গুরুত্বপূর্ণ ব্যাপার রয়েছে। এক সময় গাওয়া হতো Rule Britania, Rule the Waves। তারও অনেক আগে প্রাচীন মিশরীয়, ফিনিশীয়, স্ক্যানডিনেভীয়, ভারতীয়, চীনা ও আরবীয়রা সমুদ্র পথে দেশে দেশে পণ্য ও জ্ঞান আহরণ ও সঞ্চার করেছে। যে শূণ্য বা 'জিরো' আবিস্কৃত না হলে আজকের জ্ঞান-বিজ্ঞান অনেকাংশে 'জিরো' হয়ে যেত তা যুগপৎ স্বাধীনভাবে আবিষ্কার করেছিল প্রাচীন ভারতীয় ও রেড ইন্ডিয়ানরা। প্রাচীন আরবীয়রা 'জিরো'র ধারণা ইউরোপ নিয়ে গেলে প্রথমে তারা তা গ্রহন করতে অস্বীকৃতি জানিয়েছিল। (রোমান সংখ্যায় এখনও শূণ্যের ব্যবহার নেই)। সমুদ্র পথে ভারতে আসার উপায় আবিষ্কারের নেশায় আমেরিকার সুবিশাল 'নতুন ভুবন' আবিস্কৃত হয়েছে এবং শেষাবধি ইউরোপ উন্নতির চরম শিখরে আরোহন করেছে। এখনও যে জাতি যত বেশী সমুদ্রচারী তথা সমুদ্র-সম্পদ আহরণে অগ্রণী সে জাতি তত বেশী সম্পদশালী ও পরাক্রমশালী। এক সময় বৃহত্তর চট্টগ্রাম বিভাগের লোকদের জাহাজী হিসাবে বেশ সুনাম ছিল। চট্টগ্রামের হালিশহরে তৈরী হতো কাঠ নির্মিত পালতোলা সমুদ্রগামী জাহাজ, যাকে স্থানীয়ভাবে বলা হতো 'শরের জাহাজ'। জাহাজ তৈরীর 'অর্ডার' আসতো ইউরোপ-আমেরিকাসহ সারা দুনিয়া থেকে। আমরা ভুলে গেলেও ইউরোপের অনেক স্থানে এখনও চট্টগ্রামের তৈরী কাঠের জাহাজ ভাসমান যাদুঘর হিসেবে সংরক্ষিত রয়েছে। চট্টগ্রামের স্থানীয় অনেকেরও ছিল এ ধরনের সওদাগরী জাহাজের মালিকানা যে গুলো ইউরোপ পর্যন্ত যেতো বাণিজ্য-সওদা নিয়ে। আরবীয়দের হাতে যেমন সমুদ্র-বিদ্যার পরিপুষ্টি-লাভ ঘটে তাদেঁর উৎসাহেই

তৎকালে চট্টগ্রামে জাহাজ নির্মান শিল্প বিকাশিত হয়। হালিশহরের ঈশান মিস্ত্রির হাট যাঁর নামে সেই ঈশান মিস্ত্রি ছিলেন একজন নামকরা শরের জাহাজা নির্মাতা। কালের চক্রে ষ্টীম ইঞ্জিন আবিষ্কারের পর লোহার পাত নির্মিত জাহাজের প্রচলন শুরু হলে পৃষ্ঠপোষকতায় অভাবে ও নবতর প্রযুক্তি লাভের ব্যর্থতায় চট্টগ্রামের জাহাজ নির্মান শিল্প পরিবর্তিত পরিসরে বিকাশ লাভের পরিবর্তে মূখ থুবড়ে পড়ে। একই প্রযুক্তি হস্থান্তরজনিত কারণে চট্টগ্রামের জাহাজীরাও তাদের ঐতিহ্যগত পেশায় পিছিয়ে পড়ে। হালিশহরস্থ নাবিক প্রশিক্ষণ কেন্দ্রের ন্যায় আরও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করে উপযুক্ত পরিকল্পনা ও পরিপোষনের মাধ্যমে অসংখ্য বেকারের হাতকে আমরা সম্পদ সৃষ্টির হাতিয়ারে পরিণত করতে পারি শুধু সমুদ্র জয়ের মাধ্যমে। সমুদ্র-সম্পদের রয়েছে আরও বহুতর সম্ভাবনা। চট্টগ্রাম সহ সারা দেশের উপকুল জুড়ে যদি উপকুল রক্ষা বাঁধের সাথে সাথে তার উপরে তৈরী করা যেতো সড়ক নেটওয়ার্ক তাহলে সমুদ্র-সম্পদের বর্ধিত অর্থনৈতিক ব্যবহার তথা সমুদ্র-নির্ভর শিল্প ও পেশার বিকাশ ঘটিয়ে সারা দেশে সৃষ্টি করা যেতো (অর্থনৈতিক) উত্তরণের এক সুবিশাল, সুবর্ন সম্ভাবনা। শুধু মৎস্য আহরণ ও প্রক্রিয়াজাতকরণ, শুটকি বা লবণ তৈরী, মাছের ঘের, জাহাজ-ভাঙ্গা বা জাহাজ নির্মাণ শিল্প নয়, সমুদ্রের শামুক-গুগলি থেকে শুরু করে শৈবাল ও জলজ উদ্ভিদ (যা কয়েকশ ফুট পর্যন্ত দীর্ঘ হয়ে থাকে) রপ্তানির মাধ্যমে আমরা প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করতে পারি। দেশের জন্য প্রয়োজনীয় ইস্পাতের প্রধান যোগানদাতা জাহাজভাঙ্গা শিল্প বিকাশ লাভ করেছে একমাত্র চট্টগ্রামেই। আবার এই শিল্পে বিনিয়োগ হতে উদ্ভুত লাভ পুনঃ বিনিয়োগ করে গড়ে তোলা হয়েছে ঢেউ টিন, সয়াবীন তেলসহ বিভিন্ন প্রয়োজনীয় মৌলিক শিল্প। চট্টগ্রাম বন্দর বছরে যে পরিমাণ কর-পূর্ব মূনাফা অর্জন করে থাকে জাহাজ-ভাঙ্গা শিল্প হতে প্রায় সমপরিমান রাজস্ব আয় করে থাকে সরকার। দেশের অপরাপর শিল্পের তুলনায় সর্বাধিক সংযোগ-সম্পর্ক (Linkage effect) বিশিষ্ট এই শিল্প কিন্তু অদ্যাবধি শিল্প হিসাবে সরকারী স্বীকৃতি পায়নি। আমাদের মানব-সম্পদকে সমুদ্র নির্ভর শিল্পে নিয়োগ করে আমরা আরও বেশী সম্পদ সৃষ্টিকরতে পারি। সমুদ্রের উদ্ভিদ এতই পুষ্টিকর যে তা আমাদের খাদ্য ও পুষ্টি সমস্যার সমাধানে বিরাট ভুমিকা রাখতে পারে। কক্সবাজারের ' পিংক পার্ল' বা গোলাপী মুক্তা ইতিহাস খ্যাত। সম্রাট আকবরের নবরত্ন সভার অন্যতম, ইতিহাসবিদ আবুল ফজল তাঁর 'আইন-ই-আকবরী' গ্রন্থে কক্সবাজারের গোলাপী মুক্তার কথা উল্লেখ করে গেছেন। কুতুবদিয়া থেকে টেকনাফের উপকূল জুড়ে মুক্তার চাষ করে ফি বছর কেবল তা থেকেই ১০০ কোটি টাকার সমপরিমান বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব। আর কক্সবাজারের আকরিক বালিতো রয়েছেই। অথচ মহেশখালির অদূরে পরিকল্পিত গভীর সমুদ্র বন্দর থেকে শুরু করে কক্সবাজারের বেলাভুমি হতে আকরিক বালি আহরণ এখনও কাগজপত্রেই সীমাবদ্ধ রয়ে গেছে। আমাদের সমুদ্র তলদেশে রয়েছে প্রাকৃতিক গ্যাস ও খনিজ তেলের (সম্ভাব্য) বিপুল আধার। বলা হয়ে থাকে পুরো চট্টগ্রামই তেল ও গ্যাসের উপর ভাসছে। আর আমরা যদি সমুদ্র তরঙ্গের শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন করতে পারি তবে তা হবে আমাদের জন্যে অফুরন্ত শক্তির উৎস। প্রস্তাবিত সড়ক নেটওয়ার্কের সাথে সাথে যদি দূরবর্তী দ্বীপগুলোর সংগে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটানো যায় তাহলে পর্যটন শিল্পেরও প্রভূত প্রসার ঘটবে। মোদ্দা কথা, পরিকল্পিত উপায়ে সমুদ্র-সম্পদ ও শক্তির সদ্ব্যবহার আমাদের অর্থনীতিতে আনতে পারে এক যুগান্তকারী বিপ্লব।

সমস্যা

কান টানলে মাথা আসার মতো সম্ভাবনার সাথে জড়িয়ে আছে নানাবিধ সমস্যাও যেগুলো আবার সামগ্রিক দেশীয় ও আন্তর্জাতিক সমস্যার সাথেও জড়িত। বায়ু-নিরোধক পৃথকীকরণ (air-tight

division) সম্ভব না হলেও প্রধান কিছু সমস্যার প্রতীকি উল্লেখ এখানে করা যেতে পারে। এগুলো হলোঃ

১. জনসংখ্যা বিস্ফোরন, দারিদ্য, বেকারত্ব, সন্ত্রাস, মাদক, ও মাফিয়া বা সিন্ডিকেট বাণিজ্যের প্রসার, সামাজিক অস্থিরতা, আন্তর্জাতিক সমস্যার প্রভাব ইত্যাদি।

২. অর্থনৈতিক পণ্য ও সেবার অর্থনৈতিক মূল্য ও প্রচলিত মূল্যের মধ্যে বিদ্যমান বিপুল পার্থক্য।

৩. দূনীতি, অদক্ষতা, অপচয় ও অদূরদর্শিতা; প্রজ্ঞা, সততা, নিষ্ঠা, দায়িত্বশীলতা, দায়বদ্ধতা ও সামাজিক ন্যায় বিচারের অভাব; রাষ্ট্রীয় নীতি ও প্রশাসনিক কার্যক্রমে সমন্বয় হীনতা।

৪. অশিক্ষা, কুশিক্ষা, কুসংস্কার ও অজ্ঞতা।

৫. শাসককুলের অযোগ্যতা, অদূরদর্শিতা ও নীতিহীনতা।

৬. প্রায় সকল আদর্শিক আন্দোলনের হোতা ও নেতারুপ মধ্যবিত্ত শ্রেনীর অস্তিত্বের সংকটে নিপতিত হওয়া।

৭. আন্তর্জাতিক পর্যায়ে বাইরের চাপ ও স্বার্থান্ধতা।

৮. অর্থনৈতিক সম্পদের অসম বন্টন; বিশেষ গোষ্টি বা শ্রেণীর হাতে সম্পদ ও ক্ষমতার কুক্ষিগতকরণ; শোষন ও বঞ্চনা ইত্যাদি।

এসব সমস্যার সমাধান আলোচনা এ নিবন্ধে সম্ভব নয়। এমনিতেই লেখাটির পরিসর ভীতিকরভাবে বেড়ে গেছে। তবে এটুকু বলা যায় যে, অর্থনৈতিক উন্নয়ন মানে কখনোই কেবল সেতু, দালান ইত্যাদি নির্মাণ করা নয়, যদিও উন্নয়নের জন্যে এসব অবকাঠামোগত সুযোগ সৃষ্টির যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে। অর্থনৈতিক উন্নয়ন মানে বিশেষ একটি গোষ্ঠি বা শ্রেণীর উন্নয়নও নয়। তবে আমরা যখনি যাই করিনা কেন সামগ্রিক সামাজিক আয়-ব্যয় বিশ্লেষণ (social cost-benefit analysis) করেই তা আমাদের করতে হবে। এদেশে আমরা এমন একটা গাড়ী বন্ধুর সড়কে চালাতে চাচ্ছি, যে গাড়ীর একটি চাকা হয়তো গোলাকার হলেও অপর তিনটির একটি আয়তাকার, একটি বর্গাকার ও অপরটি ত্রিভুজাকার।

উপসংহার

প্রকৃতিতে তিমি মাছের মস্তিষ্ক সবচেয়ে বড়ো বলে বিজ্ঞানীরা বলে থাকেন- ভাগ্যিস তিমির দুটো হাত নেই, নইলে তিমিই হয়তো প্রকৃতিতে রাজত্ব করতো, এমনকি মানুষের উপরও। আমারদের অপরিসীম সম্ভাবনাকে সমস্যার পাহাড় সরিয়ে দিয়ে কাজে না লাগালে সেগুলো বরাবর সম্ভাবনাই থেকে যাবে, বাস্ত বে রুপ নেবেনা। সে জন্যে চাই অনিসন্ধিৎসু মন ও পরিবর্তনের সুতীব্র আকাঙ্খা, তারও আগে প্রয়োজন সার্বজনীন সচেতনতা সৃষ্টি ও দূরদশী নেতৃত্ব। একজন ব্যক্তি তার ভবিষ্যতের জন্য ১ সপ্তাহ বা ১ মাসের প্রয়োজনের কথা পূর্বেই ভেবে রাখতে পারে। একটা পরিবার ভেবে রাখতে পারে ১ বা ২ বছরের ভবিষ্যত প্রয়োজনের কথা। কিন্তু একটা জাতি বা দেশকে ভেবে রাখতে হয় কমপক্ষে ৩০০ হতে ৫০০ বছরের ভবিষ্যত প্রয়োজনের কথ। বর্তমান সরকার চট্টগ্রাম বন্দরের উন্নয়ন বা সম্প্রসারণের জন্যে যে উদ্যোগগুলো নিয়েছেন তার প্রশংসা করেও বলতে হয়, এসবই যথেষ্ট নয়। কবি রবার্ট ফ্রষ্টের অনুসরণে তাই বলতে হয়, আমাদের "যেতে হবে বহুদুর, যেতে হবে বহু বহু দূর"।

তথ্য সূত্র

১. Chittagong Port Authority; Chittagong Port: An Overview; 2005.

২. Pacific Consultants International Nippon Koei Co. Ltd. (on behalf of Japan International Co-operation Agency (JICA) and Board of Investment, The People's Republic of Bangaldesh); The Study on Industrial Development of Chittagong Region in the People's Republic of Bangladesh (Progress Report II); December 1994.

৩. John W. Chanslor; Treasures from the Sea; Navigational Information Service Division, Defense Mapping Agency Hydrographic Center; Washington, D.C.

৪. সি রাজা মোহন (অনুবাদঃ মিজানুর রহমান-ইন্ডিয়ান এক্সপ্রেস হতে); কুটনীতি এখন মহাসড়কে; প্রথম আলো; ২৮ মার্চ ২০০৬ ।

৫. মুহাম্মদ আনোয়ারুল ইসলাম; চট্টগ্রামের সমুদ্র সম্ভাবনা; চলমান চট্টগ্রাম, ভোরের কাগজ; ৩০ এপ্রিল ১৯৯৮ ।

৬. চট্টগ্রাম কি আসলেই চলমান; চলমান চট্টগ্রাম, ভোরের কাগজ; ২৮ আগষ্ট, ১৯৯৭ ।

৭. চট্টগ্রামে জাহাজ ভাঙ্গাঃ সমস্যা ও সম্ভাবনা; চলমান চট্টগ্রাম, ভোরের কাগজ; ১২ ফেব্রুয়ারী, ১৯৯৮ ।

৮. চট্টগ্রাম নিয়ে আসলে হচ্ছেটা কি? দৈনিক পূর্বকোণ; ২ ফেব্রুয়ারী, ১৯৯৪ ।

৯. আপনি চট্টগ্রাম সর্ম্পকে কতটুকু জানেন? আলোকিত চট্টগ্রাম, প্রথম আলো; ২০ জানুয়ারী, ২০০০ ও ২৭ জানুয়ারী, ২০০০ ।

Institutional Framework for Halda Fisheries: Drawing Lessons from CBFM Experiences[1]

Mohammed A. Rab*

Abstract

River fisheries in Bangladesh is characterized as "open-access" and the history of administrative and legislative measures bear "contradiction and dilemmas " in resource extraction. The 1950 Fisheries act, the proclamation of 1973 that restricted lease to the registered fisher cooperatives and the experimental New Fisheries Management Policy (NFUP) of 1986 could not contribute to devolve into any participatory institution to introduce sustainable fisheries management. Because of persistent "commons dilemmas", increasing fishing pressure and other anthropogenic reasons, the River resources degraded substantially. Over the past ten years, the Department of Fisheries (DOF) in collaboration with NGOs has been implementing community based fisheries management (CBFM) approaches with the technical assistance from the World Fish Center. The principal goal of the approaches is to provide access rights to the fishers through organizing poor fishers and the community to introduce sustainable fisheries management in beels, floodplains and River sections. The CBFM experiences suggest that management and institution building process in River sections is complex, and require participation of all concerned stakeholders including local government institutions and administration. CBFM-2 river fisheries management has broad based institutional framework to include the community at large and ' the local government along with the direct beneficiaries and resource users..4 positive feature of such institutions is its ability to facilitate flow of information among agents, which is a key to maintain solidarity within and across group s. 1n this paper, an institutional framework is suggested to manage the Halda Fisheries. that can be debated and refined.

---

1 Submitted for presentation in the regional seminar organized by the Bangladesh Economic Association, Chittagong Chapter. This paper is based on CBFM project documents, monitoring reports and field observations of World Fish staff and partners. Author acknowledges the contributions of project partners and World Fish staff for their effort in Collecting and documenting project interventions and output. However, the author alone is responsible for the views expressed in the paper, World Fish Center or any partner of the project do not bear any responsibility for any of the Views or comments.

* Scientist (Resource Economist), World Fish Center, Bangladesh and South Asia Office, Banani, Dhaka

1. The River Fisheries in Bangladesh: The "Commons Dilemma" Persists

The open-access river fisheries in Bangladesh resembles the characteristics of "common-pool resources" where property rights are not clearly defined as to who can use these resources and who can regulate it. The history of administrative and legislative measures since 1950 bears a "contradiction and dilemma in government policies.[3] that could not contribute to devolve into effective participatory institution at the resource user level. The Fisheries Conservation Act of 1950 provided management responsibilities to the Ministry of Land (MOL) and enforcement of fisheries law to the Department of Fisheries (DoF) without adequate power of convicting the offenders. Nevertheless, the Act mainly focused to protect few important species like carps and hilsha fish from premature catch rather than focusing on the modem fisheries conservation and management that can protect other indigenous species and the fish habitats. The gear restriction provisions provided by the Act cannot keep pace with the innovations in using gears that are more destructive.

Since 1950, the MOL managed these resources with the objective of raising revenue by providing short-term access rights to the highest bidders through auction, not necessarily to the fishers. The proclamation of 1973 restricted the lease to the registered fisheries cooperatives without changing the revenue-focused strategy. The introduction of the experimental New Fisheries Management Policy (NFMP) in selected 270 water bodies in 1986 could not yield intended result to restrict open-access through issuing license to the "genuine" fishers. Under the NFMP, the DOF and a few NGOs joined hands in fisheries management. One of these projects was the "Improved Management of Open water Fisheries" (IMOF) implemented by the DOF in collaboration with four NGOs with the financial assistance from the Ford Foundation. The World Fish Center (formerly known as ICLARM) provided technical support to the project. Experience of the project suggest that although licensing provided limited gains in achieving equity (Aguero and Ahmed (1989), most of the benefits were diverted to the ex-leaseholders who in many instances were able to retain control by advancing funds to pay license fees (Pomeroy and Viswanathan 2003). The new policy contributed to grow a class of rent seeking powerful non-fishers who managed to procure the licenses and created a type of "patron-client" relationships in which real fishers lost their traditional access to the resources. In

[3] Pomeroy and Viswanathan, 2003. Fisheries and Co-management in Southeast Asia, In "The Fisheries Co management Experience: Accomplishments, Challenges and Prospects" eds. D.C. Wilson, J.R. Nielsen and P. Depbol, Kluwer Academic Publishers, Dordrecht/Boston/London.

1995, government abolished the licensing system and continued to rely on the revenue-oriented policy. Therefore, dilemma of the commons accumulated over the years and continues to persist and the result is over fishing. In addition, increasing fishing pressure due to exploding population growth, anthropogenic causes, siltation and trans-boundary water sharing problems aggravated the resource degradation. Its productivity has been declining every year; many of the indigenous species are either extinct or nearly extinct. Declining catch from open waters has made the livelihoods of the poor fishers worse. this paper is an attempt to review the experiences of project base alternative management approaches in river fishery and how these experiences are useful in designing institutional framework for management.

2. Commons Dilemma: Melting the Ice

The most important characteristic of the common-pool resources is the "subtractabilty of resourceunits once extraction occurs"[4]. That is ones harvest from the resource unit subtracts from the amount left at any point in time that creates rivalry in consumption among the resource users. Another feature of these resource systems is the impossibility of excluding beneficiaries once improvement of any set of resource unit had been made. This is the classic case of "free ridee, problem in collecting revenues once a public good is provided. Experimental psychologists and game theorists explain this individual behaviors by playing one shot Prisoner's Dilemma game with the assumption that each individual in the society pursue his self interests, that is competing with each other, and the end result is over extraction of resources or "tragedy of commons" as emphasized by Hardin (1968) in his celebrated article "The Tragedy of Commons". Implications of this theoretical development had been to establish private property rights in the resource system and the obvious solution was the introduction of leasing system. This made the government defacto owner and manager of the common resources. History of resource management until late 1990s echoed the one shot prisoners' dilemma game, which could little solve the commons dilemma.

Throughout the 1970s and 1980s, social scientists, experimental psychologists examined the factors that influence cooperation across a range of social dilemmas

4 Dietz, T., Dolsak, N., Ostrom, E., and Stem, P.C. 2002. The Drama of the Commons, In "The Drama of the Commons", eds, Ostrom, E, Dietz, T., Dolsak N., Stem, P.C., Stonich, S., and Weber, E.U. National Academy Press, Washington, DC.

including commons dilemma (Olson,1965); Kelley and Stahelski, 1970; Kelley and Grezlak, 1972; Dawes, et al., 1977)*. These, theoretical developments suggest that the individuals' decision not only determined by his self interested motives but also by social motives and "altruism", that is individuals take others' welfare into account. Kelley and Stahelski (1970) identified two types of personalities using repeated prisoners' dilemma game "cooperative" and "competitive". Now the baffling question is how and under what circumstances the "competitive" individuals become motivated to extend cooperation. Experimental research suggests that cooperative behavior may be achieved through a "payoff structure" that will provide rewards and punishment (Van Lange et al., 1992). Gatcher and Fehr (1999) moved beyond the economic rewards to examine the effects of social approval on people's willingness to participate in cooperative games. Social approval yields optimum results when participants in the resource units have the opportunity to interact over time and the participants belong to group. This emphasizes the importance of communication within group members that enhances group solidarity, elicits commitments to cooperate (Kopelman et al., 2003).

Empirical research provides evidences of successful resource management in different parts of the world that devised community-based management or co-management institutions applying the above theoretical developments over the past two decades. Reviewing the stories of implementation of co managed institutions all over the world, Agarwal (2003) concluded that successful institutions are those "that last over time, constrain users to safeguard the resource and produce fair outcome". This means that the common property arrangements can result in efficiency, equity and sustainability, but all these come at a cost. The features of sustainable common property institutions can be summarized below:

- Information sharing and communication
- Networking of stakeholders
- Equal participation (homogeneity of identities and interests)
- Shared norms
- Built-in incentive structure both moral and material
- Appropriate leadership/democratic values
- Interdependence among group members and group solidarity
- Accountability and transparency in financial management and decision making

3. CBFM Experience in Bangladesh

3.1. Background

The experience of IMOF project that was implemented to support the NFMP provided important insights about the importance,~ of collaboration between NGOs and DOF, and only NGOs has the capacity to organize effective participatory institutions of fishers for collective management. This led to a more flexible community-based approach, which strengthened NGO involvement through the CBFM Projects phase I and 2. The World Fish Center has been playing a vital role by providing technical and research support. The phase I was initiated in late 1995 and continued until July 1999. It worked in 19 widely scattered water bodies (10 rivers and 9 beels and baors) with the support from three NGOs and the DOF worked as the implementing agency. The project worked to empower fishing communities to become co-managers of these fisheries, and to ensure a more equitable distribution of benefits from fishing.

Although the CBFM-I proved effective in establishing participatory management of fisheries and providing equitable distribution of benefits, sustainability of the community organizations and its coordination across extensive inland floodplains and appropriate CBFM models for various social and environmental conditions remained unanswered. The CBFM-2 was designed in response to these lessons, needs and policy issues with funding from Department for International Development (DFID). The goal of the CBFM-2 project is to improve livelihoods of the poor people dependent on inland aquatic resources through testing and assessing arrangements for user-based (community-based) fisheries management across the diversity of inland fisheries in Bangladesh, and by informing and facilitating appropriate changes in policy. The CBFM-2 is being implemented through a partnership of Department of Fisheries (DoF), World Fish Center and I non-government organizations (PNGOs). The project has been successful in mobilizing fishers and communities for fisheries management and capacity building over the last four years. It has covered 117 water bodies including 14 CBFM- I sites spread over in 47. Upazillas of 22 districts. In addition, 17 water bodies have been selected as control to assess the impact of CBFM approaches and interventions.

The project is testing three institutional approaches for fisheries management. Fisher managed approach is being largely implemented in government khas water bodies that involves lease payment to the* government revenue department. Beneficiaries and management committee members are absolutely fishers who

were selected based on project set criteria. Community led approach is mostly applicable in flood plains where most of the lands are belong to private owners and therefore, support from all concerned including the larger community is essential in establishing fisheries management. The water body management committee includes all stakeholders although much weight is given to fishers who have fishing as their primary occupation. The third approach involves women as the dominant stakeholders although other stakeholders are eligible to participate in either the management committee or the advisory committee as members. The overall leadership belongs to the women members and the poor women have the access to project support such as training and credit.

3.2. Institutions and Fisheries Management

Community Based organizations (CBOs) are in place in all the project water bodies and receiving continued support from the PNGOs to enhance their capacity in fisheries resources management, leadership development, financial management and alternative income generating activities, etc. As part of providing legal status, 117 out of total 136 CBOs have been registered with the relevant government entities (Department of Social Welfare or Department of Cooperatives). Forty-nine CBOs constructed community centers with the partial assistance from the PNGOs; CBOs donated land and the PNGOs provided construction costs of the structure. Cluster management established in 13 clusters covering 80 water bodies. The CBOs and the beneficiaries received trainings to enhance their management skills and income generating activities. The project has so far organized 23,096 poor fisher families around rivers, closed beels, open beels and floodplains. In addition, the project provided indirect benefits (secondary and tertiary) to 113,029 beneficiaries.

The project has made significant contribution in fisheries management and habitat restoration in the working water bodies. Project beneficiaries and the community are practicing sustainable fisheries management by creating sanctuaries, protecting illegal and destructive fishing, stocking indigenous fish that are extinct and banning fishing during spawning season. The project has successfully established fisheries management principles in 117 water bodies. The project efforts enabled community leaders and local government officials to resolve problems and conflicts. One hundred sixty four sanctuaries have been established in 81 project water bodies. Conservation measures such as 3 months' ban period in each year, restriction of harmful gear, prohibition of kuas and kathas (fish aggregation devices) in floodplains are also being implemented. Substantial

progress has been made in disbursing micro-credit for alternative income generating activities (AIGAs) to the beneficiaries. Almost 93% of the principal amount has been disbursed and evidences (in the form of case studies) show that there is a link between AIGAs and reduction of fishing pressure.

3.3. Institutional Sustainability

Sustainability of the CBOs has been an issue since the beginning of the CBFM-2 project. The only way to assess the sustainability of the CBOs is to withdraw project support from the water bodies. The project severed from the CBFM-1 water bodies (14) during August- September 2005. These water bodies are under periodic monitoring about their performance. Monitoring results suggest that almost all the CBOs are performing well and a sense of self-dependency has been created across the CBO leaders and beneficiaries. They are conducting regular meetings, keeping meeting minutes and financial records. NGO workers have limited activities that are confined to credit. CBOs are maintaining linkages with the local elites and local government agencies and they are happy about the cooperation they are receiving from the DOF and other local government agencies.

To strengthen the scope of CBFM institutional framework the project organized CBO networking committees both at the regional and national levels. All the committees are still ad hoc. A draft constitution for the CBO networking national committee has been drafted with the help of BELA. The national committee will be registered with the social welfare department of the government of Bangladesh. The registration process is being held up as the government temporarily stopped new registration.

3.4. Impacts

The project is not yet prepared to provide conclusive results on its impacts. Full four year cycle of monitoring data are now available and are being analyzed. We are expecting to provide conclusive results on impacts of CBFM once the impact survey is completed. However, partial analysis of catch monitoring and gear survey data of 22 water bodies until 2004 provides good indications about productivity and biodiversity increase in the project water bodies. Preliminary analysis show that fish production increased by 132% and 40% in closed water bodies and river systems as compared to the base period 1997, and the same increased by 45% and 72%, in semi-closed and floodplains, respectively as compared to the baseline year 2002. A difference in productivity is also observed

between project and control water bodies. Average fish production per man hour in the closed, open, floodplain water bodies and river system during 20032004 showed 0.51, 0.40, 0.56 and 0.44 kg/man-hour for the project sites and 0.28, 0.31, 0.27 and 0.34 kg/man/hour for the control sites, respectively. Species diversity also increased compared to baseline year.

Although improving the livelihoods of the beneficiaries is the major objective of the project, the project impact on livelihoods is not straightforward. Pathways of impacts on the livelihoods follow building of capable institutions to establish access rights and to introduce fisheries management that will enhance production. Benefits to the poor fishers will follow through the establishment of access rights and distribution of increased production. Provisional results on the livelihood impacts based on income expenditure and consumption monitoring data until 2004 and few interim surveys and case studies suggest that 68% of the project fishers' income has increased, and the magnitude of the increase in income is 26%. Forty four percent of the control fisher indicated that their income increased by 14%. Similarly all other indicators including the food security and basic necessities showed improvement, and the rates of improvement were higher for the project fishers.

3.5. Partnership and Linkages

The basic strength of the CBFM-2 project lies with the solid foundation of partnerships between government agencies, NGOs and the "WorldFish Center. This partnership provided the opportunities to learn from core strength of each other. Nine out of I NGOs have been implementing the CBFM-2 project activities at the field level directly working with the communities. Between the two specialized PNGOs, FemCom. is responsible for providing media and message dissemination support. BELA, a legal NGO provides legal support to the project and project beneficiaries and to DOF/MOFL to frame new laws. World Fish Center has three types of roles: overall coordination, research, monitoring and capacity building support. Role of DOF in the project is to ensure government revenue collection from the leased water bodies, providing and facilitating local administrative support to protect the fishers' user rights, and providing technical advice to communities for sustainable fishery management.

Although the project partnership has much strength, it has many weaknesses and challenges. Field level DOF staff lacks resources and time to provide their full potential in CBFM activities. As member of government bureaucracy, in addition to their normal departmental duties they have to maintain local administrative

protocols and have to participate in local level administrative duties assigned by the Thana or district administration. Therefore, it is hard for them to keep up with the project activities. Nonetheless, the quality of partnership at the field level very much depends on quality and perception of the individual. In some instances, the project could not realize enough support the District and Thana level officers. As a result, the project had to drop four water bodies in 2005.

Similarly, field level implementation of CBFM activities and establishing better links with local administration and community at large to minimize shocks and conspiracy of the vested interests are to some extent depend on the personality, character and capacity of the assigned NGO worker. Politicization of NGOs has made the field level implementation worse in few cases as the local elites/leaseholders take advantage of the politically week position of the NGOs. In such situation, local level administration is also reluctant to take any positive action when something becomes too political. Despite weaknesses, the CBFM-2 project has accomplished most of its objectives through this partnership.

4. CBFM Experiences in River Fishery Management

As the River fishery is open-access public property, resource appropriation is not subject to revenue payment. Mobility of the fish resources and heterogeneity of the stakeholders in the River system have made management and institution building process complex, and require participation of all concerned stakeholders including local government institutions and administration. The most prominent beneficiaries (also stakeholders) of the river system are the poor fishers (dependent on fishing); rich fishers who can afford most efficient but destructive fishing gears, katha/kua owners (mostly rich and influential) and the subsistence fishers (only fish for consumption). Implementation of any fisheries management in river sections should have built-in incentive structure that motivates agents to introduce fisheries management through collective action. A flexible and inclusive institutional framework allows actors with diverse interests to come into a common platform to pursue their common goals. Actors/agents in such institutions are able to negotiate their interests and expected to reach to an agreement that is close to Pareto Optimal. A positive feature of such institutions is its ability to facilitate flow of information among agents, which is a key to maintain solidarity of the group.

CBFM-2 river fisheries management follows this inclusive and broad based institutional framework to include the community at large and the local government along with the direct beneficiaries and resource users. However, the

